—ভারতের এই প্রাদেশিক স্বাতন্ত্র্য ও মিলন, সাম্রাজ্যের এক মহামিলনের অঙ্গীভূত। সমগ্র ভারত-সম্রাজ্যের ভিতরে একটা বিরাট অঙ্গের মত অবস্থান করিয়া নিজের স্বাতন্ত্র্য রক্ষার সঙ্গে সঙ্গে, সাম্রাজ্যের বল, সমৃদ্ধি ও গৌরব বৃদ্ধি করিবে।

—প্রত্যেক স্বতন্ত্র জাতির স্বাধীনতার সার্থকতা সমগ্র মানবজাতিকে উন্নতির পথে সাহায্য করিবার উপর নির্ভর করিতেছে।

—জাতিতে জাতিতে মিলন—পৃথিবী-পৃষ্ঠে ব্যাকুল মানবাত্মার শান্তি আনয়ন করিবে।

**বন্দে মাতরম্।**

# ভাঙ্গিতে চাই কেন ?

[ গত ১৯১৯ খৃষ্টাব্দে নূতন শাসন পদ্ধতি প্রচলিত করিয়া গভর্ণমেণ্ট ভারতবাসীকে বুঝাইবার চেষ্টা করিয়াছেন, ভারতবাসীর আকাঙ্ক্ষিত পূর্ণ স্বায়ত্তশাসন বা স্বরাজ এই সংস্কার হইতে উদ্ভূত হইবে। কংগ্রেস সে কথা অস্বীকার করেন। কংগ্রেসের মতে এই নব প্রবর্ত্তিত শাসনসংস্কারের মধ্যে স্বরাজের বীজ নাই। এই মতবাদ হইতেই অসহযোগ আন্দোলনের উৎপত্তি। যদিও দেশের শাসনভার কতক পরিমাণে দেশের বিশ্বস্ত প্রতিনিধিগণের নির্ব্বাচিত মন্ত্রিগণের হস্তে ন্যস্ত করা হইয়াছে, তথাপি কার্য্যতঃ এই মন্ত্রিগণের হাতে কোন প্রকৃত ক্ষমতা দেওয়া হয় নাই। মন্ত্রিগণ যে কয়টি বিভাগের পরিচালনভার পাইয়াছেন, তাহাতে প্রজার কল্যাণসাধনের উপযুক্ত কোন ক্ষমতা তাঁহাদের হাতে দেওয়া হয় নাই। তাঁহাদের অধীনস্থ কোন বিভাগে কোন প্রজাহিতকর অনুষ্ঠান করিতে ইচ্ছা করিলেও তাঁহাদের সে ইচ্ছা কার্য্যে পরিণত হইবার কোন উপায় নাই; কারণ, রাজকোষের উপর তাঁহাদের কোন অধিকার নাই। শাসন-যন্ত্রটি গভর্ণমেণ্ট দুই অংশে বিভক্ত করিয়াছেন। এক অংশের কর্তৃত্বভার এই মন্ত্রিগণের হাতে ও অপরাংশের কর্তৃত্বভার গভর্ণমেণ্টের মনোনীত সদস্যগণের হাতে ন্যস্ত। বাহ্যতঃ কতকগুলি বিভাগের পরিচালনভার এই মন্ত্রিগণের হাতে থাকিলেও কার্য্যতঃ শাসন, সংরক্ষণ, উন্নতিবিষয়ক যাহা কিছু ক্ষমতা, সে সমস্তই গভর্ণমেণ্টের অপরার্দ্ধে, অর্থাৎ গভর্ণমেণ্টের মনোনীত সদস্যগণ-পরিচালিত বিভাগে সম্পূর্ণভাবে অবস্থিত। এই দ্বৈতশাসন-প্রণালী দ্বারা ভারতবাসীকে স্বায়ত্তশাসন বা স্বরাজলাভের যোগ্যতা দান করা গভর্ণমেণ্টের অভিপ্রায়, এ কথা কংগ্রেস স্বীকার করেন না। এই জন্য কংগ্রেসের অন্তর্গত স্বরাজ্য দল এই দ্বৈতশাসনপদ্ধতির উচ্ছেদকল্পে মহাত্মা গান্ধীর অনভিপ্রায় সত্ত্বেও কাউন্সিলে প্রবেশ করেন এবং অচিরে বাঙ্গালা ও মধ্যপ্রদেশে সাফল্য লাভ করেন। দেশে অনেক গণ্যমান্য লোক আছেন, যাঁহাদের বিশ্বাস, তাঁহারা সহজ—স্বরাজ্য দল এই দ্বৈতশাসন বিনষ্ট করিয়া দেশের অমঙ্গলই করিতেছেন, এই শাসন-সংস্কারে ভারতবাসী স্বায়ত্তশাসনের যে সামান্য অধিকার পাইয়াছে, তাহাও স্বরাজ্য দলের নির্বুদ্ধিতায় বিনষ্ট হইয়া যাইবে। এই ভ্রান্ত বিশ্বাস দূর করিবার জন্য দেশবন্ধু চিত্তরঞ্জন বহুবার চেষ্টা করিয়াছিলেন; তাঁহার শেষ চেষ্টা ও এ সম্বন্ধে তাঁহার শেষ উক্তি বাঙ্গালার কাউন্সিলে মন্ত্রিগণের বেতন মঞ্জুর করার প্রস্তাব উপলক্ষে বিজয়গৌরবে ঘোষিত হয়। নিম্নে সেই সারগর্ভ, মর্ম্মস্পর্শী বক্তৃতার অনুবাদ প্রদত্ত হইল। ]

আমার শরীর অসুস্থ; তথাপি কাউন্সিলের সমক্ষে আজ যে প্রস্তাব উপস্থিত হইয়াছে, সে সম্বন্ধে দুই একটি কথা না বলিয়া আমি থাকিতে পারিতেছি না। আমার কয়েক জন বন্ধু শ্রীযুক্ত ফজলুল্ হক্ মহাশয়ের বক্তৃতার তীব্র সমালোচনা করিয়াছেন। তিনি ও আমি বিষয়টি সম্পূর্ণ বিভিন্ন দিক হইতে দেখি। কিন্তু তাঁহার মতের ভিত্তি কি, তাহা অনেকে কেন দেখিতে পান না, তাহা আমি বুঝি না। আমি তাঁহার সহিত একমত নহি, তবুও তাঁহার মতবাদের ভিত্তি কি, তাহা আমি বুঝি। দ্বৈতশাসন-পদ্ধতির পক্ষে আজ যে সমুদায় যুক্তি প্রদর্শিত হইয়াছে, তাহার মর্ম্ম এই—যে সকল বিভাগের কর্তৃত্ব মন্ত্রিগণের হাতে দেওয়া হইয়াছে এবং যাহা দ্বারা আমাদের জাতীয় জীবন গড়িয়া তুলিতে পারা যায়, তাহা আমরা কেন দেশের উন্নতিকল্পে কাজে লাগাইব না? কেন সাধারণ প্রজাগণের হিতসাধনের, কৃষি-শিল্পিগণের কল্যাণসাধনের সুযোগ নষ্ট করিব? শ্রীযুক্ত ফজলুল্ হক্ মহাশয় বলিতে চান যে, মন্ত্রিগণ যতক্ষণ কায়েমী

না হন, দেশের হিতসাধনের জন্য তাঁহাদের যে সামান্য ক্ষমতা আছে, তাহা কার্য্যে পরিণত করার উপযুক্ত অবসর তাঁহারা যতক্ষণ না পান, ততক্ষণ সে চেষ্টা করা বৃথা। এ মতের তাৎপর্য্য আমি বুঝি, এবং আমার মত সম্পূর্ণ বিভিন্ন হইলেও, ইহাকে আমি সম্মানের সহিত আলোচনা করিতে প্রস্তুত। কিন্তু সার প্রভাসচন্দ্র মিত্র মহাশয়ের মত আমার পক্ষে দুর্বোধ। তিনি কি বলিতে চান? হক্ সাহেব দ্বৈতশাসনের উপকারিতায় বিশ্বাস করেন। মিত্র মহাশয়ের সে বিশ্বাস নাই! সে কথা তিনি কখনও গোপন করেন নাই, আজ এই কাউন্সিলেও সে কথা বলিয়াছেন। তিনি যে সাক্ষ্য দিয়াছেন, তাহা হইতে তাঁহার উক্তি উদ্ধৃত করিতেছি। তিনি বলিয়াছেন—"আমার বিবেচনায় দ্বৈতশাসন এ দেশে একদম নিষ্ফল হইয়াছে। আমার আরও বিশ্বাস যে, ভবিষ্যতে দ্বৈতশাসনপদ্ধতি চালান ক্রমেই বেশী দুরূহ হইয়া উঠিবে।" মিত্র মহাশয় মৌখিক সাক্ষ্য দিবার সময়ও বলিয়াছেন—"দ্বৈতশাসনপ্রণালী আমি পূর্ব্বেও চিরদিন অহিতকর বিবেচনা করিয়াছি।" তথাপি এখন তিনি এক 'অনির্দ্দেশ্য নীতির দোহাই পাড়িতেছেন। আমি তাঁহাকে জিজ্ঞাসা করি, কোন্ নীতির বলে মানুষ বলিতে পারে—"আমি চিরদিন দ্বৈতশাসন অকল্যাণকর বিবেচনা করি, এ শাসনপদ্ধতিতে আমার কোন আস্থা নাই, এ যন্ত্র চালান চলে না, তথাপি ইহাকে চালাইবার ভার আমি লইতে প্রস্তুত?" যদি আপনি দ্বৈতশাসন-যন্ত্র চালাইবার জন্য প্রস্তুত থাকেন, তাহা হইলে ইহা হইতে আপনি যত সামান্যই হউক, কিছু কল্যাণের আশা আছে মনে করেন, মানিতে হইবে; এবং যদি বিন্দুমাত্র কল্যাণের আশা আছে মনে করেন, তাহা হইলে কেন বলেন, এ শাসন-পদ্ধতিতে আপনার আস্থা নাই—ইহা চালাইবার অযোগ্য? কোন্ যুক্তিবলে এরূপ অদ্ভুত পন্থা অবলম্বন করিতেছেন, আমি বুঝি না। দ্বৈতশাসন যদি সত্যই অকল্যাণকর বলিয়া আপনার ধারণা হইয়া থাকে, তাহা হইলে শুধু মুখের কথায় নয়, কার্য্যের দ্বারা তাহা সপ্রমাণ করুন। আজ এই সম্পর্কে আপনারা যে ভোট দিবেন, গভর্ণমেণ্ট তাহাই আপনাদের জ্ঞান ও বিশ্বাসের নিদর্শনরূপে গ্রহণ করিবেন। যদি বলেন, দ্বৈতশাসন অন্যায়, তথাপি 'যা পাওয়া যায়' এই হিসাবে ইহাতে বাঁধ লাগাইব—তাহা হইলে আমি বলিব, যদি কিছুমাত্র উপকারিতা থাকে—যাহা আমি সম্পূর্ণ অস্বীকার করি—তাহা হইলে ইহাকে নিন্দা করার অধিকার আপনার নাই। কিন্তু যদি ইহার উপকারিতা স্বীকার না করেন, যদি দ্বৈতশাসন দেশের পক্ষে অকল্যাণকর বিবেচনা করেন, তাহা হইলে মানুষের মত জোর করিয়া বলুন—'দ্বৈতশাসনে আমার আস্থা নাই, ইহার সঙ্গে আমার কোন সংস্রব নাই, কোন যোগ নাই, আমি কোন আনুকূল্য করিতে চাই না, কারণ, এ শাসনপদ্ধতি হইতে আমার দেশের কোন কল্যাণ সাধিত হইতে পারে না।' মিত্র মহাশয় এ পন্থা অবলম্বন করিলে আমি তাহার তাৎপর্য্য বুঝিতে পারিতাম। কিন্তু তিনি তাহা করেন নাই।

স্বরাজ্য দলের মতবাদ সম্বন্ধে শুধু আজ নয়, বহুবার এবং পুনঃ পুনঃ বহু সমালোচনার বাণ বর্ষিত হইয়াছে। আমার আশ্চর্য্য বলিয়া বোধ হয় যে, এই সমালোচকগণ ক্রমাগত নিষ্ফল সমালোচনা করিয়া ক্লান্তি বোধ করেন না। বার বার একই কথা বলায় মনে হয়, ইঁহারা স্বরাজ্য দলের মতবাদ ও সেই মতবাদের পোষকে যে সাহিত্য সৃষ্ট হইয়াছে, সে সম্বন্ধে কিছুই জানেন না। ইঁহারা বলেন, স্বরাজ্য দলের একমাত্র কথা—'ধ্বংস কর, ধ্বংস কর। ধ্বংস ছাড়া এই দলের আর কোন কাজ নাই।' কিন্তু কথা এই, সমালোচকের দল স্বরাজ্য দলের কথা এত কম বোঝেন যে, ইঁহাদের

সমালোচনার উত্তর দেওয়া আমি সহজ বিবেচনা করি না। আমরা ধ্বংস করিতে চাই কেন? কি ধ্বংস করিতে চাই? যে শাসনপদ্ধতি আমার এ দেশের কোনও মঙ্গল করে না, করিতে পারে না, আমরা তাহাকে ধ্বংস করিতে চাই। আমরা এই শাসন যন্ত্র ভাঙ্গিতে চাই, কারণ, আমাদের উদ্দেশ্য, ইহার স্থলে আমরা এমন যন্ত্র প্রস্তুত করিব, যাহার দ্বারা আমরা দেশের আপামরসাধারণের কল্যাণ সাধিত করিতে পারি। আপনারা কি শপথ করিয়া বলিতে পারেন যে, বর্ত্তমান শাসনপদ্ধতির দ্বারা আমাদের দরিদ্র দেশবাসিগণের কোনও উপকার করিতে পারেন? এই দ্বৈতশাসন-প্রণালী মানিয়া সার প্রভাসচন্দ্র মিত্র মহাশয়ের মত যোগ্য ব্যক্তির মন্ত্রিত্বাধীনে দীর্ঘ তিন বৎসর কাজ করিয়া আপনারা কি দেখিয়াছেন? কি করিতে সমর্থ হইয়াছেন? দরিদ্র জনমণ্ডলীর কোন উপকার-সাধন করিয়াছেন? তাহারা কি এতটুকুও বেশী শিক্ষালাভ করিয়াছে? এতটুকুও মনুষ্যত্বের পথে অগ্রসর হইয়াছে? তাহাদের আর্থিক অবস্থার কি কোনও উন্নতি হইয়াছে? না,—এ সকল কিছুই করিবার আপনাদের ক্ষমত নাই, তাহা আপনারাও জানেন; সুতরাং এই অবস্থায় আপনাদের দ্বারা দেশের কোনও উপকার হইবে না। মন্ত্রিগণের হাতে ক্ষমতা দেওয়া হইয়াছে, দায়িত্ব দেওয়া হইয়াছে ইত্যাদি শুনা যায়; কিন্তু অর্থাভাবে সে ক্ষমতা ও দায়িত্ব সম্পূর্ণ নিরর্থক। যে সকল বিভাগে জাতীয় উন্নতিসাধন করা যাইতে পারে, জাতীয় জীবন-গঠনের সহায়তা করা যাইতে পারে, তাহা মন্ত্রীদের হাতে; কিন্তু রাজকোষের উপর তাঁহাদের কোনও অধিকার নাই। সে অধিকার দেওয়া হইয়াছে গভর্ণমেণ্টের অপরার্দ্ধে—সরকারী সদস্যগণের হাতে। এই সদস্যগণ টাকা না দিয়া মন্ত্রিগণের দেশহিতকর সমস্ত অনুষ্ঠান নিবারিত করিতে পারেন। এই অবস্থায় দেশের লোক যদি মন্ত্রিগণকে দোষ দেয়, গভর্ণমেণ্ট অনায়াসে বলিতে পারেন—'এই দেখ বাপু, তোমাদের মন্ত্রীদের কাজ' কি চমৎকার ব্যবস্থা! কেহ কেহ মনে করেন, এই অবস্থাতে গভর্ণমেণ্টের সহায়তা না করিলে যে সকল বিভাগের কর্ত্তৃত্ব-ভার মন্ত্রিগণের হস্তে ন্যস্ত হইয়াছে, গভর্ণমেণ্ট তাহা প্রত্যাহার করিতে পারেন। যদি প্রত্যাহার করেন, তাহাতে দেশের কি ক্ষতি? গভর্ণমেণ্ট স্বহস্তে সেই সকল বিভাগের কাজ চালাইলে যদি দেশের কোনও উপকার না হয়, তখন সে জন্য দেশ আর মন্ত্রিগণকে দায়ী করিতে পারিবে না। মন্ত্রিগণও মুক্তকণ্ঠে বলিতে পারিবে—"আমাদের হাতে টাকা ছিল না, কাজেই দেশের কোনও উপকার করিবার শক্তি আমাদের ছিল না।" যাঁহারা আমাকে জিজ্ঞাসা করেন, আমি কেন ভাঙ্গিতে চাই, তাঁহাদের আমি বলিব, এই জীর্ণ অকর্ম্মণ্য ইষ্টকস্তূপ ভূমিসাৎ না করিলে তাহার স্থানে মনোরম সুদৃশ্য সৌধ নির্ম্মাণ করা অসম্ভব। নির্ম্মাণের আর অন্য কি উপায় থাকিতে পারে? ধ্বংস ধ্বংস বলিয়া যাঁহারা নাসিকা কুঞ্চিত করেন, আমার মনে হয়, তাঁহাদের কথার কোনও অর্থ নাই। কারণ, আমরা শুধু ধ্বংসের জন্য ধ্বংস করিতে চাহি না। স্বরাজ্য দলের সভ্যগণ শুধু ধ্বংস করিতে চান, এ কথা বলিলে তাঁহাদের উপর ঘোরতর অবমাননা প্রদর্শন করা হয়। তাঁহারা ভাঙ্গিতে চান সত্য, কিন্তু সে কেবল গড়িবার জন্যই। বর্ত্তমান গভর্ণমেণ্টের কাজে আমরা বাধা দিই, তাহার উদ্দেশ্য, আমরা গভর্ণমেণ্ট সংস্কৃত করিয়া, নূতন করিয়া গড়িবার অবসর খুঁজি। আমার মনে হয়, এ নীতি অতি সহজ; ইহা আমার বন্ধুগণের নিকট এত দুর্ব্বোধ বলিয়া কেন ঠেকে, তাহা আমি জানি না। যে কোন দেশের ইতিহাসের দিকে দৃষ্টিপাত করুন, ইংলণ্ডের ইতিহাস পড়ুন, দেখিবেন, ঠিক এই একই নিয়মে

সেই সকল দেশে রাষ্ট্রীয় জীবন গঠিত হইয়াছে। অবাধ রাজশক্তিকে প্রতিহত না করিয়া কোনও দেশেরই প্রজাবর্গ রাষ্ট্রশক্তির অধিকারী হয় নাই। অমাদের দেশের শাসনপদ্ধতি অধর্ম-মূলক ও অকল্যাণকর। যে উপায়ে ইংলণ্ডের প্রকৃতিপুঞ্জ স্বাধীনতা অর্জ্জন করিয়াছে, সে উপায় এই দেশে অবলম্বিত হইলে তাহা নিন্দিত হইবে। স্বরাজ্য দল তাহা অবলম্বন করিতেছে, ইহাই কি তাহার কারণ?

কেহ কেহ আমাকে একটি প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন। আমি আপনাদের আর অধিক সময় লইতে ইচ্ছা করি না, কারণ, আমি বিশেষ শ্রান্তি বোধ করিতেছি। প্রথমতঃ সার প্রভাস মিত্র ও আর কয়েক জন বক্তা সহযোগিতা-নীতির উচ্চ গুণগান করিয়াছেন। আমি সহস্রবার বলিয়াছি এবং এখনও পুনরায় বলিতেছি যে, আমি সহযোগিতার বিরোধী নহি; স্বরাজ্য দলের কোনও লোকই নহে। কিন্তু বর্ত্তমান শাসন-পদ্ধতির অধীনে গভর্ণমেণ্টের সহিত সহযোগিতা করা অসম্ভব। সহযোগিতার অর্থ কি দাসত্ব? গভর্ণমেণ্ট কি কিছু ত্যাগ করিতে প্রস্তুত? না, গভর্ণমেণ্ট সর্ব্ববিষয়ে নিজের জিদ বজায় রাখিবেন; কাজেই এই অবস্থায় সহযোগিতার অর্থ, ভারতবাসিগণ তাহাদের ইচ্ছা, আকাঙ্ক্ষা ও নীতি জলাঞ্জলি দিয়া সর্ব্ববিষয়ে গভর্ণমেণ্টের নিকট মস্তক অবনত করে। আমি কিন্তু সহ-যোগিতার এই অর্থ জীবনে কখনও শিক্ষা করি নাই। গভর্ণমেণ্টের সহিত সহযোগিতা করিতে আমি প্রস্তুত, কিন্তু আমি চাই, আপনারা আমাকে সত্য ও আন্তরিক সহযোগিতার পথ প্রদর্শন করুন। বর্ত্তমান অবস্থায় সে পথ আছে বলিয়া আমি মনে করি না। আমরা তখনই সহ-যোগিতা করিতে পারি, যখন আমরা দেখিব, গভর্ণমেণ্টের সহিত আদান-প্রদান সম্ভব, যখন আমরা দেখিব, গভর্ণমেণ্টের অন্তঃকরণে প্রজাগণের দুঃখ-দৈন্য দূর করিবার জন্য সত্য ইচ্ছা জাগিয়াছে, যখন দেখিব, গভর্ণমেণ্ট ভারতবাসীর ন্যায্য অধিকার স্বীকার করিতে প্রস্তুত। বর্ত্তমানে আপনারা কি তাহার কোন লক্ষণ দেখিতে পাইতেছেন? আমি গভর্ণমেণ্টের সেরূপ কোন ইচ্ছার অস্তিত্ব অনুভব করি না—পক্ষান্তরে, স্বাধীনতার আকাঙ্ক্ষায় ধ্বনিত প্রত্যেক কণ্ঠ রুদ্ধ, স্বাধীনতালাভের জন্য প্রত্যেক ক্ষুদ্র চেষ্টা নিন্দিত। আমাদের মুক্তির জন্য আমরা যাহা কিছু করিতে চাই, তাহা ঘৃণিত অপরাধ বলিয়া গণ্য। দেশের এই অবস্থা, আমাদের এই অবস্থা। এই অবস্থায় আপনারা আমাকে গভর্ণমেণ্টের সহিত সহযোগিতা করিতে বলেন? যাহারা বলেন, আপনাদের সহিত সহযোগিতা করিতে তাঁহারা প্রস্তুত, আমার মনে হয়, তাঁহারা সত্য গোপন করেন। বর্ত্তমান অবস্থায় আন্তরিক সহযোগিতায় কোনও পথ নাই। স্বরাজ্য দল সহযোগিতার বিরুদ্ধ এ কথা মুখে আনিবেন না। যে গভর্ণমেণ্ট সৎ, সম্মানার্হ এবং প্রজাহিতরত, সেরূপ গভর্ণমেণ্টের সহিত স্বরাজ্য দল সহযোগিতা করিতে সম্পূর্ণরূপে প্রস্তুত।

আমাকে এক জন জিজ্ঞাসা করিয়াছেন—"দ্বৈত-শাসন বিনষ্ট করিলে আমাদের কি লাভ হইবে?" ইহার উত্তরে পুরাকালে কৃষ্ণভক্ত জনৈক ঋষি তাঁহার শিষ্যের প্রশ্নের উত্তরে যাহা বলিয়াছেন, আজ আমার সেই কথা মনে পড়িতেছে। শিষ্য জিজ্ঞাসা করিয়াছিল—"কৃষ্ণদর্শনে কি লাভ?" উত্তরে গুরু বলিয়াছিলেন—'কৃষ্ণদর্শনই কৃষ্ণদর্শনের লাভ।" আমরা এরূপ রাষ্ট্রবিধান প্রতিষ্ঠিত করিতে চাই, যাহা প্রাণহীন হইবে না, যাহা আমাদের স্বাধীনতার সোপান হইবে, যাহার অধীনে ভারত-বাসী ভিন্নদেশীয় হিতৈষিগণকে প্রকৃত বন্ধু বলিয়া গ্রহণ করিতে পারিবে, আমি জোর করিয়া বলিব,

আমাদের বর্ত্তমান রাষ্ট্রীয় বিধানে সে সুযোগ নাই। আমাদের রাষ্ট্রীয়-জীবন আপদমস্তক অলীক অসত্যের ছায়ায় সমাচ্ছন্ন। দ্বৈতশাসন ধ্বংস করিতে পারিলে আমাদের এই লাভ হইবে যে, তাহার স্থলে আমরা সত্য সুন্দর রাষ্ট্র-বিধানের সৌধ নির্ম্মাণ করিতে সমর্থ হইবে। এ কথার সত্যতা উপলব্ধি করা আপনাদের পক্ষে সহজ হইবে, যদি আপনারা আভিজাত্যের সঙ্কীর্ণ অভিমান বর্জ্জন করিয়া সমগ্র ভারতবাসীর মঙ্গল ইচ্ছায় অনুপ্রাণিত হইতে পারেন। যদি আপনারা এই সহজ সত্য উপলব্ধি করিতে পারেন যে, রাষ্ট্র-বিধান বা গভর্ণমেণ্ট তখনই সার্থক, যখন তাহা জাতীয় জীবনের স্বাভাবিক অভিব্যক্তি এবং জাতীয় কল্যাণের প্রতিষ্ঠানস্বরূপ। এ কথা স্বীকার করিলে দ্বৈতশাসন ধ্বংসের শুভ পরিণাম উপলব্ধি করা আপনাদের পক্ষে কঠিন হইবে না।

আর একটি প্রশ্ন উঠিয়াছে, দ্বৈতশাসন ধ্বংস করার পর আমরা কি করিতে চাই? উত্তর—তাহা অবস্থার পরিবর্ত্তন ও পরিণতির উপর সম্পূর্ণ নির্ভর করিবে। আমরা কি করিতে চাই—বা কি করিতে চাই না, সে সম্বন্ধে আমরা কোনও কথা লুকাইতে চাই না। আজ যদি এই সভা প্রস্তাবিত বিষয় আমাদের বিপক্ষে মীমাংসা করেন, তাহা হইলেও আমাদের মতের কোনও পরিবর্ত্তন হইবে না। আমাদের বিশ্বাস, বর্ত্তমান শাসনপদ্ধতি অন্যায় ও অধর্ম্মমূলক এবং কোন সৎলোক আত্মসম্মান রক্ষা করিয়া এই গভর্ণমেণ্টের সহিত সহযোগিতা করিতে পারে না। স্বরাজ্য দলের এই সিদ্ধান্ত। এই জন্যই আজ আমি গভর্ণমেণ্টের প্রস্তাবে আপত্তি করিতেছি। যদি প্রস্তাব গৃহীত না হয়, গভর্ণমেণ্টের সম্মুখে দুইটি পথ আছে। যে সকল বিভাগ মন্ত্রিগণের কর্ত্তৃত্বাধীনে ন্যস্ত করা হইয়াছে, তাহাদিগের পরিচালন-ভার গভর্ণমেণ্ট স্বহস্তে লইতে পারেন। যদি করেন, তাহা আমাদের পক্ষে গৌরবজনক বিবেচনা করিব, কারণ, এরূপ গভর্ণমেণ্ট চালাইবার সম্পূর্ণ দায়িত্ব ও সমুদায় দোষভার গভর্ণমেণ্টের স্কন্ধে নিপতিত হইবে। এরূপ না করিয়া গভর্ণমেণ্ট বর্ত্তমান সদস্য-সভা (Council) ভাঙ্গিয়া দিতেও পারেন। তাহা করিলে আমি সন্তুষ্ট হইব, কারণ, তাহার ফলে—এবং সে কথা গভর্ণমেণ্ট বিলক্ষণ জানেন—স্বরাজ্য দলের সভাগণ আরও অধিক সংখ্যায় নির্ব্বাচিত হইয়া এই কাউন্সিলে ফিরিয়া আসিবেন। তাহাতে স্বরাজ্য দলের সুবিধা ও সুযোগ আরও বর্দ্ধিত হইবে। গভর্ণমেণ্ট যাহাই করুন, আমরা তাহাতে ভীত নহি;—আমাদের দেশবাসিগণ আমাদের সহায়। যাহাদের প্রশ্নের উত্তরে আমাকে এই সকল কথা বলিতে হইল, তাঁহারা মনে করেন, এই কাউন্সিলই আমাদের মুক্তির একমাত্র সোপান। তাহা নহে—আমি আজ জোর করিয়া বলিতেছি, তাহা নহে। আমাকে কেহ কেহ বলিয়াছেন, ইংলণ্ডের বর্ত্তমান রক্ষণশীল গভর্ণমেণ্ট ভয় পাইয়া কিছু করিবার পাত্র নহেন। আমাদের রক্ষণশীল ইংরাজ শাসনবিধাতৃগণ ভয় পাইবেন কি না, তাহা আমার আদৌ চিন্তার বিষয় নহে। ভয় দেখাইয়া তাঁহাদের নিকট কিছু আদায় করার প্রবৃত্তিও আমার নাই। কিন্তু ইহা নিশ্চয়—এই রক্ষণশীল গভর্ণমেণ্টও বিলক্ষণ জানেন যে,—জাতীয় আকাঙ্ক্ষা বলিয়া যে অমরশক্তি জাতির হৃদয়ে বিদ্যমান থাকে, তাহার সাফল্য কোন রকমেই রোধ করা যায় না। গভর্ণমেণ্ট রক্ষণশীলই হউক, বা উদারনীতিপরায়ণই হউক, তাহাতে কিছু আসে যায় না। এ সকল নাম আমার নিকট অর্থশূন্য। ভারতবাসীর নিগূঢ় আকাঙ্ক্ষা ফলবতী করাই আমার একমাত্র কাজ। আমি আজ সেই আকাঙ্ক্ষা আপনাদের নিকট ঘোষণা করিতেছি। আপনারা জানিবেন, গভর্ণমেণ্টের নীতি-পদ্ধতি যাহাই হউক, ভারতবর্ষের মত মহৎ ও গৌরবময়

দেশের মর্ম্মগত আকাঙ্ক্ষা রোধ করা পৃথিবীর কোনও গভর্ণমেণ্টের সাধ্যায়ত্ত নহে।*

# স্বরাজ

[ গত ১৯২৪ খৃষ্টাব্দের ১৬ই আগষ্ট তারিখে কলিকাতায় স্বরাজ্যদলের যে সাধারণ সভার অধিবেশন হয়, তাহার সভাপতিরূপে দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ যে বক্তৃতা করিয়াছিলেন, তাহার বঙ্গানুবাদ ]

দীর্ঘ বক্তৃতা দেওয়ার ইচ্ছা আমার নাই, স্বরাজ্য দল কি কায করতে চান, শুধু সেই সম্বন্ধে দুই একটা কথা আমি আপনাদের কাছে নিবেদন করতে চাই। সে কর্ত্তব্য সম্বন্ধে যা' কিছু জ্ঞাতব্য, তা'র বিস্তারিত আলোচনা আমি করব না, আমাদের কর্ত্তব্য-কর্ম্মের ও সমস্ত কর্ম্মপদ্ধতির যেটা মূল-তত্ত্ব ও তা'র পরিচায়ক কয়েকটা বিশেষ লক্ষণ, শুধু সেই সম্বন্ধে আমি কিছু বলব। এ কথা বলার বোধ করি কোন প্রয়োজন নাই যে, আমাদের উদ্দেশ্য স্বরাজলাভ। কিন্তু একটা মুস্কিল আছে—স্বরাজ বললেই আজকাল অনেকে নানা প্রশ্ন তোলেন। "স্বরাজ যে তোমরা চাও, সেটা কি রকমের জিনিস?" প্রথমেই এই প্রশ্ন কেউ কেউ জিজ্ঞাসা করেন। আবার আমার এমন বন্ধুও আছেন, যাঁরা স্বরাজের আগাগোড়া সব খুঁটিনাটি সাব্যস্ত করতে গিয়ে আসল কথাটাই ভুলে যান। তাঁ'রা ভুলে যান যে, স্বরাজের জন্যে আমরা যে প্রয়াস কচ্ছি, তা'র তাৎপর্য্য এ নয় যে, আমরা কোন শাসন-পদ্ধতিবিশেষের বিরোধী বা কোনটার পক্ষপাতী। কথাটা হচ্ছে, আমরা চাই সেই অধিকার—যার জোরে আমরা আমাদের উপযোগী আমাদের কল্যাণকর শাসন-পদ্ধতির প্রতিষ্ঠা করতে পারি। এইটাই হ'ল স্বরাজের মূল ভিত্তি। এ কথা আমি পূর্ব্বে অন্যত্র বলেছি এবং আজও পুনরায় বলছি যে, স্বরাজ—স্বরাজ-প্রতিষ্ঠার অধিকার আর কোন একটা বিশিষ্ট আকারের শাসন-যন্ত্র, এর মধ্যে যে প্রকাণ্ড প্রভেদ, সেটা ভুললে চলবে না। কোন রকমের শাসন-পদ্ধতি বা রাষ্ট্র-যন্ত্রই নিত্য বা স্থায়ী নয়। আজ এক রকমের শাসন-যন্ত্র তৈয়ারী করা হ'ল, কা'ল তাকে ভেঙ্গেচুরে তার ভগ্নাবশেষের উপর পরশু আর একটা নূতন রকমের শাসন-যন্ত্র নির্ম্মাণ করা হ'ল। এই হচ্ছে সব দেশের গতি, সব রাজ্যের গতি। আমি চাই আমার দেশের লোক জোর ক'রে বলেন যে, আমাদের শাসন-যন্ত্র, আমাদের রাষ্ট্রবিধান গ'ড়ে তোলবার হক্ আমাদের—আমাদের জাতীয় প্রয়োজন বোধ এবং আমাদের জাতীয় শক্তি ও প্রতিভা অনুসারে আমরা সে যন্ত্র গ'ড়ে তুলতে চাই। আর চাই আমাদের বিদেশী শাসনকর্ত্তারা আমাদের এই অধিকার স্বীকার করেন।

একটা কথা অনেকে জানতে চান—সেটা হচ্ছে, আমরা যে স্বরাজ চাই, সে ইংরাজ সাম্রাজ্যের অন্তর্গত কি না, অর্থাৎ ইংরাজ সাম্রাজ্যের সঙ্গে আমরা সম্বন্ধ রাখতে চাই, না সম্পূর্ণ স্বাধীন হ'তে চাই? অনেক বিলাতী সংবাদপত্রের প্রতিনিধিরাও এ কথা আমাকে জিজ্ঞাসা করেছেন। আমার মনে হয়, তাঁদের মনে এই সন্দেহ জাগছে যে, ইংরাজ গভর্ণমেণ্টকে বিব্রত ক'রে তোলাই আমাদের মৎলব। কিন্তু তা নয়। আমি চাচ্ছি আমার স্বাধীনতার অধিকার, আমি চাচ্ছি আমার দেশের স্বাধীনতার অধিকার। আমি চাচ্ছি আমাদের স্বাভাবিক অধিকারের বলে আমাদের দেশের—আমাদের নিজের রাষ্ট্রবিধান নিয়ন্ত্রিত

*শ্রীপঞ্চানন মজুমদার অনুদিত।

করতে, গ'ড়ে তুলতে। ইংরাজ সাম্রাজ্যের অন্তর্গত থেকে যদি আমাদের সে অধিকার নষ্ট না হয়, সে সাম্রাজ্যের ভিতরে থাকায় আমার কোন আপত্তি নেই, কিন্তু ইংরাজ সাম্রাজ্যের মধ্যে থাকায় যদি আমাদের সে অধিকার নষ্ট হয়, তবে আমি বলব, এ সাম্রাজ্যের উপর আমার যে প্রীতি, আমার স্বদেশের স্বাধীনতার জন্য অনুরাগ তা'র চেয়ে অনেক বেশী। সেই জন্যে আমি বলি, দূর-ভবিষ্যতের গর্ভে কি আছে, তা'র অনুসন্ধান করা এখন আমাদের পক্ষে অনাবশ্যক। আমাদের সম্মুখে যে যুদ্ধ প'ড়ে রয়েছে, তাতে আত্মনিয়োগ করেই যেন আমরা এখন সন্তুষ্ট থাকি, যেন এ যুদ্ধে সত্যই আমাদের অবলম্বন হয়, এবং আমরা যেন না ভুলি যে, সত্য হচ্ছে আমাদের স্বায়ত্ত-শাসনের যে অধিকার, সে ঈশ্বরদত্ত অধিকার, আমরা সে অধিকারে বঞ্চিত হয়ে থাকতে পারিনে। আমাদের দেশের গবর্ণমেন্ট কি রকমের হ'লে দেশের পক্ষে কল্যাণকর হ'বে, কি রকমের শাসন-পদ্ধতি আমাদের জাতীয় জীবনের পক্ষে উপযোগী হ'বে, সে মীমাংসা আমরা করব—আমাদের বিচারক সাজবার অধিকার বিদেশীর নেই।

এই ত হ'ল স্বরাজের কথা। তা'র পরে আমাদের ভাবতে হ'বে, কি ক'রে আমরা স্বরাজ পেতে পারি। ইতঃপূর্ব্বে ভিন্ন ভিন্ন সভায় অসহযোগ সম্বন্ধে আমার মত ব্যক্ত করেছি। কেহ কেহ বলেন, আমার সে মত প্রাপ্ত। কথা নিয়ে মারামারি করতে আমি চাইনে। অসহযোগ অর্থে অন্যে যে যা বোঝেন, বুঝুন—আমি যা বুঝি, তাতে আমি জোর ক'রে বলছি, পূর্ব্বেও বহুবার বলেছি, যে, এই গভর্ণমেন্টের সঙ্গে লড়তে হ'লে এবং স্বরাজ লাভ ক'রতে হ'লে এই গভর্ণমেন্টের সর্ব্বাঙ্গে অসহযোগ প্রয়োগ করতে হ'বে। এই স্বরাজ-সংঘ যখন আমরা প্রথম গড়ি, তখনই অসহযোগ কি, তা আমরা বলেছিলাম। * * * * তখন আমরা প্রকাশ্যভাবে দেশের জনসাধারণকে বলেছিলাম যে, অসহযোগের তাৎপর্য্য, দেশে এমন একটা ভাব সৃষ্টি করতে হ'বে যে, লোকে বিদ্বেষবুদ্ধি বর্জ্জন ক'রে অন্যায়ের রোধ করতে পারে এবং এই স্বেচ্ছাচারী আমলা-চালিত শাসনপদ্ধতি অচল ক'রে তুলতে পারে।

আমাদের এই কথায় কোন কোন সমালোচক বিরক্ত হয়ে বলেছেন—"এরা অরাজকের দল, এরা দেশের গভর্ণমেন্ট থাকে, তা চায় না।" বস্তুতঃ আমরা তেমন কিছুই বলিনি। আমরা বলেছি, স্বেচ্ছাচারী আমলা-শাসিত গভর্ণমেন্ট আমরা চাইনে। আমাদের এ কথার অর্থ এ নয়—এবং তেমন অর্থ হ'তেও পারে না যা এমন কথা আমরা কোথাও বলিনি যে, আমরা কোন রকম গভর্ণমেন্ট চাইনে। আরও অরাজকতা চাই, বা কোন প্রকার শাসন-পদ্ধতি আমরা চাইনে, এমন কথা আমরা বলিনি। যা আমরা বরাবর বলেছি, তা এখনও বলছি যে, কর্ম্মচারিতন্ত্রের স্বেচ্ছাচার-নিয়ন্ত্রিত এই গভর্ণমেন্ট আমরা চালাতে দেব না এবং সেই উদ্দেশ্যেই দেশের লোকের মনের ভাব এমন ক'রে তুলতে চাই যে, তা'রা ক্রমে সর্ব্বপ্রকার সহযোগিতা বন্ধ ক'রে এই গভর্ণমেন্টকে অচল ক'রে তুলতে পারে ও আমাদের জাতীয় দাবী ও আমাদের জাতীয় গৌরব অক্ষুন্ন ও অপ্রতিহত হয়ে ওঠে। এই হ'ল অসহযোগের দ্বিবিধ তাৎপর্য্য। * * * * আচ্ছা, এই যে আমলাতন্ত্র গভর্ণমেন্ট, এর শাসনে চলবে কেমন ক'রে? এ কথা অস্বীকার করবার জো নেই যে, দেশের লোকের সম্মতি ও সাহায্য ব্যতীত এরা কখনই দেশ শাসন করতে পারে না। সুতরাং এই আমলাতন্ত্র যদি আমরা উঠিয়ে দিতে চাই, তা হ'লে প্রথমে অন্যায়কে রোধ করবার জন্যে

উন্মুখ এমন একটা মানসিক শক্তি দেশে জাগিয়ে তুলতে হ'বে। সে রকম চেষ্টা করায় কোন দোষ নেই এবং কেউ বলতে পারে না, সে চেষ্টা অস্বাভাবিক। যখন কোন জাতির জীবন স্বাস্থ্য-সম্পন্ন হয়, তখন তা'র পক্ষে এরূপ চেষ্টা অত্যন্ত স্বাভাবিক। আমরা নিজের পায়ে ভর দিয়ে দাঁড়াতে চাই, এবং যদি দাঁড়াই, তা' হ'লে তা'র একমাত্র অর্থ হচ্ছে আমলাতন্ত্র শাসনের বিনাশ।

আপনারা যদি অন্যায়ের রোধ করবার শক্তি সঞ্চয় করতে পারেন, এবং সমস্ত জাতির মধ্যে সে শক্তি জাগ্রত ক'রে তুলতে পারেন, তখন আপনারা কি করবেন? তখন গভর্ণমেণ্টকে আপনাদের এ কথা স্পষ্ট ক'রে বলতেই হ'বে, "আমাদের বাঁচবার জন্যে এ অধিকার আমাদের চাই, আমাদের এই দাবী যে, আমাদের শাসনভার আমরা নিজেদের হাতে নিব এবং আমাদের জাতীয় শক্তি ও প্রতিভা অনুসারে আমাদের গভর্ণমেণ্ট গ'ড়ে তুলব ও তাকে নিয়ন্ত্রিত করব। আমাদের এ অধিকারের ন্যায্যতা আজ হোক, কা'ল হোক বা পাঁচ বছর পরেই হোক," তোমরা স্বীকার করতে বাধ্য। কারণ, সে অধিকার প্রত্যেক দেশের প্রত্যেক জাতির স্বাভাবিক অধিকার।"

আমি এই জন্যে বলছিলাম যে, কোন গভর্ণমেণ্ট আমাদের এ অধিকার দিতে পারে না, আমাদের আপন শক্তিতে এ অধিকার আমাদেরই অর্জ্জন করতে হবে, এবং গভর্ণমেণ্ট যদি তা' স্বীকার করতে না চায় ত তাদের বাধ্য ক'রে দেখিয়ে দিতে হবে যে, সে অধিকার আমাদের জন্মগত এবং তা' আমাদের সাধনার দ্বারাই আমরা অর্জ্জন করেছি। সেই কথাই আজ আমরা গভর্ণমেণ্টকে বলতে চাই। কিন্তু যদি গভর্ণমেণ্ট তাতে কর্ণপাত না করেন, তা' হ'লে আমরা ক্রমে সর্ব্ববিষয়ে গভর্ণমেণ্টের সঙ্গে সহযোগিতা বর্জ্জন করব এবং বর্ত্তমান শাসন অচল ক'রে তুলব। আমি আবার বলি যে, আমরা কোন রকম গভর্ণমেণ্ট চাই না, তা নয়, বর্ত্তমান গভর্ণমেণ্টের শাসন-পদ্ধতি যার দ্বারা আমাদের দেশে জনসাধারণের কোন কল্যাণ হইতেছে না, বরং কেবল বিদেশীয়দেরই ইষ্টসাধন হচ্ছে, এই গভর্ণমেণ্ট আমরা চাই নে। * * *

এই জন্যে আমাদের শাসনকর্ত্তাদের আমরা বলছি যে, যদি তাঁরা আমাদের এ ন্যায্য দাবী স্বীকার না করেন, তা' হ'লে বর্ত্তমান শাসনযন্ত্রটি না ভেঙে আমাদের অন্য কোন উপায়ই নেই। কারণ, আমারা স্পষ্টই দেখতে পাচ্ছি যে, এই গভর্ণমেণ্ট এমনি ক'রে চল্লে আমাদের জাতীয় জীবনের স্ফূরণ অসম্ভব এবং আমাদের জাতির উপযোগী রাষ্ট্রতন্ত্র নির্ম্মাণ করাও অসম্ভব; নতুবা বর্ত্তমান শাসনপদ্ধতি বিনষ্ট করায় আমাদের যে একটা আনন্দ আছে, তা' নয়।

আমি আপনাদের কাছে নিবেদন করতে চাই যে, ভারতসচিব কিংবা এখানকার শাসকগণের কাছে আমার কিছু বলবার নেই যে, আপনারা স্বরাজ্য দলের এই মহৎ উদ্দেশ্যসাধনে সহায় হউন। শুধু সমালোচনা ক'রে এই সম্প্রদায়কে বিব্রত ক'রে তুলবেন না, এদের কায করবার অবসর দিন। আমি আপনাদের জানাতে চাই যে, বিশ বছর ধ'রে আমি আমার দেশের মুক্তির কথা চিন্তা ক'রে আজ জীবনের অপরাহ্নে কাযে নেমেছি। আমার দৃঢ় বিশ্বাস এবং আপনারাও এ বিশ্বাস রাখবেন যে, ভগবানের আশীর্ব্বাদে আমার জীবনান্তের পূর্ব্বে আমি আমার উদ্দেশ্য-সাধন করতে সমর্থ হ'ব।

শ্রীপঞ্চানন মজুমদার অনূদিত।

# অসহযোগ

অসহযোগের তাৎপর্য্য কি? আমি যদি অসহযোগ নীতির তাৎপর্য্য ঠিক বুঝে থাকি ত আমি বলব, যা' কিছু তোমার স্বভাবের সত্য সহায় নয়, যা' কিছু তোমার জাতীয় প্রকৃতি ও সংস্কারের প্রতিকূল, তোমার জাতীয় জীবনের অন্তরতম প্রাণ-শক্তির সাধনার যে স্বরাজের প্রতিকূল, তা' বর্জ্জন কর। আমি যদি অসহযোগের অর্থ বুঝে থাকি, তা' এই যে, যা' কিছু অসত্য, যা' কিছু মিথ্যা তোমার বর্ত্তমান জাতীয় জীবনকে আচ্ছন্ন ক'রে রেখেছে, সে সমুদায়ই তোমাকে ত্যাগ করতে হ'বে। এই মিথ্যার মায়া পরিহার কর, দেখবে, তোমার জীবন সফল হয়েছে, নব জীবনের আনন্দে দেশের সমস্ত দৈন্য দূর হয়েছে, ভারত আবার গৌরবময় হয়ে উঠেছে। অসহযোগের তাৎপর্য্য যদি এ না হ'ত, তা' হ'লে আমি কখনই অসহযোগ অবলম্বনের পক্ষপাতী হ'তাম না। আমি অসহযোগের পক্ষপাতী, কারণ, আমার একান্ত বিশ্বাস যে, ভারতবাসীর জাতীয় জীবনে যে মহাপ্রাণ নিহিত আছে, অসহযোগ তা'র বিকাশের সহায়। অসহযোগ আমার আত্মজ্ঞানের অনুকূল, আমার আত্মোপলব্ধির সহায়। অসহযোগ আমার অন্তরস্থ আত্মা, আমাদের জাতির অন্তরস্থ আত্মার সন্ধান দেয় এবং সেই আত্মাকে লাভ করাইবার পথে আমাদের সমস্ত জাতীয় জীবন জুড়ে যে সকল মিথ্যা আমাদের অবলম্বনস্বরূপ হয়ে আছে, অথচ প্রকৃতপক্ষে যা' আমাদের পদে পদে বাধাই জন্মাচ্ছে, সেই সকল মিথ্যার স্তূপকে চূর্ণ ক'রে অপসারিত ক'রে আমাদের পথ মুক্ত ক'রে দেয়। এই জন্যই আমি অসহযোগ ব্রত গ্রহণ করেছি।

অসহযোগের মর্ম্ম যদি এই হয়, তা' হ'লে এক দিকে যেমন আমাদের আত্মনির্ভরশীল হ'তে হ'বে, অপর দিকে তেমনই আত্মশক্তির স্ফুরণের জন্যে আমাদের সাধনপথের সমুদায় বাধা দূর করতে হ'বে, আমাদের নিজের ও আমাদের জাতির আত্মার যোগ যা'তে প্রতিহত কচ্ছে, এমন সমস্ত বিঘ্নই দূর করতে হ'বে।

এই যে সব কাউন্সিল দেখছেন—এ সব কি? শুধু মিথ্যার লীলাভূমি। আমরা কি এগুলি আঁকড়ে ধ'রে থাকব?—দূর ক'রে দেব না? আমাদের বর্ত্তমান জাতীয় জীবনের সঙ্গে এদের সম্বন্ধ নেই, তা' কিছুতেই বলতে পারিনে। সম্বন্ধ নিশ্চয়ই আছে; কিন্তু সে সম্বন্ধ মিথ্যার সঙ্গে। এই মিথ্যা আমাদের ভিতরে, আমাদের বাইরে, আমাদের আশেপাশে, আমাদের চতুর্দ্দিকে আচ্ছাদিত করেছে; এই মিথ্যার চাপে আমাদের জীবন পিষ্ট হচ্ছে। ইহার পরিণাম অতি ভয়ঙ্কর। কাযেই এই মিথ্যা, এই কাউন্সিল ধ্বংস না ক'রে আমাদের উপায় কি? কাউন্সিল ধ্বংস করতে চাই—তা'র একমাত্র তাৎপর্য্য, এই মিথ্যার সঙ্গে আপোস করা চলে না, সহযোগিতা করা চলে না, এ আমাদের জীবনপথে একটা প্রকাণ্ড বাধা; এই বাধা আমি সরাতে চাই; বিনষ্ট করতে চাই। কাউন্সিলে প্রবেশ ক'রে সেখানে ব'সে যদি আমি অসহযোগ অবলম্বন করি, তা' হ'লে কি-কিছু অন্যায় করব?—অসহযোগ নীতির অবমাননা করব? না, তা' আমি স্বীকার করিনে। এই কাউন্সিলগুলি কি? শুধুই কি এক একটা বাড়ী? এগুলি এক একটা প্রতিষ্ঠান, এক একটা সংঘ, এক একটা যন্ত্র; এই যন্ত্রগুলি এদের সমগ্র শক্তি দিয়ে আমাদের গ্রাস ক'রে ফেলেছে, আমাদের জীবনের রস-রক্ত শোষণ করছে, আমাদের সমস্ত জীবন পেষণ করছে। কাযেই এই যন্ত্রের হাত থেকে আমাদের নিষ্কৃতি চাই-ই। তার একমাত্র উপায়,—এই যন্ত্রের, এই কাউন্সিলের সাহায্যে গভর্ণমেণ্ট যে আমাদের শাসন করছেন,

তা' আমাদের সমস্ত শক্তি দিয়ে ব্যর্থ ক'রে দেওয়া, আপনারা মনে করতে পারেন, এটা আমার ভুল। কাউন্সিলে ঢুকলে এ উদ্দেশ্যসাধন করা চল্‌বে না; কিন্তু আমি আপনাদের ব'লে রাখছি যে, কাউন্সিলের ভিতরে ব'সে আমি অসহযোগের গৌরব এক বিন্দুও হানি করব না। যারা গভর্ণমেণ্টের অনুগ্রহভিখারী, উচ্চপদ লাভের আশায় যা'রা কাউন্সিলে ঢুকতে চায়, তাদের সঙ্গে আমার কোন সম্বন্ধ নেই। গভর্ণমেণ্টের উচ্ছিষ্ট আমি সর্ব্বান্তঃকরণে ঘৃণা করি। আমি কাউন্সিলে ঢুকতে চাই—এই শাসনসংস্কাররূপধারী অসুর, যে আমাদের জীবনের রক্ত শোষণ করছে, তা'কে ধ্বংস করবার জন্যে। যদি মনে করি, সে শক্তি আমার নেই, তা' হ'লে সর্ব্বান্তঃকরণে আমি কাউন্সিল পরিহার করব।

শ্রীপঞ্চানন মজুমদার অনূদিত।

# স্বদেশপ্রেম কি অপরাধ?

[ ২৯শে অক্টোবর ১৯২৪ ]

গভর্ণমেণ্টের দমননীতি ও তাহার ফলে ১৮১৮ খৃষ্টাব্দের জীর্ণ ৩ নং রেগুলেসন অনুসারে কলিকাতা মিউনিসিপ্যালিটীর প্রধান কার্য্যাধ্যক্ষ শ্রীযুত সুভাষচন্দ্র বসুর গ্রেপ্তারের বিরুদ্ধে মিউনিসিপাল আফিসে যে সভার অধিবেশন হয়, তাহাতে দেশবন্ধু ২৯শে অক্টোবর ১৯২৪ তেজোগর্ভ বক্তৃতা করিয়াছিলেন। তাহাতে বলিয়াছিলেন:—

* * * দেশের মধ্যে যদি কোথাও বোমা ফাটে কিংবা কেহ পিস্তল ছোড়ে, আমরা অমনই চীৎকার করিয়া উঠি—'কি নৃশংস অত্যাচার!' কিন্তু আমরা 'কি নৃশংস অত্যাচার' বলিয়া চীৎকার করি কেন? কারণ, বাস্তবিকই আমরা সেরূপ কাম অতি গর্হিত, অতি নৃশংস বলিয়াই বিবেচনা করি। কিন্তু আজ দেশে এমন দিন আসিয়াছে যে, আমাদের যে সকল দেশবাসী পশুবলে আস্থাসম্পন্ন, শুধু তাহাদের নৃশংসতার নিন্দা করিলে চলিবে না; পরন্তু গভর্ণমেণ্টের নৃশংসতারও প্রতিবাদ করিতে হইবে। সুভাষচন্দ্রকে আবদ্ধ করিয়া আমার মনে হয়, গভর্ণমেণ্ট এই নৃশংসতার প্রকৃষ্ট পরিচয় দিয়াছেন। সম্প্রতি গবর্ণমেণ্ট যে আইন পাশ করিয়াছেন এবং যাহার বলে সুভাষচন্দ্রের স্বাধীনতা হরণ করিয়াছেন, উহা' আইন নামের অযোগ্য—উহা বে-আইনী আইন। যদি জিজ্ঞাসা করেন, বে-আইনী আইন কাহাকে বলে? তাহা হইলে গত ১৯১৮ খৃষ্টাব্দে ভারতসংরক্ষণ বিধির (Defence of India Act) বিরুদ্ধে প্রতিবাদ উপলক্ষে কলিকাতা টাউন হলে আমি যাহা বলিয়াছিলাম, সেই কথার পুনরাবৃত্তি করিয়া বলিব—যে, সত্য ও ন্যায়ের উপর সমাজের স্থিতি, তাহার সেবা ও সংরক্ষণ যে আইনের উদ্দেশ্য ও তাৎপর্য্য নয়, সে আইনকে বে-আইনী আইন ভিন্ন আর কিছু বলা যায় না।

আইনের আবরণে ইহাকে আবৃত করিলেও এরূপ আইনে প্রকৃত আইনের মর্য্যাদা থাকিতে পারে না। কারণ, উহা ন্যায়ের সমস্ত নীতি, সত্যের সমস্ত নীতিকে অবমাননা করে এবং ন্যায় ও সত্যচ্যুত হইয়া আইনের তাৎপর্য্য অস্বীকার করে। আমরা এই আইনের বিরুদ্ধে প্রতিবাদ করিতেছি, কারণ, ইহা মানুষের স্বাভাবিক ও স্বতঃসিদ্ধ অধিকারে হস্তক্ষেপ করিতে উদ্যত। যদি কোন লোককে আবদ্ধ করা হয় এবং সে কি অপরাধের জন্য কারারুদ্ধ হইল বা তাহার অপরাধের কোন প্রমাণ আছে কি না, তাহাকে বলা না হয় এবং তাহার অপরাধের আইন অনুসারে বিচার না করিয়া তাহাকে অনির্দ্দিষ্ট কাল বন্দিভাবে আবদ্ধ রাখা হয়, তাহা হইলে মানুষের স্বাভাবিক অধিকারে পদাঘাত করা হয়। যে আইনের দোহাই

দিয়া মানুষের উপর এরূপ গর্হিত ব্যবহার করা হয়, তাহা নিশ্চয়ই বে-আইনী আইন। অত্যাচারী ষ্টুয়ার্ট রাজগণের আমলে ইংলণ্ডে এইরূপ আইন প্রবর্ত্তিত ছিল। ভারত গভর্ণমেণ্ট এরূপ আইনের সাহায্য ব্যতীত আজ এ দেশ শাসন করিতে পারেন না, ইহা বড়ই ক্ষোভের কথা।

গত ১৯২৪ খৃঃঅব্দে ২৪শে এপ্রিল এই মিউনিসিপ্যালিটীর কমিশনরগণ শ্রীযুক্ত সুভাষচন্দ্র বসুকে তাঁহাদের প্রধান কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করেন। বর্ত্তমান আইন অনুসারে গভর্ণমেণ্টের অনুমোদন ভিন্ন এরূপ নিয়োগ পাকা হইতে পারে না। গভর্ণমেণ্ট এক মাসের ঊর্দ্ধকাল বিবেচনা করিয়া সুভাষচন্দ্রের নিয়োগে সম্মতি দান করিলেন। তাহার পর চারি মাস অতীত হইতে না হইতেই এক দিন প্রভাতে মিউনিসিপ্যালিটীর কায করিয়া সুভাষচন্দ্র বাড়ী আসিয়া দেখিলেন যে, বহু পুলিস তাঁহার গৃহে উপস্থিত। কোন অপরাধের কথা তাঁহার নিকট উল্লেখ করা হইল না, কোন অভিযোগ তাঁহাকে শুনান হইল না, তাঁহার কোন কৈফিয়ৎ চাওয়া হইল না, তৎক্ষণেই তাঁহাকে গ্রেপ্তার করা হইল। সুভাষচন্দ্র কারাগারে নিক্ষিপ্ত হইলেন। ইহাকে আপনারা কি বলিতে চান? ইহা কি ন্যায়সঙ্গত? ইহা কি আইনসঙ্গত? ইহা কি নিছক পশুবল নহে?

যদি কোন বিদ্রোহী যুবক প্রাণের অদম্য আবেগে পিস্তল বা বোমা ছোড়ে, তাহা হইলে আমি মনে করি না যে, তাহার অপরাধ গভর্ণমেণ্ট যেরূপ নৃশংসভাবে সুভাষচন্দ্রের স্বাধীনতা হরণ করিয়াছেন, তদপেক্ষা গুরুতর। অত্যাচারেই অত্যাচারের জন্ম। ১৯০৭ সাল হইতে আজ পর্য্যন্ত এই প্রকার বহু অত্যাচারের ফলে—বিধিবদ্ধ অত্যাচারের ফলে—বিদ্রোহীদের অত্যাচার ক্রমশঃ বাড়িয়া চলিয়াছে।

আমার উক্তি উদ্ধৃত করিয়া গভর্ণমেণ্ট নিজকৃত অপরাধের সাফাই করিবার চেষ্টা করিয়াছেন, কিন্তু আমার কথায় সেরূপ সাফাইয়ের কোন ভিত্তি নাই। আমি পূর্ব্বেও বলিয়াছি এবং এখনও বলিতেছি, দেশে বিদ্রোহীর অভাব নাই। ১৯১৭ খৃষ্টাব্দে এই কথা আমি প্রথম বলি। আমি যাহা বলিয়াছিলাম, নিম্নে উহা উদ্ধৃত করিতেছি—

"এই আইনের বিরুদ্ধে প্রতিবাদ করা আমাদের একান্ত কর্ত্তব্য। এরূপ আইন পাশ করার যে উদ্দেশ্য কথিত হইয়া থাকে, তাহা যথার্থ নহে। প্রকৃত উদ্দেশ্য কি? গভর্ণমেণ্ট বলেন যে, দেশে প্রকাণ্ড একটি বিদ্রোহীর দল আছে। আমি সে কথা অস্বীকার করি না। বাঙ্গালা দেশে যে বিদ্রোহীর দল আছে, তাহা অকাট্য সত্য। কিন্তু তাহাতে কি? কেহ কি মনে করিতে পারে—কেহ কি আশা করিতে পারে যে, এরূপ আইনের দ্বারা তাহাদের দমন করা যাইবে? ন্যায়বিরুদ্ধ আইনের দ্বারা কি কখনও বিদ্রোহ দমন করা সম্ভব হইয়াছে? আইনের পীড়নে বিদ্রোহ দমন করা হইয়াছে, এমন একটি উদাহরণ আপনার ইতিহাস খুঁজিয়া বাহির করুন। বিদ্রোহ অন্যায়, আমি স্বীকার করি। এ দেশে বিদ্রোহী দলের যে কর্ম্ম-চেষ্টা লক্ষিত হইতেছে, তাহা অন্যায়, আমি স্বীকার করি এবং বিদ্রোহ উন্মূলিত করিতে হইবে তাহাতেও সন্দেহ নাই, কিন্তু সে সম্বন্ধে গভর্ণমেণ্টের কর্ত্তব্য কি? বিদ্রোহ যাহাতে নিশ্চিত উন্মূলিত হয়, এমন পন্থা অবলম্বন করাই কি গভর্ণমেণ্টের কর্ত্তব্য নহে? গভর্ণমেণ্টের কি এই বিদ্রোহী দল ইংরাজ রাজশক্তিকে উচ্ছেদ করিয়া অন্য বিদেশী রাজশক্তিকে এ দেশে প্রতিষ্ঠিত করিতে চাহে? আমার নিশ্চিত মনে হয়, তাহা তাহারা চাহে না। তবে তাহারা কি চাহে? গভর্ণমেণ্ট কি কখনও এই বিদ্রোহভাবের প্রকৃত কারণ অনুসন্ধান করিয়াছেন? ১৯০৭ খৃষ্টাব্দ হইতে আমরা ক্রমাগত এই বিদ্রোহিতার কথা শুনিয়া

আসিতেছি এবং দেখিতেছি, গভর্ণমেণ্ট ইহার দমনের জন্য নিত্য নূতন আইন পাশ করিতেছেন। কিন্তু এই বিদ্রোহিতার প্রকৃত কারণ নির্ণয়ের জন্য গভর্ণমেণ্ট কি কোন চেষ্টা করিয়াছেন? অনেক গভর্ণমেণ্ট কর্ম্মচারীকে আমি জানাইয়াছি এবং আজ আপনাদেরও জানাইতেছি যে, অনেকের অপেক্ষা এই বিদ্রোহিগণকে আমি বেশী জানি। ইহাদের বহু মোকর্দ্দমা আমি করিয়াছি। ইহাদের মনোভাব আমি বিলক্ষণ বুঝি। আমি জানি, তীব্র স্বাধীনতার তৃষ্ণাই ইহাদের বিদ্রোহিতার একমাত্র কারণ। বিগত দেড় শত বৎসরের শাসনকালের মধ্যে ভারতবাসীর স্বাধীনতালাভের জন্য বা তাহাদের স্বাধীতার যোগ্য করিয়া তোলার জন্য গভর্ণমেণ্ট কি করিয়াছেন? আমরা স্বায়ত্তশাসনের যোগ্য নহি, এই কথাই কি অহরহঃ আমাদের শুনান হয় না? আমরা অশিক্ষিত, নিরক্ষর,এই নিন্দাই কি সর্ব্বদা ঘোষিত হয় না? তাহার উত্তরে আমি কি এ কথা জিজ্ঞাসা করিতে পারি না—"তোমরা এ দেশে দেড়শত বৎসর আসিয়াছ, তোমাদের উদ্দেশ্য মহৎ। তোমরা বলিয়া থাক, আমাদের স্বায়ত্তশাসনের উপযুক্ত করিয়া তোলাই তোমাদের উদ্দেশ্য, কিন্তু এত দিনে সে উদ্দেশ্যসাধনের জন্য তোমরা কি করিয়াছ?"

এখন আপনারা বুঝিতে পারিবেন, বিদ্রোহী দলের মনস্তত্ত্ব কি? আমাদের শিক্ষিত যুবকগণ দেখিতেছে, পৃথিবীর ছোট বড় সমস্ত জাতিই স্বাধীন। তাহারা অন্য জাতির সহিত নিজেদের তুলনা করিয়া মনে মনে ভাবে,"আমরা কেন এরূপ পরাধীন থাকিব? আমরা এ দাসত্ব ঘুচাইব।" এ আকাঙ্ক্ষা কি দোষের? যুবকগণের এইরূপ মনোভাব হৃদয়ঙ্গম করা কি এতই কঠিন? দাসত্ব-মোচনের এই তৃষ্ণার স্পন্দন কি আমরাও আপন হৃদয়ে অনুভব করি না? পরিপূর্ণ যৌবনের উদ্দাম চাঞ্চল্যে যখন এই সকল যুবকগণ দেখে, তাহারা জাতীয় জীবন গঠনে ও দেশের গভর্ণমেণ্টের পরিচালনের ন্যায্য অধিকার হইতে তাহারা বঞ্চিত, তখন তাহারা ক্ষোভে জ্বলিতে থাকে। উহাদিগকে সে অধিকার দান কর, দেখিবে, বিদ্রোহিতা দেশ হইতে অন্তর্হিত হইয়াছে।

ভদ্রমহোদয়গণ, বিদ্রোহী দলের অস্তিত্ব সম্বন্ধে আমার স্বীকারোক্তি পুনঃ পুনঃ উদ্ধৃত করিয়াও গভর্ণমেণ্ট নিরস্ত হইতে চান না। আমিও এ কথা পুনঃ পুনঃ স্বীকার করিয়াছি এবং আজও স্বীকার করিতেছি। যাহা সত্য বলিয়া আমি বিশ্বাস করি, তাহা স্বীকার করিতে আমি কোন দিনই পশ্চাৎপদ হইব না। কিন্তু আমি বিদ্রোহ-দমনের যে উপায় নির্দ্দেশ করিয়াছি, সে সম্বন্ধে গভর্ণমেণ্ট কি কখনও চিন্তা করিয়াছেন? সে কথা কখনও আমলে আনিয়াছেন? সমস্ত পৃথিবীর ইতিহাসের সাক্ষ্য তাঁহাদের এই দমন-নীতির বিরুদ্ধে, তবুও কি দমন-নীতি ছাড়া আর অন্য কোন উপায় তাঁহারা দেখিতে পান না? শুধুই দমন দমন! আর কোন পন্থার কথা কি তাঁহাদের মনে উদয় হয় না? আমি আবার তাঁহাদের বলিতেছি যে, দমন-চেষ্টা যতই কেন হউক না, তাহাতে বিদ্রোহিতা কদাপি প্রশমিত হইবে না। একটা সমগ্র জাতিকে কেহ কখনও পৃথিবীর বক্ষ হইতে মুছিয়া ফেলিতে পারে না। মুক্তি আশায় উদ্বেলিত সমগ্র জাতির প্রাণের বেগ কেহ কখনও জোর করিয়া চাপিয়া রাখিতে পারে না।

আমি রাজদ্রোহী নহি, রাজদ্রোহীর পন্থা আমার পন্থা নহে। তথাপি আমার হৃদয়ের মধ্যে রাজদ্রোহীর তীব্র মুক্তিকামনা স্পন্দিত হইতেছে। মুক্তির জন্য আমি জীবন বিসর্জ্জন দিতে প্রস্তুত, আজ আপনাদের সমক্ষে আমি মুক্তকণ্ঠে ঘোষণা

করিতেছি যে, যদি স্বাধীনতার জন্য জীবন দান প্রয়োজন হয়, আমি সে জন্য সর্ব্বদা প্রস্তুত।

যদি বিদ্রোহিতায় আমার আস্থা থাকিত, যদি এ বিশ্বাস আজ আমার জন্মে যে, বিদ্রোহিতা সাফল্য লাভ করিবে, তাহা হইলে কালই আমি বিদ্রোহিদলে যোগ দিব। কিন্তু আমার বিশ্বাস, বিদ্রোহচেষ্টা কখনও সফল হইবে না এবং এই কারণেই তাহাতে আমি যোগ দিতে পারি না। কিন্তু তাহাদের স্বাধীনতাপ্রিয়তার কথা মনে হইলে, স্বাধীনতালাভের জন্য তাহাদের অদম্য উৎসাহের কথা মনে হইলে আমার বোধ হয়, বুঝি আমিও তাহাদের এক জন। এই স্বাধীনতার জন্য যদি অশেষ কষ্ট ও ঘোরতর প্রতিকূলতা আমাকে মাথা পাতিয়া লইতে হয়, অথবা আমার দেহের প্রত্যেক রক্তবিন্দু ব্যয় করিতে হয়, তাহার জন্য আমি সম্পূর্ণ প্রস্তুত।

সিমলায় থাকিতে আমি শুনিয়াছিলাম যে, আমি যে মুহূর্ত্তে হাওড়ায় পদার্পণ করিব, সেই মুহূর্ত্তেই আমাকে গ্রেপ্তার করা হইবে। গ্রেপ্তারের ভয় আমি রাখি না। আমি কোন অন্যায় কর্ম্ম করি নাই। প্রত্যেক সৎ ভারতবাসীরই যাহা অবশ্য কর্ত্তব্য, আমি তাহাই করিয়াছি।

ভারতের প্রত্যেক সত্যনিষ্ঠ সন্তান অবশ্যই স্বীকার করিবেন যে, তিনি তাঁহার স্বদেশকে ভক্তি করেন ও তাঁহার হৃদয়ে স্বাধীনতার অনুরাগ আছে। তিনি অবশ্যই বলিবেন—"আমার ঘরের ব্যবস্থা আমি নিজেই করিতে চাই—এ আমার স্বাভাবিক, জন্মগত অধিকার, এ অধিকার আমি চাই।"

স্বদেশ-প্রীতি যদি অপরাধ হয়, মুক্তির অনুরাগ যদি অপরাধ হয়, আমি স্বীকার করিতেছি, আমি অপরাধী; এবং সে অপরাধের জন্য যদি আমাকে ফাঁসিকাষ্ঠে ঝুলিতে হয়, তাহাতেও আমার কোন আপত্তি নাই, তথাপি বর্ত্তমান ভারতবাসীর যাহা একমাত্র কর্ত্তব্য বলিয়া আমি প্রাণে প্রাণে অনুভব করি, তাহার সাধনে আমি পরাঙ্মুখ হইব না।

ভদ্রমহোদয়গণ, আপনাদের অদ্যকার আলোচ্য বিষয়ের সীমা আমি একটু অতিক্রম করিয়াছি বলিয়া বোধ হইতেছে। কিন্তু আমি শুধু এই কথাই বলিতে চাহিতেছিলাম যে, সুভাষচন্দ্রকে যদি বিদ্রোহী বলিয়াই ধরা যায়, তবে তিনি আমার চেয়ে বড় বিদ্রোহী নন। অথচ আমাকে গ্রেপ্তার করা হইল না কেন? এ প্রশ্নের উত্তর কি, আমি জানিতে ইচ্ছা করি। জন্মভূমিকে ভাল বাসিলে যদি অপরাধ করা হয়, তবে আমি অপরাধী। যদি সুভাষচন্দ্র বসু অপরাধী হন, আমিও অপরাধী। শুধু আপনাদের প্রধান কার্য্যাধ্যক্ষ অপরাধী নন, আপনাদের মেয়রও তুল্যাংশে অপরাধী।

বিদ্রোহী দলের অত্যাচার নিবারণ করা গভর্ণমেণ্টের অভিপ্রায় বলিয়া আমি বিশ্বাস করিতে পারি না। দেশের ন্যায়সঙ্গত সঙ্ঘসমূহই এই সকল অনুশাসনের (ordinance) লক্ষ্য। আইনসঙ্গত উপায়ে দেশের উন্নতির জন্য যে সকল সঙ্ঘ বা দল গঠন করা হয়, তাহা নিবারণ করাই এই সকল অর্ডিন্যান্স বা অনুশাসনের উদ্দেশ্য। এ সম্বন্ধে শ্রীযুত উইলসন সাহেব পণ্ডিত মতিলাল নেহেরুর অভিমত উদ্ধৃত করিয়া আপনাদের শুনাইয়াছেন। পণ্ডিতজীর বক্তৃতা হইতে আরও কিছু উদ্ধৃত করিয়া আমি আপনাদের শুনাইবার প্রার্থনা করি। তাহাতে পণ্ডিতজী শুধু যে রোগ নির্ণয় করিয়াছেন, তাহা নয়, ব্যাধি-নিরাকরণের উপায়ও দেখাইয়াছেন। তিনি বলিয়াছেন:—

"দাশ মহাশয় বলিয়াছেন, রাজকর্ম্মচারিগণ যাহা জানেন, তাহা অপেক্ষা অনেক বেশী গুরুতর বিপ্লবভাব দেশে বর্ত্তমান। কি প্রমাণের উপর নির্ভর করিয়া তিনি এ কথা বলিয়াছেন, তাহা আমি জানি না। তবে সে কথা আমি সম্পূর্ণ

মানিয়া লইতেছি। শুধু তাই নয়, আমি আরও বলি, যদি আপনারা সতর্ক না হন, কোন্ দিন হঠাৎ দেখিবেন যে, সমস্ত দেশ মৌমাছির চাকের মত গুপ্ত সমিতির দ্বারা পরিব্যাপ্ত হইয়াছে এবং তাহা দমন করার শক্তি আপনাদের নাই।

* * * * *

আমি আপনাদের আরও বলিব, সামান্য বুদ্ধিসম্পন্ন ব্যক্তি যেমন জানে যে, দুই আর দুই চার হয়, আমি সেইরূপ জানি, আমার দেশের সব চেয়ে বড় ক্লেশ কি। আপনারাও না জানেন, এমন নয়। আপনাদের দমনকারী আইনের দ্বারা বিপ্লব বিনষ্ট হইবে, এই ধারণায় আপনারা বাহাদুরী করিতে পারেন। কিন্তু ইহা অপেক্ষা বড় ভুল আর কিছু হইতে পারে না। একমাত্র মহাত্মা গান্ধীই এই সকল বিপ্লবজ অপরাধ প্রশমনের প্রকৃষ্ট চেষ্টা করিতেছিলেন,—তাঁহার নিরুপদ্রব অসহযোগ আন্দোলনের দ্বারা। কিন্তু আপনারাই তাঁহাকে সে সাধু চেষ্টার সুযোগ হইতে বঞ্চিত করিয়াছেন। তাহার ফলভোগ আপনাদের করিতেই হইবে। স্বভাবতই গুপ্ত মন্ত্রণা ও ষড়যন্ত্র আবার চলিতে থাকিবে; তাহা ছাড়া আপনারা অন্য কিছু প্রত্যাশা করিতে পারেন না। আপনাদের এই সকল আইন বিপ্লববাদীদের কর্ম্মচেষ্টাকে স্পর্শও করিবে না। কারণ, তাহারা যাহা করে, সে লোকচক্ষুর অন্তরালেই করে। * * * যদি আপনারা তাহাদের দলগুলিকে বে-আইনী ঘোষণাও করেন, তথাপি কয়টি দলকে আপনারা ধরিতে ও বিনষ্ট করিতে পারিবেন? * * * কাজেই আপনাদের এই আইন প্রযুক্ত হইবে শ্রীযুক্ত সি, আর, দাশ ও আমার মত লোকের উপরেই—যাহারা বোধ করি, বিপ্লববাদীদের অপেক্ষাও ভয়ঙ্কর।"

এই সকল অনুশাসনের (ordinance) দ্বারা শুধু এই প্রকার কাজই সম্পন্ন হইতে পারে। যে সকল লোক সঙ্গত উপায়ে মুক্তির জন্য আগুয়ান, যাহারা দেশের মঙ্গলকর্ম্মের জন্য দলবদ্ধ, এরূপ আইন তাহাদেরই পিষ্ট করিবে; এবং তাহার পরিণাম দেশে বিদ্রোহজনিত অত্যাচারের বৃদ্ধি। আপনারা কি কখনও আশা করিতে পারেন যে, ন্যায্য ও নিরুপদ্রব উপায়ে যে সকল লোক দেশের মুক্তির জন্য সচেষ্ট বা যে যুবককে বিনা কারণে তাহাদের শান্ত স্নেহের আগার পিতামাতার আশ্রয়চ্যুত করিয়া কারাগারে নিক্ষেপ করা হইল, তাহারা গভর্ণমেণ্টের প্রতি সহৃদয় ভাব পোষণ করিবে? বরং পক্ষান্তরে ইহাই কি আপনারা মনে করিবেন না যে, এরূপ একটি অত্যাচারের ফলে বিদ্রোহীদের অত্যাচার শতগুণ বৃদ্ধিপ্রাপ্ত হইবার সম্ভাবনা? বাঙ্গালা দেশে বিপ্লববাদীদের একাধিক গুপ্ত দল আছে, আমি বলিতেছি। সঙ্গে সঙ্গে আমি গভর্ণমেণ্টকে আরও বলিতেছি—এবং যদি জগদীশ্বর আমাকে আর কয়েক বৎসর রক্ষা করেন, আমি যেখানেই থাকি, নিঃসন্দেহ প্রমাণের দ্বারা দেখাইয়া দিব যে, এই সকল দমনকারী আইনের দ্বারা, এই সকল বে-আইনী আইনের দ্বারা বিদ্রোকারীদের দুষ্কৃত দমন করা অসম্ভব। তাহা পূর্ব্বে কখন হয় নাই, ভবিষ্যতেও কখনও হইবে না।

১৮১৮ খৃষ্টাব্দের (রেগুলেশন) অপ্রচলিত বিধি অনুসারে সুভাষচন্দ্রের গ্রেপ্তার এই মিউনিসিপ্যালিটীর পক্ষেও বিশেষ শঙ্কার বিষয়। ভারতবাসীর জাতীয় জীবনের শুভাশুভের দিক হইতে অথবা গভর্ণমেণ্টের সহিত আমাদের জাতীয় বিরোধের দিক হইতে না দেখিলেও এই গ্রেপ্তারে মিউনিসিপ্যালিটীর যথেষ্ট আশঙ্কার কারণ আছে। গভর্ণমেণ্ট যদি আজ অনায়াসে আপনাদের প্রধান কর্ম্মচারীকে বন্ধন করিতে পারেন, তাহা হইলে বন্ধনের পর বন্ধনের দ্বারা গভর্ণমেণ্ট স্বরাজ্যদলভুক্ত সভ্যগণ-পরিচালিত এই মিউনিসিপ্যালিটীর কাজ

একেবারে বন্ধ করিয়া দিতে পারেন। মনে করুন, গভর্ণমেণ্ট যদি ভাবেন—আর এ কথা মিথ্যা নয় যে, গভর্ণমেণ্ট তরপের কেহ কেহ ভাবেন যে, কংগ্রেসের দলভুক্ত লোকের হাতে এ মিউনিসিপ্যালিটীর পরিচালনভার রাখা ঠিক নয়, এবং সেই হিসাবে উর্দ্ধতন কর্ম্মচারী হইতে আরম্ভ করিয়া একে একে অন্যান্য কর্ম্মচারীদের গ্রেপ্তার করেন এবং মিউনিসিপ্যালিটী অচল করিয়া তোলেন, তাহা হইলে কি কর্ত্তব্য। ব্যক্তিগতভাবে সুভাষচন্দ্রের দিক হইতে বা অন্যান্য দিক হইতে না দেখিলেও শুধু মিউনিসিপ্যালিটীর হিতাহিতের দিকে দৃষ্টিপাত করিলেও, আমার বোধ হয়, গভর্ণমেণ্টের এই গর্হিত আচরণের বিরুদ্ধে আপনাদের সুস্পষ্ট প্রতিবাদ করা আবশ্যক এবং আপনাদের যে কর্ম্মচারীকে এইরূপ আপনাদের মধ্য হইতে অপসারিত করা হইয়াছে, তাঁহার প্রতি আপনাদের অক্ষুণ্ণ বিশ্বাসের পরিচয় প্রদর্শন করা আবশ্যক।

শ্রীপঞ্চানন মজুমদার অনূদিত।

---

## মায়ের ডাক

আমাদের জাতীয় জীবনের এমন সন্ধিক্ষণে আজ আমরা এসে দাঁড়িয়েছি যে, আমাদের শাসনকর্ত্তাদের রক্তচক্ষুর সাম্‌নে দাঁড়িয়ে আমাদের আপন হৃদয়ের বল মাপতে হ'বে—আমাদের অন্তরের মধ্যে বুঝতে হ'বে, জননীর এই দুর্দ্দিনে আমরা তাঁর পাশে দাঁড়াতে প্রস্তুত কি না। আমি সে জন্য সম্পূর্ণ প্রস্তুত; তাই আমি আপনাদের আহ্বানে আজ এখানে এসেছি। আমার উপর আপনারা যে বিশ্বাস দেখিয়েছেন, সে জন্য আপনাদের আমার আন্তরিক ধন্যবাদাই। কিন্তু প্রথমেই আমি আপনাদের সতর্ক ক'রে দিতে চাই যে, আমার এমন বিষয়বুদ্ধি বা বিজ্ঞতা নেই যে, তা দিয়ে আপনাদের সাহায্য করি। আমি যে নগর থেকে আসছি, সেখানকার লোক সম্প্রতি গভর্ণমেণ্টের প্রজ্বলিত ক্রোধানলে জর্জ্জরিত হয়েছে। তাঁদের উন্মেষিত রাষ্ট্রজীবন বিনষ্ট করবার ব্যবস্থা হয়েছে। আমার বিশ্বাস, এ ব্যবস্থার দ্বারা গভর্ণমেণ্ট সত্য এই ফল আশা করছেন যে, কলিকাতাবাসীরা ভয়ে রাজকুমারকে সংবর্দ্ধনা করতে বাধ্য হ'বে। কিন্তু আগামী ২০শে ডিসেম্বর যদি রাজকুমার কলিকাতায় কোন সংবর্দ্ধনা পান, তা' হ'লে আপনারা জানবেন, সে সংবর্দ্ধনা কলিকাতার নগরবাসীদের প্রদত্ত নয়—সে তাঁদের কারারুদ্ধ আত্মার আর্ত্তস্বর। কলিকাতায় যে জীবন-যজ্ঞ প্রজ্বলিত হয়েছে, তা'র স্পর্শে আমি পূত, সংস্কৃত হয়ে এসেছি; এবং যদিও আমি বিষয়বুদ্ধিশূন্য দীন, তথাপি আমি একটা অর্ঘ্য নিয়ে আপনাদের সম্মুখে উপস্থিত হয়েছি—সেটা হচ্চে, আমাদের এই জীবন-যজ্ঞ সুসম্পন্ন করবার জন্যে আমার অটল প্রতিজ্ঞা ও অসীম প্রাণভরা উৎসাহ।

আমার মনে হয়, আমাদের প্রথমেই স্থির করা আবশ্যক, আমরা এই রাষ্ট্রীয় আন্দোলন কেন করচি। এ কথার উত্তরে সকলেই বলবেন—আমাদের উদ্দেশ্য বিদেশীর অধীনতা থেকে মুক্তিলাভ করা। কিন্তু মুক্তি কথাটার তাৎপর্য্য কি, তা' গোড়াতেই আমাদের একটু ভেবে দেখা দরকার। এই মুক্তি বা স্বাধীনতা অর্থে অবাধ স্বেচ্ছাচারিতা বা একান্ত সংযমের অভাব নয়, এটা স্বতঃসিদ্ধ। যখন কোন লোককে চুরী করতে বা অন্যের জায়গায় জোর ক'রে ঢুকতে নিষেধ করা যায়, তখন তা'র স্বাধীনতা ও এই নিষেধের মধ্যে কোন বিরোধ থাকে না; কারণ, সে নিষেধ বা বাধার পিছনে মানুষমাত্রেরই অনুজ্ঞা রয়েছে। দ্বিতীয়তঃ স্বাধীনতা অর্থে অন্য কাহারও অপেক্ষা রাখিয়া একান্তভাবে স্বকীয় শক্তির অনুশীলনও বুঝায় না। কারণ, যদি

আমরা সমাজ রক্ষা করতে চাই এবং আশা করি, সমাজ আমাদের রক্ষা করবে, তা' হ'লে আমরা সম্পূর্ণ অনন্যসাপেক্ষ, সম্পূর্ণ অনধীন হ'তে পারিনে। কিন্তু স্বাধীনতার এই যে খর্ব্বতা, এটা পরাধীনতা নয়, এটা মানবজীবনের সার্থকতার বিরোধী নয়; কারণ, এটা স্বেচ্ছাকৃত। এ কথা আমাদের মনে রাখতেই হ'বে যে, স্বাধীনতার অর্থ স্বেচ্ছাচারিতা নয়, স্বাধীনতার সঙ্গে সমাজের কল্যাণের কোন বিরোধ নেই, কারণ, সেই কল্যাণের কাছে আমরা যখন মাথা নোয়াই,আমাদের স্বাধীনতাকে খর্ব্ব করি, সে কাহারও ভয়ে নয়, সে আমাদের স্বাধীন ইচ্ছায়।

তা' হ'লে স্বাধীনতা বলতে আমরা কি বুঝব? স্বাধীনতার সংজ্ঞা দেওয়া সম্ভব নয়; তবে এই পর্য্যন্ত বলা যায় যে, স্বাধীনতা সেই অবস্থা, যে অবস্থায় কোন জাতি আপন বৈশিষ্ট্য রক্ষা ক'রে আপন জীবনকে সম্পূর্ণরূপে ফুটিয়ে তুলতে পারে, সার্থক করতে পারে। জাতীয় জীবন পাছে কলুষিত হয়, জাতীয় বৈশিষ্ট্য পাছে নষ্ট হয়, এই আশঙ্কায় স্বাধীনতা অক্ষুণ্ণ রাখবার জন্যে কত জাতি প্রাণপণ করেছে, মানবজাতির ইতিহাস তা'র লোম হর্ষণ বিবরণে পরিপূর্ণ। যদি শুধু আধুনিক উদাহরণ দেওয়া যায়, তা' হ'লে, ফিন্‌ল্যাণ্ড, পোল্যাণ্ড, আই রায়ল্যাণ্ড, মিশর ও ভারতের নাম উল্লেখযোগ্য। এরা প্রত্যেকেই বিদেশী সভ্যতার আক্রমণ রোধ ক'রে আত্মরক্ষার জন্যে প্রাণপণ কচ্ছে। * * * *

পাশ্চাত্য সভ্যতা ও পাশ্চাত্য প্রতিষ্ঠান যা' এ দেশে প্রতিষ্ঠিত হয়েছে, তা'র আঘাতে আমাদের জাতীয় জীবনের মূল উৎপাটিত না হয়, আমরা আপন ভাবে জাতীয় জীবন গ'ড়ে তুলতে পারি, ভারতের সত্য পরিণাম অনুসন্ধান ক'রতে পারি—এই জন্যেই আমরা স্বাধীনতা চাই। আমার মনে হচ্ছে, আমার কানে একটা আওয়াজ ভেসে আসছে। সে আওয়াজ যেন আমাকে বাধা দিয়ে বলছে—'পাশ্চাত্য জ্ঞান আমাদের দোরে দাঁড়িয়ে আতিথ্য প্রার্থনা কচ্ছে; আমরা কি নির্ম্মমভাবে তাকে দূর ক'রে দেব? আমরা কি ভুলে যা'ব যে, প্রাচ্য ও প্রতীচ্যের মিলিত জ্ঞান-ভাণ্ডার পৃথিবীর মুক্তিবিধান করবে?' এ আওয়াজ ভারতের কবি রবীন্দ্রনাথের। আমি স্বীকার করি যে, ভারতীয় জ্ঞানের আভিজাত্যকে যদি সজীব রাখতে হয়, তা' হ'লে, অন্য জাতির সংস্পর্শ থেকে একে স্বতন্ত্র ক'রে রাখা চ'লবে না। কিন্তু রবীন্দ্রনাথের আপত্তির বিরুদ্ধে আমার দু'টি কথা বলবার আছে। প্রথম অতিথিসৎকারের কথা ভাববার আগে আমাদের ভাবতে হ'বে, আমাদের নিজস্ব একটা বাড়ী চাই, যেখানে আমরা অতিথিকে স্থান দিতে পারি। দ্বিতীয়, আমাদের জ্ঞানভাণ্ডার, আমাদের সভ্যতা, যা' আমরা প্রায় হারিয়ে ফেলেছি, আগে তার পুনরুদ্ধার ক'রতে হ'বে, আমাদের জীবনে পুনঃপ্রতিষ্ঠিত করতে হ'বে; তবে আমাদের পাশ্চাত্য জ্ঞান গ্রহণ করবার শক্তি আসবে। আমার বিশ্বাস, যতক্ষণ পর্য্যন্ত আমরা স্বাধীনভাবে সে জ্ঞান গ্রহণ করতে না পারব, ততক্ষণ সে জ্ঞান আমাদের মধ্যে দাসসুলভ অনুকরণবৃত্তিকেই প্রবল ক'রে তুলবে—যা' যথেষ্ট পরিমাণে ঘটেছে, আমাদের শক্তি বাড়াবে না, আমাদের জীবনের অন্ধকার দূর করবে না। ভারতের সভ্যতা, ভারতের জ্ঞানশক্তি আজ মুমূর্ষু—আমাদের পরাভূত রাষ্ট্রশক্তিই এই শোচনীয় পরিণামের কারণ। এ দুর্গতি আমাদের দূর করতেই হ'বে। ভারতের মৃতকল্প দেহে আবার জীবনের সঞ্চার করতে হ'বে। তার আগে জ্ঞানের মিলন, সভ্যতার মিলনের কথা উঠতেই পারে না।

আমাদের দেশে এক দল রাজনৈতিক আছেন, যাঁরা আপনাদের উদারপন্থী বলেন। আমাদের এই বন্ধুগণের একটা আপত্তি সম্বন্ধে একটু আলোচনা দরকার।

এঁরা বলেন—স্বাধীনতার উদ্দেশ্য যখন দেশের উন্নতি, তখন ইংরাজ সাম্রাজ্যের মধ্য থেকে সে উন্নতি-সাধনে আপত্তি কি? ইহার উত্তরে আমি বলিব, যত দিন ইংরাজ সাম্রাজ্যে ভারতের অবস্থা সম্পূর্ণ পরাধীন, পরমুখাপেক্ষী পোষ্যের মত থাকবে, তত দিন সে কাজে হস্তক্ষেপ করা চলবে না। ভারতের হৃৎপিণ্ডস্বরূপ যে পল্লীগ্রাম, সেখানে যাও এবং সাধারণ পল্লীবাসীর জীবনযাত্রার খবর নাও, দেখবে, তারা কত শ্রমশীল, কত নির্ভীক। সেরূপ লোক সকল দেশের গৌরবস্থল। কিন্তু দেখবে, পরাধীনতায় যে হীনতা এনে দেয়, সেই হীনতা তাদের মুখমণ্ডলে আঁকা—দলাদলি, ঝগড়া আর মামলা এই তাদের জীবনের অবলম্বন। যে জন্যে প্রত্যেক গ্রাম কোন বিষয়ে পরমুখাপেক্ষী ছিল না, সম্পূর্ণ স্বাধীন, সম্পূর্ণ সুখী ছিল, সে সব প্রতিষ্ঠান, সে সব ব্যবস্থা এখন কোথায়? যে দিন পল্লীবাসীরা অনায়াসে জীবনযাত্রা নির্ব্বাহ ক'রে পিতৃপিতামহের ধর্ম্ম পালন করবার যথেষ্ট অবসর পেত, সে দিন কোথায় গেল? আমার বিশ্বাস, কোন জাতি যখন স্বাধীনতা হারায়, তখন ক্রমে হীনতার ছাপ তার জীবনের প্রতি অণু-পরমাণুর উপর অঙ্কিত না হয়ে পারে না। পরাধীন জাতির প্রত্যেক কর্ম্মচেষ্টা এই হীনতায় কলুষিত হয়, —পরাধীনতার এই অনিবার্য্য পরিণাম। আমাদের হয়েছেও তাই। ইংরাজ শাসনাধীনে ভারতবাসীর আর্থিক অবস্থা শোচনীয় হ'য়ে উঠেছে। স্বর্গীয় রমেশ-চন্দ্র দত্ত ও শ্রীযুত পণ্ডিত মদনমোহন মালব্য প্রমাণ করেছেন যে, এ দেশের যে সর্ব্বশ্রেষ্ঠ ব্যবসা—সূতা ও কাপড়ের ব্যবসা, ইংরেজ শাসনকালে সম্পূর্ণ অন্যায় ও অধর্ম্ম উপায়ের দ্বারা বিনষ্ট হয়েছে। কোটি কোটি টাকা প্রতি বৎসর দেশ থেকে বেরিয়ে যাচ্ছে আর তার ফলে দেশ নিরন্ন হয়ে উঠবে, এ কথা ভাবলে কার প্রাণ না অশান্ত হয়ে ওঠে? অন্য দিকে দাসত্বের হীনতায় আমাদের জাতীয় জীবন ভেঙে উঠছে, আমাদের জাতীয় সদ্‌গুণ, আমাদের জাতীয় গৌরব আমরা হারিয়ে ফেলেছি। এখন আমরা মাতৃভাষা ছেড়ে আমাদের ইংরাজ প্রভুর বুলি ধরেছি, ইংরাজী হাবভাব নকল করেছি। পল্লীর সমাজ ভেঙে বিলাতী ধরণে নগর বসাবার জন্যে চীৎকার করছি; ছুতার, কামার, তাঁতির অন্ন মেরে বড় বড় কারখানা খুলছি, মক্তব ও টোল উঠিয়ে দিয়ে ইংরাজী স্কুল খুলছি, পঞ্চায়েত অমান্য ক'রে আদালতে ছুটছি; মসজিদ্ ও মন্দির ভেঙ্গে লাটবেলাটের কীর্ত্তি অক্ষয় করবার জন্যে নগরে নগরে সৌধ নির্ম্মাণ করছি। পাশ্চাত্য সভ্যতার মোহে অন্ধ হয়ে আমরা পাশ্চাত্য জ্ঞানবিজ্ঞানকে উন্মত্ত আগ্রহে বরণ ক'রে নিয়েছি এবং আমাদের চির-গৌরবময় অতীত সাধনার প্রতি বিমুখ হয়ে তার সঙ্গে যোগ ছিন্ন ক'রে আমাদের জাতীয় হীনতার ও লাঞ্ছনার একশেষ করেছি। আমার উদারপন্থী বন্ধুগণ বলবেন—'বেশ ত, দেশের লোকের এই হীনতা আগে দূর কর, আগে তারা মানুষ হোক, তার পরে স্বাধীনতার দাবী কোরো।' আমি বলবো সে বাজে কথা। কারণ, এ কথা যদি ঠিক হয় যে, বিদেশীর শাসনের ফলে আজ দেশের এই অধোগতি—এই সর্ব্বাঙ্গীন দুরবস্থা, তা' হ'লে এ কথা মানতেই হবে যে, পরাধীনতা না ঘুচলে দেশের উদ্ধারের অন্য উপায় নেই। চেষ্টা করলে হয় ত এ অবস্থাতেও কিছু কিছু উপসর্গের নিবৃত্তি করা যেতে পারে, ছোটখাট দু'পাঁচটা দুঃখ দূর করা যেতে পারে, এমন কি, দেশের লোকের নিস্পন্দ প্রাণের মধ্যে এমন স্বাধীনতার আকাঙ্ক্ষা ও উৎসাহ জাগিয়ে দেওয়া যেতে পারে যে, তা বিশেষভাবে রাষ্ট্রীয় আন্দোলনের অনুকূল হ'বে। কিন্তু এ কথা আপনারা নিশ্চয় জানবেন যে, শুধু উপসর্গের কথা ভাবলে আপনাদের

চলবে না, রোগ প্রতীকারের উপায় করতেই হ'বে।

এই জন্যেই ইংরাজের প্রভুত্ব এ দেশে সুদৃঢ় ও স্থায়ী হওয়ার আমার এত আপত্তি। আমার বিশ্বাস, এই প্রভুত্ব অক্ষুণ্ণ থাকলে, ভারতবাসীর জাতীয় জীবনের কিংবা তাহার ব্যক্তিগত জীবনের আকাঙ্ক্ষা কখনই পূর্ণ সাফল্য লাভ করতে পারে না। এ দেশে ইংরাজ শাসনপদ্ধতির দোষগুণের বিচারের কথা বাদ দিয়েই আমি এই সিদ্ধান্তে উপনীত হয়েছি। সে শাসন ভালই হোক আর মন্দই হোক—এবং এ কথা স্বীকার করতে আমার আপত্তি নেই যে, এ শাসন যে কেবলই মন্দ, তা নয়, আমার সিদ্ধান্তের মূল ভিত্তি হচ্ছে এই যে, পরাধীনতা এমন জিনিস যে, তার আওতায় কোন জাতি তার নিজের জীবন অক্ষত রাখতে পারে না, পুষ্টি লাভ করতে পারে না, তার সাধনার চরম সিদ্ধি অর্জ্জন করতে পারে না। যুগ-যুগান্তব্যাপী ভারতের যে সাধনা আছে, তার বৈশিষ্ট্য সম্যক্ উপলব্ধি ক'রে ভারতবাসীকে জাতীয় জীবনের গৌরবময় মহা পরিণাম অনুসন্ধান করতেই হবে! তাতে ইংরাজের সাহায্য বা বাধার অপেক্ষা রাখলে চলবে না। এই জন্যেই স্বাধীনতার একান্ত প্রয়োজন —সে স্বাধীনতা ইংরাজ সাম্রাজ্যের অন্তর্গত থেকেই হোক আর বাইরে গিয়েই হোক, তাতে আমার আপত্তি নেই।

এখন ভেবে দেখা যাক, আমাদের এই আকাঙ্ক্ষিত স্বাধীনতার প্রধান অন্তরায় এই যে, আমলাতন্ত্র শাসনের উচ্ছেদের জন্যে আমাদের কোন্ পন্থা অবলম্বন করা কর্ত্তব্য ?

আমি তিনটিমাত্র পথের কথা জানি—প্রথম সশস্ত্র বিদ্রোহ; দ্বিতীয়, নূতন শাসনবিধি অনুসারে যে সকল কাউন্সিল বা প্রতিনিধি সভা স্থাপিত হয়েছে, সেখানে গিয়ে শাসনকর্ত্তাদের সহযোগিতা করা; তৃতীয় শান্তভাবে অসহযোগ করা। প্রথম উপায়ের কথা একেবারেই বাদ দিতে হবে, কারণ, তা সম্পূর্ণ অসাধ্য। আর অসাধ্য না হইলেও আমি সে পথ বাদ দিতে বলতাম, কারণ, রক্তপাত আমার ধর্ম্মবিরুদ্ধ। কাজেই সহযোগ ও অসহযোগ এই দুটি পন্থার মধ্যে একটি আমাদের অবলম্বন করতেই হবে।

সহযোগের কথা আলোচনা করতে গেলেই আমরা যখন দেখি, ভারতে রাষ্ট্রজীবন গঠনে যাঁরা প্রথম থেকেই মেতেছেন, এমন কতকগুলি নেতা সহযোগিতার পক্ষপাতী, তখন আমরা বেশ একটু মুস্কিলেই পড়ি, বড় কম বিব্রত হয়ে পড়ি নে।

এই জন্যে আমার ইচ্ছা, যাঁরা এই নূতন শাসনবিধির (Governmeant of India Act) সমর্থন করেন, তাঁদের প্রদত্ত যুক্তিগুলি প্রথমে বিবেচনা ক'রে দেখি এবং তা করতে হ'লে আমাদের তিনটা জিনিস বিবেচনা করতে হ'বে; প্রথম—এই যে শাসনবিধি প্রবর্ত্তিত হয়েছে, এতে ভারতবাসীর স্বাধীনতার অধিকার অর্থাৎ ভারতবাসী নিজের জাতীয় জীবন আপন শক্তি ও প্রতিভা অনুসারে গ'ড়ে তুলতে ও নিয়মিত করতে পারে, এই অধিকার স্বীকৃত হয়েছে কি না; দ্বিতীয় ভারতবাসীর ইচ্ছার অনুরূপ ভারতবাসীর ইচ্ছার দ্বারা নিয়ন্ত্রিত এমন শাসনপদ্ধতির সূচনা এই আইনের দ্বারা করা হইয়াছে কি না। যে প্রতিনিধি সভার (Councilo) প্রতিষ্ঠা করা হইয়াছে, তাহার হাতে রাজকোষের উপর কোন প্রকৃত অধিকার দেওয়া হইয়াছে কি না।

এই নবপ্রবর্ত্তিত ভারতশাসনবিধির (Covernment of India Act) মুখবন্ধে সমস্ত আইনটির তাৎপর্য্য সংক্ষেপে বর্ণিত হয়েছে। এই মুখবন্ধের গোড়াতেই লেখা আছে--যে হেতু পার্লামেন্টের বিজ্ঞাপিত নীতি ও অভিপ্রায় এই হইতেছে যে,—ভারতবাসীকে

তাহাদের স্বদেশ শাসনের ন্যায্য অধিকার প্রদান করা? না। যে সকল স্বাধীন রাজ্যের সম্মিলনে ইংরাজসাম্রাজ্য গঠিত, ভারতবর্ষকে তাহাদের সঙ্গে সমানভাবে এই সাম্রাজ্যের সম্মানিত অংশীদারের অধিকার দেওয়া? না। তবে কি?—'প্রত্যেক শাসন বিভাগে ভারতবাসিগণকে ক্রমে ক্রমে প্রবেশাধিকার দেওয়ার ব্যবস্থা করা এবং যাহাতে ভারতবর্ষে আস্তে আস্তে স্বায়ত্ত-শাসনমূলক প্রতিষ্ঠানসমূহ প্রতিষ্ঠিত হয়, তাহার ব্যবস্থা করা এবং যাহাতে ক্রমশঃ ভারতশাসনপদ্ধতি জনমতে প্রতিষ্ঠিত হইয়া ইংরাজ সাম্রাজ্যের অঙ্গরূপে পরিগণিত হইতে পারে, এরূপ ব্যবস্থা করা।' একটা জাতির ন্যায্য ও স্বাভাবিক অধিকার বোধ করি এর চেয়ে গৌণভাবে, এর চেয়ে অস্পষ্টভাবে স্বীকার করা যেতে পারে না। এর মধ্যে এমন প্রতিশ্রুতি কোথাও নেই, যার জোরে আমরা কোন কালে ইংরাজ পার্লামেণ্টকে বাধ্য করতে পারি। আমাদের এই ন্যায্য দাবী স্বীকার করত সাম্রাজ্যভুক্ত অন্যান্য স্বাধীন দেশের সঙ্গে সমানভাবে ভারতের মর্য্যাদা ও অধিকার স্বীকার করতে। মুখবন্ধ যত অগ্রসর হচ্ছে, আইনের তাৎপর্য্যও তত স্পষ্ট হয়ে উঠছে। একটু অগ্রসর হয়েই দেখা যায়, লেখা আছে যে, ভারতবাসীকে কখন ও কতটুকু অধিকার দেওয়া হবে, তা সম্পূর্ণ নির্ভর করছে পার্লামেণ্টের বিবেচনার উপর। শুধু তাই নয়, আর একটু অগ্রসর হয়ে দেখা যায় যে, এই আইন অনুসারে ভারতবাসীকে যে সুযোগ দেওয়া হ'বে, তারা যে পরিমাণে তার সদ্ব্যবহার করবে এবং যে পরিমাণে পার্লামেণ্টের চক্ষে যোগ্যতা ও বিশ্বস্ততার প্রমাণ দেবে, সেই পরিমাণে পার্লামেণ্ট তাদের আস্তে আস্তে অধিকারের গণ্ডী বিস্তৃত ক'রে দেবে অর্থাৎ আমরা যদি আমাদের ইংরাজ ভাগ্যবিধাতাদের কাছে সুবুদ্ধি বালকের মত সপ্রমাণ করতে পারি যে, তাঁ'রা যা' বলবেন, আমরা ঠিক সেইমত চলছি এবং তাঁ'রা যা'কে দায়িত্ব' বোধ মনে করেন, আমাদের মধ্যে সেই দায়িত্ববোধ জন্মেছে, তা' হ'লে তাঁরা যখন যতটুকু অনুকম্পা দেখান উপযুক্ত বোধ করবেন, তাই দেখাবেন এবং আমাদের তাতেই সন্তুষ্ট হ'তে হ'বে। অর্থাৎ ত্রিশ কোটি ভারতবাসী চিরদিন শিশু থাকবে এবং ইংরাজ শাসনকর্ত্তারা চিরদিন তা'দের অভিভাবকতা করবেন, এই হ'ল এই সংস্কৃত শাসনবিধির তাৎপর্য্য। এত বড় অপমান আমি সহ্য করতে কিছুতেই প্রস্তুত নই। আমাদের হিতাহিত আমরা বুঝি নে, কখনও বুঝব না, আমাদের বিদেশী শাসনকর্ত্তারা আমাদের হিতাহিত আমাদের চেয়ে বেশী বোঝেন এবং আমাদের কল্যাণভার চিরদিন বহন করতে পারেন, এ কথা আমি সম্পূর্ণ অস্বীকার করি। আমার বিশ্বাস, ভারতবাসীর উপর ইংরাজ অধিকার ও আধিপত্য চিরদিন অক্ষুণ্ণ রাখাই এই আইনের মূল উদ্দেশ্য।

আমাদের যে সকল উদারমতাবলম্বী বন্ধুগণ এই শাসনবিধির পক্ষপাতী, তাঁদের উপর আমার যথেষ্ট শ্রদ্ধা আছে। তবু আমি এ শাসনবিধি মাথা পেতে নিতে পারিনে, কারণ, এ আইনের ভিত্তি ভারতের কল্যাণের উপর প্রতিষ্ঠিত নয়। আমার বিবেচনায় এ আইন স্বীকার ক'রে গভর্ণমেণ্টের সহযোগিতা করলে আমাদের জাতীয় সম্মান কখনই বজায় থাকতে পারে না। আমাদের জাতীয় জীবনে যত ত্রুটিই থাক, আমি জোর ক'রে বলব, কংগ্রেস থেকে এ কথা আমাদের মুক্তকণ্ঠে ঘোষণা করা কর্ত্তব্য যে, স্বাধীনতা প্রত্যেক জাতির স্বাভাবিক অধিকার এবং ইংরাজ পার্লামেণ্ট যে সিদ্ধান্তই করুন, আমাদের জাতীয় সংস্কার, প্রকৃতি ও সাধ্যানুসারে আমাদের জাতীয় জীবন গ'ড়ে তোলা ও মুক্তির বিধান করার অধিকার ভারতবাসী ছাড়া আর কাহারও নাই। ভারতের এই মুক্তিসাধনার যিনি বিরোধী বা বিঘ্নকারী,

তঁাহাকে কখনই ভারতবাসীর বন্ধু বলিয়া মনে করিতে পারি না। ইংরাজের সহিত আমি একমাত্র সর্ত্তে সহযোগিতা করতে প্রস্তুত—সে হচ্ছে এই যে, ইংরাজ ভারতের এই স্বাধীনতার অধিকার স্বীকার করেন। এই নবশাসনবিধির মধ্যে কোথাও সে স্বীকারোক্তি নেই, যা আছে, তার একমাত্র সঙ্গত অর্থ ইংরাজের কর্ত্তৃত্ব ও আধিপত্য ভারতে কায়েমী করা। যা'তে আমার দেশের স্বাধীনতার আকাঙ্ক্ষা চিরদিনের জন্তে পাথর চাপা থাকে, এমন ব্যবস্থার আমি কোন সাহায্য করতে পারিনে।

আমাদের উদারমতাবলম্বী বন্ধুগণ বলেন যে, যদিও ভারতশাসনবিধির মধ্যে আমাদের স্বাধীনতার অধিকার তেমন স্পষ্টভাবে স্বীকৃত হয়নি, তবুও আমরা যদি এই আইন অনুসারে কাজ করি, তবে ভবিষ্যতে আমাদের এই ন্যায্য অধিকার পার্লামেণ্ট কখনই রোধ করতে পারবে না। আমাদের বন্ধুগণের বিজ্ঞতা, দেশহিতৈষিতায় আমার বিলক্ষণ বিশ্বাস আছে; কিন্তু তবুও আমি বলব, তাঁরা যা' বলছেন, সে কথা বর্ত্তমান ক্ষেত্রে সম্পূর্ণ অবান্তর। ইংরাজ সরকারের সঙ্গে আপোষ করতে আমার কোন আপত্তি নেই; কিন্তু আপোষ কোন্ বিষয়ে করা চলে? জীবনের যেটা মূল ভিত্তি, সে বিষয়ে আপোষের কথা উঠতেই পারে না। অন্য বিষয়ে শুধু আপোষ কেন, আমি যথেষ্ট ত্যাগ স্বীকার করতেও রাজী আছি। স্বাধীনতার অধিকার মানুষের জন্মগত অধিকার, প্রত্যেক জাতির জন্মগত অধিকার, সে অধিকারে কিস্তিবন্দী চলে না। আমি চাই, ইংরাজ গভর্ণমেণ্ট আমাদের সে অধিকার প্রাণ খুলে স্বীকার করুন। নতুবা আমাদের এই বিরোধে শান্তি নেই। আমাদের পরিণাম সম্বন্ধে আমার সন্দেহমাত্র নেই—আমাদের জয় অবশ্যম্ভাবী। কিন্তু যদি ধ'রে নিই, আমাদের পরাজয় হ'বে, তা' হ'লেও, আমাদের এই সান্ত্বনা থাকবে যে, আমরা আমাদের জাতীয় সম্মান ও মর্য্যাদা অক্ষুণ্ণ রাখ্‌তে পেরেছি। আমাদের মন্ত্রিগণ এ কথাটা মনে রাখেন না। সেই জন্তেই কংগ্রেসের সঙ্গে তাঁহাদের এত বিরোধ। মন্ত্রিগণের চোখ শুধু পার্লামেণ্টের উপর আর তাঁদের চাকরীর উপর নিবদ্ধ। কংগ্রেসের কথা এঁরা বোঝেন না, কারণ, কংগ্রেসের লক্ষ্য সম্পূর্ণ অন্য দিকে—কংগ্রেস চায় দেশের কল্যাণ এবং যা' সে কল্যাণের সত্য ভিত্তির বিরোধী, তা' কংগ্রেস সর্ব্বান্তঃকরণে বর্জ্জন করতে প্রস্তুত।

এখন দেখা যাক, এই নূতন শাসনসংস্কারে ভারতবাসিগণকে যেরূপ অধিকার দেওয়া হয়েছে, তা'তে অন্ততঃ ভারতের স্বাধীনতার প্রথম সূচনাও করা হয়েছে কি না এবং কাউন্সিলে ভারতবাসীর প্রতিনিধিগণের হাতে রাজকোষের উপর কোন প্রকৃত অধিকার দেওয়া হয়েছে কি না। আমাদের উদারপন্থী নেতারা মনে করেন, দেশশাসনে কতকটা প্রকৃত অধিকার আমরা পেয়েছি; কারণ, যে সাত জন মন্ত্রী ও সদস্যের হাতে বিভিন্ন বিভাগের কর্ত্তৃত্ব অর্পণ করা হয়েছে, তন্মধ্যে পাঁচ জন ভারতবাসী। বাইরে থেকে এ কথা শুনলে মনে হয় বটে, দেশশাসনের দায়িত্ব ও অধিকার কতক পরিমাণে দেশের প্রতিনিধিগণের হাতে দেওয়া হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে তা' কিছুই করা হয় নি। শাসনের ব্যবস্থাটা হয়েছে এই—গভর্ণমেণ্টের সমস্ত শাসনবিভাগগুলি দুই শ্রেণীতে বিভক্ত করা হয়েছে—(১) খাস, (২) হস্তান্তরিত। খাসবিভাগের কর্ত্তৃত্ব দেওয়া হয়েছে চা'র জন গভর্ণরের মনোনীত সদস্যের হাতে; হস্তান্তরিত বিভাগের কর্ত্তৃত্ব দেওয়া হয়েছে কাউন্সিল বা প্রতিনিধিসভার নির্ব্বাচিত তিন জন মন্ত্রীর হাতে। এই দু'টি বিভাগই গভর্ণরের অধীন। খাস বিভাগের পরিচালন গভর্ণর সদস্যগণের সাহায্যে করিবেন এবং হস্তান্তরিত বিভাগের

পরিচালন গভর্ণর মন্ত্রিগণের সাহায্যে করিবেন। শাসনব্যাপারে গভর্ণর আইন অনুসারে সকল বিষয়ে মন্ত্রী ও সদস্যগণের সঙ্গে মিলিতভাবে পরামর্শ ক'রে কাজের ব্যবস্থা করতে বাধ্য ন'ন। নূতন টেক্স ধার্য্য করা, কর্জ্জ করা এবং খাস ও হস্তান্তরিত বিভাগের খরচের ব্যবস্থা করা—এই তিনটি বিষয়ে সদস্যদের সঙ্গে মন্ত্রীদের একত্র ক'রে পরামর্শ করার বিধি আছে বটে, কিন্তু সেরূপ ক্ষেত্রেও মন্ত্রিগণের পরামর্শমত কাজ হ'বে এমন আশা ক'রবার উপায় নেই। কারণ, সদস্যগণের সঙ্গে মন্ত্রিগণের মতভেদ হ'লে, মন্ত্রীদের মত অগ্রাহ্য। এমন কি, যদি সদস্যগণের মধ্যে যে দু'জন ভারতবাসী, তাঁরাও মন্ত্রিগণের সঙ্গে যোগ দেন, তা' হলেও গভর্ণর বাকী দু'জন ইংরাজ সদস্যের মত সমর্থন ক'রে সেই মতে কাজ করতে পারেন। কাজেই সংখ্যা'য় বেশী হ'লেও শাসনব্যাপারে আমাদের মন্ত্রী ও সদস্যগণ সম্পূর্ণ শক্তিহীন। মন্ত্রিগণেরও রাজকোষের উপর কোন জোরই নেই; সদস্যগণ খাস বিভাগের ষোল আনা বরাদ্দ ক'রে নিয়ে যে সামান্য টাকা বাচবে, তাই মন্ত্রীদের হাতে দেবেন, মন্ত্রীরা সেই টাকায় যা' পারেন করুন। শাসনব্যাপারেও মন্ত্রীদের পুতুলের মত পঙ্গু করা হয়েছে। অসহযোগ আন্দোলন দমন করবার জন্যে গভর্ণমেণ্ট যদি কোন নূতন আইন তৈরী করতে চা'ন কিংবা মহাত্মা গান্ধীকে গ্রেপ্তার করতে চা'ন ত' মন্ত্রীদের সঙ্গে কোন পরামর্শ করার প্রয়োজন নেই। মন্ত্রীরা নিরীহ শিশুর মত এ সব ব্যাপার ব'সে ব'সে দেখবেন, কোন কথা কইতে পারবেন না। এ সত্ত্বেও যদি আমাদের উদারনৈতিক নেতারা বলেন যে, সাত জনের মধ্যে পাঁচ জন আমাদের লোক, সুতরাং গভর্ণমেণ্ট পরিচালনে আমরা ক্ষমতা পেয়েছি, তা' হলে আমি নাচার। এত বড় ভুল, এত কঠিন মোহ আর কি হ'তে পারে!

তা'র পরে, হস্তান্তরিত বিভাগের কথা ও সেখানে মন্ত্রীদের শোচনীয় অবস্থার একটু পরিচয় দিই। প্রথমতঃ কোন বিভাগ আদৌ হস্তান্তরিত হয়েছে, এটা সত্য নয়। ব্যাপারটা বেশ একটু রহস্যজনক। দেশের কোন প্রকৃত কল্যাণকর বিষয়ের জন্যে যখনই ভারতবাসীরা পীড়াপীড়ি করেছে, তখনই দেখা গিয়েছে, তা'র ফলে গভর্ণমেণ্ট আমাদের বড় বড় বাড়ী, বড় বড় আপিস ইত্যাদি তৈরী ক'রে দিয়ে বিরাট খরচের ব্যবস্থা করেছেন। বর্ত্তমান ক্ষেত্রেও হয়েছে তাই। কোন বিষয়ে প্রকৃত ক্ষমতা ও কর্ত্তৃত্ব যদি মন্ত্রীদের হাতে দেওয়া হ'ত, কোন বিভাগে সত্য শাসনভার যদি ভারতবাসীর অনুকূলে হস্তান্তরিত হ'ত, তা' হ'লে আমরা কি দে'খতাম? আমরা দেখতাম, মন্ত্রীর এ ক্ষমতা আছে যে, তিনি বলতে পারেন, 'আমার অধীনস্থ বিভাগের ব্যবস্থা আমি আমূল পরিবর্ত্তন করতে চাই, যা'তে কম খরচে দেশীয় কর্ম্মচারী দ্বারা কাজ ভাল রকম চলে, আমি তার ব্যবস্থা করব।' এ কথা বলবার শক্তি থাকলে তবে বুঝতাম, কোন্ বিভাগের প্রকৃত কর্ত্তৃত্ব মন্ত্রী পেয়েছেন। ভারত-শাসনবিধি এমন নিপুণ কৌশলে তৈরী যে, বাহ্যতঃ মন্ত্রীর হাতে কর্ত্তৃত্ব থাকলেও তাঁর কিছুই ক্ষমতা নেই। কোন প্রদেশের স্বাস্থ্যবিভাগের মন্ত্রী এক সময় প্রতিনিধি সভার সমক্ষে বড় ক্ষোভে স্বীয় দুর্দ্দশার কথা অকপটে ব্যক্ত করেছিলেন। তিনি বলেছিলেন যে, কোন বিশেষ জরুরী কাজের জন্যে যদি তিনি তাঁর অধীনস্থ বিভাগ থেকে ডাক্তার চেয়ে পাঠান, তখনই উত্তর আসে—আমাদের হাতে ডাক্তার নেই এবং যদি কখন তিনি কোন পীড়িত জায়গায় ডাক্তার পাঠান, অমনি চিকিৎসাবিভাগ তাঁর মুখের উপর ব'লে ব'সে—আপনার এ ডাক্তাররা আনাড়ী, আমরা এদের খরচ বহন করতে প্রস্তুত নই। ডাক্তারী বিভাগ ও স্বাস্থ্যবিভাগ একই মন্ত্রীর

অধীনে। কাজেই আপনারা বোধ করি আশ্চর্য্য হয়ে মনে কচ্ছেন যে, মন্ত্রীর অধীনস্থ বিভাগীয় কর্ম্মচারীদের উপর তাঁর এত কম অধিকার কি কখন সম্ভব? কিন্তু বাস্তবিকই তাই। আমি আর এক জন মন্ত্রীর সাক্ষ্য উদ্ধৃত ক'রে এ কথার সত্যতা প্রমাণ করব। আয় ব্যয়ের আলোচনা উপলক্ষে এই মন্ত্রীটি প্রতিনিধি-সভায় বড় দুঃখে বলেছিলেন—'আপনারা মনে করেন, বিলাতে পার্লামেন্টের যে সকল মন্ত্রী আছেন, তাঁদের হাতে যে ক্ষমতা আছে, আপনাদের মন্ত্রিপদে অধিষ্ঠিত এই বেচারী দু'টিরও বুঝি সেই ক্ষমতা আছে এবং তাই ভেবে আপনারা আমাদের কৃত সকল কাজের কৈফিয়ৎ চান। কিন্তু দুঃখের বিষয় আপনারা এ কথাটা ভুলে যা'ন যে, প্রকৃতপক্ষে শাসনভার যাঁ'দের হাতে, আমরা সম্পূর্ণভাবে তাঁ'দের হাততোলার উপর—তাঁরা দয়া ক'রে যা' আমাদের হাতে তুলে দেন, আমরা তাই নিয়ে নাড়াচাড়া করি মাত্র।'

এই ত মন্ত্রীদের অবস্থা। কাউন্সিল বা প্রতিনিধি-সভার অবস্থাও মন্ত্রীদের চেয়ে বিশেষ ভাল নয়। আইনে অবশ্য লেখা আছে, প্রতিনিধি-সভা অধিকাংশের মতানুসারে খাস বা হস্তান্তরিত যে কোন বিভাগেই হোক, খরচের ফর্দ্দ সম্পূর্ণ বা আংশিকভাবে নামঞ্জুর করিতে পারে। কিন্তু এ ক্ষমতারও মূল্য খুবই কম। কারণ, প্রথমতঃ কোন্ বিভাগে কত খরচ করা হ'বে, তা'র বরাদ্দ করায় কাউন্সিল বা প্রতিনিধি-সভার কোন হাত নেই; দ্বিতীয়তঃ খাস বিভাগের কোন খরচ যদি কাউন্সিল না-মঞ্জুর করে, তবে গভর্ণর আপন এক্তারে সে খরচ করিতে পারেন। সে খরচ যত বড় অপব্যয়ই হোক, প্রতিনিধিসভা তা' ঠেকাতে পারে না। কেবলমাত্র হস্তান্তরিত বিভাগে যে টাকা মন্ত্রিগণ পাবেন, প্রতিনিধিসভা তার উপর কিছু কমতা চালাতে পারে।

রাজকোষের উপর মন্ত্রীদের ও প্রতিনিধি-সভার এই অধিকার। অথচ আমাদের উদারনীতির উপাসক বন্ধুগণ বলছেন, ভারতবাসিগণ রাজকোষের উপর যথেষ্ট অধিকার পেয়েছেন।

এই নূতন ভারতশাসনপদ্ধতিতে এমন কিছু নেই, যা'তে ভারতবাসীরা মনে করতে পারে যে, এর দ্বারা তা'দের ভবিষ্যৎ স্বাধীনতার সূচনা করা হয়েছে। এই শাসনপদ্ধতি হবার আগে ভারতবাসী যে তিমিরে ছিল, এখনও সেই তিমিরে। এ শাসনপদ্ধতিতে আমরা এমন এতটুকু ক্ষমতা বা অধিকার পাই নি, যা'র জোরে আমরা বলতে পারি যে, ভবিষ্যতে দেশের কোন মঙ্গল অনুষ্ঠানের জন্যে আমরা যে আইন বা যে ব্যবস্থা প্রবর্ত্তিত করতে চাইব, তা' হ'বে, বা যে সকল আইন বা ব্যবস্থা প্রজাগণের মতের বিরুদ্ধে প্রবর্ত্তিত হয়েছে, যে সকল আইন বা ব্যবস্থা প্রজার অমঙ্গল কচ্ছে বা তা'দের পীড়াদায়ক হয়েছে, তা' আমরা উঠিয়ে দিতে পারব। সে দিন পঞ্জাবে যে অমানুষিক অত্যাচার হয়েছিল, ভবিষ্যতে সেরূপ অত্যাচার নিবারিত হ'তে পারে, এমন কোন বিধি এ আইনে নাই—এমন কোন ক্ষমতা আমরা পাই নি। তবুও আমাদের প্রবীণ নেতারা এ আইনের প্রদত্ত অধিকারের মরীচিকায় ভুলে গভর্ণমেন্টের সঙ্গে সহযোগিতা ক'রতে চান! আমি গভর্ণমেন্টের সঙ্গে অযথা বিরোধ করতে চাইনে। কিন্তু আত্মসম্মান হারিয়ে, দেশের মর্য্যাদার হানি ক'রে আমি শান্তি চাহিনে; এবং সেই জন্যেই আমি বলছি, যত দিন ভারতশাসনবিধির অভিপ্রায় ও তাৎপর্য্য পরিবর্ত্তিত না হচ্ছে, যত দিন আমাদের স্বায়ত্তশাসনের অধিকার, আমাদের জাতীয় জীবন আমাদের ইচ্ছা ও শক্তি অনুসারে গ'ড়ে তোলবার অবাধ অধিকার গভর্ণমেন্ট অকপটে স্বীকার না করছেন, তত দিন গভর্ণমেন্টের সহযোগিতা করা আমাদের পক্ষে অসম্ভব।

কাজেই আমাদের স্বাধীনতার সমরে একটিমাত্র অস্ত্র আছে, যা ব্যবহার ক'রে আমাদের মুক্তির পথ

উন্মোচিত করতে পারি। উপর্য্যুপরি দু'বছর কংগ্রেসেও এই নীতিই অবলম্বিত হয়েছে। সুতরাং, অসহযোগ সম্বন্ধে আমার বেশী কিছু বলবার প্রয়োজন নেই।

তবে একটা আপত্তি কেউ কেউ করেন, সে সম্বন্ধে দু'একটা কথা বলতে ইচ্ছা করি। এঁরা বলেন, অসহযোগের মূল কথাটা হচ্ছে 'নেতি নেতি।' 'নেতি নেতি' ক'রে যদি সবই ছাড়া যায়, তা হ'লে ক্রমে আমরা এমন কোণঠাসা হয়ে পড়বো যে, আমাদের জাতীয় জীবন রক্ষা করাই কঠিন হবে। এঁরা মনে করেন, অসহযোগ আশার বাণী নয়, নিরাশার অবসাদ।

এটা মস্ত ভুল। অসহযোগ মোটেই নিরাশার বাণী নয়। অথবা আমাদের ক্লৈব্যবশতঃ আমরা যে পৃথিবীর সমস্ত জাতি ও সমস্ত জিনিস থেকে স'রে থাকতে চাই, তাও নয়। পৃথিবীর ভিন্ন ভিন্ন দেশ ও ভিন্ন ভিন্ন জাতির মধ্যে যে বৈচিত্র্য দেখতে পাওয়া যায়, তা' কখনই নিরর্থক নয়—আমার বিশ্বাস, সে বিশ্ববিধাতার লীলা। এই বৈচিত্র্যের ভিতর দিয়ে যেমন তাঁর অচিন্ত্য লীলা প্রকাশ পায়, তেমনই বিশ্বব্রহ্মাণ্ডের এই অনন্ত বৈচিত্র্যের ভিতর দিয়েই তাঁর ঐক্য সংসাধিত হয়। বাগানে যেমন নানা জাতীয় ফুল বিভিন্ন ঋতুতে, বিভিন্ন রূপে, বিভিন্ন বর্ণে ও গন্ধে প্রস্ফুটিত হয়ে সেই একই বিশ্বশিল্পীর অনন্ত মহিমার পরিচয় দেয়, সেই রকম মানুষও ভিন্ন ভিন্ন দেশে বিভিন্ন রূপ ধ'রে ভিন্ন ভিন্ন সাধনার দ্বারা বিভিন্ন ও বিচিত্র জাতীয় সংস্কারের ভিতর দিয়ে বিশ্বমানবের বিরাট ঐক্য ও কল্যাণ অনুসন্ধান করে। আপন আপন সাধনার অনুরূপ এই যে বিশিষ্ট পথ ধ'রে চলা, এই হ'ল প্রত্যেক জাতির বৈশিষ্ট্য—তার জাতীয়তা, তার স্বাভাবিক অধিকার। এর সঙ্গে অন্য কোন জাতির বিরোধ নেই। অন্যের হিংসা জাতীয়তার লক্ষ্য নয়। নিজের বিশিষ্ট সাধনার দ্বারা অন্যের সঙ্গে ঐক্য নির্ণয় করা, যোগ স্থাপন করা, এবং পরিণামে সকলের সমবেত সাধনার দ্বারা মানব-জাতির চরম কল্যাণসাধন করা—এই হ'ল জাতীয়তার উদ্দেশ্য। ইংরাজের সঙ্গে আমরা যে সহযোগিতা করতে অস্বীকার কচ্ছি, তার এমন অর্থ নয় যে, আমরা ইংরাজের হিংসা করি বা ইংরাজকে ঘৃণা করি। আমরা অসহযোগ অবলম্বন কচ্ছি, তার উদ্দেশ্য যা' আমাদের বিশিষ্ট জাতীয় সাধনার বিরোধী, তা' বর্জ্জন না ক'রলে, আমাদের জাতীয় জীবন কখনও রক্ষা পাবে না, আমাদের দ্বারা মানবজাতির কোন কল্যাণ সাধিত হ'বে না। এই যে আমাদের ছেলে-দের শিক্ষা-দীক্ষার ভার আমরা আমাদের নিজের হাতে নিতে চাচ্ছি এর উদ্দেশ্য পাশ্চাত্য বিদ্যা, পাশ্চাত্য জ্ঞান বর্জ্জন করা নয়। আমাদের দেশে যুগযুগান্তর ধ'রে যে জ্ঞান পুঞ্জীকৃত হয়ে আছে এবং পাশ্চাত্য সভ্যতা ও পাশ্চাত্য আধিপত্য বিস্তারের সঙ্গে সঙ্গে যার দিক থেকে আমাদের নজর ফিরিয়ে এনে আমাদের মনোভাব বিকৃত ক'রে তোলা হয়েছে এবং যা'র দিকে মুখ ফিরিয়ে আমরা আমাদের হারিয়ে ফেলেছি, আমাদের ছেলেদের শ্রদ্ধা আমাদের সেই লুপ্তপ্রায় অনন্ত জ্ঞানভাণ্ডারের উপর ফিরিয়ে আনাই আমাদের এই জাতীয় শিক্ষা আন্দোলনের মর্ম্ম। আমাদের অতীত শিক্ষা ও সাধনার ভিত্তির উপর পাকা হয়ে দাঁড়াতে পারলে, তবে আমরা বিদেশের প্রদত্ত বিদ্যার সম্যক্ আদর করতে পারব, তবে সে বিদ্যা সত্য জ্ঞানের আলোক দান করবে! সেই জন্যে আমি বলি, জ্ঞানের যে মণিময় দীপ তোমার নিজের গৃহকোণে প'ড়ে রয়েছে, আগে সেই দীপ জ্বালিয়ে ঘরের অন্ধকার দূর কর, দেখ, তোমাদের অবস্থা কি, তার পরে বাইরে যে ঝাড়-লণ্ঠন পাও, নিয়ে এসে ঘর সাজিও।

এই হ'ল অসহযোগের প্রকৃত মর্ম্ম। সাধুচরিত্র, মহামনা ষ্টোক্‌স্ ( Stokes ) সাহেব অসহযোগের বড় সুন্দর ব্যাখ্যা দিয়াছেন। তাঁর কথা উদ্ধৃত করার লোভ আমি সংবরণ করতে পাচ্ছি নে। তিনি বলেছেন,—'যে অন্যায় নিবারণ করা মানুষের সাধ্যায়ত্ত, তার সঙ্গে কোন সংস্রব না রাখার নামই অসহযোগ; যে অন্যায়ের প্রতীকার আছে বা যা স্পষ্টতঃ ধর্ম্ম বা বিবেকবিরুদ্ধ, তা মানতে অস্বীকার করার নামই অসহযোগ এবং সেই জন্যেই যারা স্বার্থ বা কূট-নীতির অনুরোধে অন্যায় আচরণ করে বা তার প্রতীকারের প্রতিকূলতা করে, অধর্ম্মের প্রতিপত্তি অক্ষুণ্ণ রাখতে চায়, তাদের সঙ্গে সংস্রব রাখতে অস্বীকার করার নামও অসহযোগ।'

আমাদের কোন কোন বন্ধু বলেন, অসহযোগ নৈরাশ্যের বাণী, অসহযোগ ভীরু দুর্ব্বলের সংকীর্ণতা-প্রসূত অস্বীকার, এবং এই যুক্তির দোহাই দিয়ে তাঁরা অসহযোগ-তত্ত্বের নিন্দা করেন। কিন্তু সেটা মস্ত ভুল। আমরা আজ দুর্ব্বল ব'লে এ কথাটা যুক্তিচ্ছলে অবতারণা করার কতকটা সুযোগ এসেছে বটে, নতুবা পৃথিবীর কোন্ বড় সাধনা কবে অসহযোগ নীতিকে উপেক্ষা ক'রে সিদ্ধিলাভ করেছে? যা অন্যায়, যা অসত্য, যা ধর্ম্মবিরুদ্ধ, চিরদিনই পৃথিবীর মহাপুরুষগণ বর্জ্জন ক'রে সাধনার পথ নিষ্কণ্টক করতে শিখিয়েছেন। মানব-সমাজের সমস্ত গৌরবময় সিদ্ধির এই একমাত্র সনাতন পথ। আমরা যে বর্জ্জন করতে চাচ্ছি সে শুধু প্রকৃতভাবে গ্রহণ করার উদ্দেশ্যে। আমরা যে ভাঙ্গিতে চাচ্ছি, সে কেবল নূতন ক'রে ভাল ক'রে গ'ড়ে তুলবার জন্যে। এ বর্জ্জনে দুর্ব্বলতা নেই, সংকীর্ণতা নেই, নিরাশার কোন চিহ্নমাত্র নেই। যে সহস্র সহস্র যুবকগণ ও শত শত নেতাগণ দৈনিক কারাগারে নিক্ষিপ্ত হচ্ছেন, তাঁদের নির্ভীক, সহাস্য, বীরোচিত মুখ-মণ্ডলের দিকে দৃষ্টিপাত করলেই এ কথার সত্যতা উপলব্ধি করা সহজ হবে। উদার বীরহৃদয়, জ্ঞানী, কর্ম্মবীর মহম্মদ আলি ও সৌকত আলি কি নিরর্থক আপনাদের সুখের জীবন কণ্টকময় ক'রে তুলেছেন? পঞ্জাব-কেশরী, মহাতেজা লজপৎ রায় কি বাতুলের মত আমলাতন্ত্রের অনুশাসন ফুৎকারে অগ্রাহ্য ক'রে কারাগার বরণ করেছেন? মহামনা পণ্ডিত মতিলাল রাজোচিত ঐশ্বর্য্য ও সম্মানে পদাঘাত ক'রে যে অশেষ দুঃখ মাথা পেতে নিয়েছেন, তার কারণ কি এই নয় যে, শাসনতন্ত্রের অন্যায়ের কাছে মাথা নত ক'রে নিজের স্বাধীনতা বিসর্জ্জন দেওয়ার চেয়ে ব্যক্তিগত দুঃখ ও বন্ধনের দ্বারা দেশের মুক্তির পথ উন্মুক্ত করা শ্রেয়ঃ? মাতৃভূমির স্বাধীনতার জন্যে যে সকল সাধক দুঃখকে গৌরবান্বিত করেছেন, তাঁদের সকলের নাম উল্লেখ করার সময় এখন নেই। তবে তাঁরা সবাই এবং যে অযুত দেশপ্রাণ ছাত্রগণ বিস্ময়কর সাহস, বীর্য্য ও ত্যাগের দ্বারা মাতৃভূমির সেবায় রত হয়েছেন, আমার একান্ত বিশ্বাস, তাঁদের নিষ্ঠাই জননীর চরণের শৃঙ্খল মোচন করবে।

আমাদের অসহযোগ আন্দোলনের সাফল্যে শাসনতন্ত্র যে কতটা বিচলিত হয়েছে, তা' তার নব-প্রবর্ত্তিত প্রচণ্ড দলননীতির দ্বারাই সপ্রমাণ হচ্ছে। বড়লাট রেডিং বাহাদুর শাসনতন্ত্রের এই গর্হিত দমননীতিকে অবৈধ বিবেচনা করেন না,—তিনি একে দলননীতি বলতেই অনিচ্ছুক। কিন্তু Seditions Meetings Act ও Criminal low Amendment Act যে দেশের সাধারণ দণ্ডবিধির অন্তর্গত, এ কথা আমি স্বীকার করতে পারিনে; এবং এ যে শুধু আমার একার মত, তাও নয়। সম্প্রতি আইন-শাস্ত্রে বিশেষজ্ঞদের নিয়ে গভর্ণমেণ্ট এক মন্ত্রণাসমিতির (Committee) গঠন করেছিলেন, সেই সমিতির অনুসন্ধান ও বিবেচনার জন্যে দলননীতিমূলক যে সকল বিধি প্রস্তাবিত হয়েছিল, এই আইন দুটিও তার

মধ্যে ছিল। তা ছাড়া, ব্যক্তিগতভাবে কিংবা সংঘবদ্ধ হয়ে কোন মত প্রচার করা, দেশে রাজনৈতিক শিক্ষাবিস্তার করা বা শাসনকর্তাদের মতের বা কাজের প্রতিবাদ করা—এ হ'ল প্রজামাত্রেরই স্বাভাবিক আইন-সঙ্গত অধিকার। প্রজার এই অধিকারের উপরেই রাজা বা যে কোন প্রকারের শাসনতন্ত্রের প্রজাশাসনের অধিকার প্রতিষ্ঠিত। প্রজাকে এ অধিকারে বঞ্চিত করলে শাসনতন্ত্রের আর কোন নৈতিক ভিত্তি থাকে না—তখন তা স্বেচ্ছাচারী প্রবলের অত্যাচারমাত্রে পর্য্যবসিত হয়। বড়লাট বাহাদুর বলেন, আমাদের সভা-সমিতি, আমাদের স্বেচ্ছা-সেবকদল, এ সব দেশের আইন ও শান্তিরক্ষার বিঘ্নকারী, তারা লোকের উপর জুলুম ক'রে শাসন-কার্য্যের ব্যাঘাত জন্মাচ্ছে। এ সম্পূর্ণ অসত্য। যদি তা না হ'ত, দেশে যে দণ্ডবিধি প্রচলিত আছে, গভর্ণমেণ্ট অনায়াসে সেই আইনের সাহায্যে সেই দুষ্কৃতের শাসন করতে পারতেন—এ সব অবৈধ আইন আবিষ্কারের প্রয়োজন হ'ত না। সভাসমিতিতে যদি কেহ বিদ্রোহমূলক বক্তৃতা দেয় বা স্বেচ্ছাসেবকগণ কোন ব্যক্তির উপর জুলুম ক'রে কি ভয় দেখিয়ে শাসনকার্য্যের ব্যাঘাত জন্মায়, সাধারণ আইনে ত পুলিসের যথেষ্ট শক্তি আছে, পুলিস সেই আইনের বলে তা'দের গ্রেপ্তার ক'রে কেন বিচার প্রার্থনা করে না? আদালতে অপরাধ প্রমাণ ক'রে কেন শাস্তির বিধান করে না? না, তা পারে না, কারণ, অপরাধের অভিযোগ কাল্পনিক, অসত্য। এই সকল সভা, এই সকল স্বেচ্ছাসেবক আমাদের জাতীয় মহাসমিতি দ্বারা পরিচালিত অথচ জাতীয় মহাসমিতিকে বে-আইনী সংঘ বলা চলে না, কাজেই এদের বে-আইনী ব'লে ঘোষণা ক'রে প্রকারান্তরে জাতীয় মহাসমিতিকে পঙ্গু ক'রে তোলা, এই হ'ল এই সব গর্হিত বে-আইনী আইনের তাৎপর্য্য। একে দলননীতি ছাড়া আর কি বলা যেতে পারে? লর্ড রেডিংকে আমি একটা কথা জিজ্ঞাসা করি—জাপান যদি আজ ইংরাজাধিকৃত অষ্ট্রেলিয়া দখল ক'রে বসে এবং অষ্ট্রেলিয়াবাসী ইংরাজকে ঠিক আমাদের অনুরূপ শাসনপদ্ধতি দ্বারা শাসন করতে থাকে, সেখানে ইংরাজদের সমস্ত সভাসমিতি বে-আইনী ঘোষণা করে এবং অষ্ট্রেলিয়ার ইংরাজরা যদি লুপ্ত স্বাধীনতা লাভের জন্যে কৃতসংকল্প হয়, তা হ'লে লর্ড রেডিং অষ্ট্রেলিয়ার ইংরাজদের কি উপদেশ দেবেন?—জাপানের ঘোষিত ব্যক্তিগত ও সংঘগত স্বাধীনতা-হরণকারী আইন অমান্য করতে উপদেশ দেবেন না কি? লর্ড রেডিং এ দেশের বর্ত্তমান অবস্থা সম্যক্ বুঝতে পাচ্ছেন না; নতুবা তিনি আমাদের স্বদেশপ্রেমকে এরূপ অবজ্ঞা করতে পারতেন না।

যা হোক, আমাদের জাতীয় মহাসমিতি অসহযোগনীতি অবলম্বন করেছেন। আমাদের দেশের মুক্তির জন্য আমাদের হাতে এ ছাড়া অন্য উপযুক্ত অস্ত্র নেই। এ অস্ত্র ব্যবহার করা কোনক্রমেই অন্যায় বা বে-আইনী নয়। এই অস্ত্রের সাহায্যে আমরা বিদেশী বস্ত্র বর্জ্জন ক'রে দেশের লুপ্ত শিল্পের পুনরুদ্ধার করব, স্বদেশজাত মোটা কাপড়ে লজ্জা নিবারণ ক'রে পরের দানে অঙ্গ সজ্জিত করার কলঙ্ক মোচন করব। এই অস্ত্রের সাহায্যে রাজকুমারের অভিনন্দন উপলক্ষে পদানত ভারতবাসীর শোচনীয় দৈন্যকে ঢেকে বীভৎস মিথ্যাচারের অভিনয়কে রোধ করব। এই অস্ত্রের সাহায্যে জীবনের সমস্ত সুখে জলাঞ্জলি দিয়ে ভারতের ঐকান্তিক মুক্তিকামনাকে গৌরবান্বিত ক'রে তুলব, সফল ক'রে তুলব। এই আমাদের সংকল্প, এই অসহযোগ মন্ত্রের দীক্ষা। বন্দে মাতরম্।

শ্রীপঞ্চানন মজুমদার অনূদিত।

# স্বরাজ কোন্ পথে ?

[ ১৯২২ খৃষ্টাব্দে গয়া জাতীয় মহাসমিতির সভাপতিরূপে দেশবন্ধু চিত্তরঞ্জন যে দীর্ঘ অভিভাষণ পাঠ করিয়াছিলেন, তাহার বঙ্গানুবাদ ]

## মহাত্মা গান্ধী

আপনাদের সম্মুখে দাঁড়িয়ে আজ আমার মনে যে বেদনা তীব্রভাবে আঘাত দিচ্ছে, তা' প্রকাশ করার ক্ষমতা আমার নেই, বোধ করি, প্রয়োজনও নেই ; কারণ, সে বেদনা আপনাদের সকলের মনকেই সমভাবে ব্যথিত করছে। দেশের অমঙ্গলের নিদান, অসত্যমূলক শাসন-পদ্ধতির বিরুদ্ধে অভাবনীয় শক্তি ও সাহসের সহিত ঘোরতর যুদ্ধ করতে করতে মহাত্মা বন্দী ও কারাগারে নিক্ষিপ্ত হয়েছেন। আমরা আজ তাঁর উপদেশ ও নেতৃত্বে বঞ্চিত। কিন্তু তাঁর শক্তি, তাঁর প্রতিভা অশরীরিরূপে আমাদের কর্ত্তব্যপথে চালিত করবে। দুই হাজার বৎসর পূর্ব্বে বিচারের ভাণ ক'রে পৃথিবীর এক মহাপুরুষকে ক্রুশবিদ্ধ করা হয়েছিল। তাঁর বিরুদ্ধে অভিযোগ ছিল, তিনি রাজ্যের প্রজাগণকে কুবুদ্ধি দিয়ে তাদের বিভ্রান্ত করেছিলেন। মহাত্মা গান্ধীর বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছিল, তা'র অন্তর্নিহিত নিতান্ত করুণ-রসটি প্রেমের অবতার যীশুর বিচার-ব্যাপারের সঙ্গেই তুলনীয়। প্রভেদ এই যে, যীশু অভিযোগের বিরুদ্ধে কোন প্রতিবাদ করেননি, গান্ধীজী অভিযোগ শুধু সম্পূর্ণ স্বীকার করেছিলেন, এমন নয়, তিনি বলেছিলেন, আইনের চোখে তিনি যে অপরাধ করেছেন, অভিযোগে তার চেয়ে তাঁকে লঘু অপরাধীই বলা হয়েছে। তিনি আরও বলেছিলেন, পরমেশ্বরের আইন মান্য করার জন্যেই তিনি শাসন-পদ্ধতির আইন অমান্য করেছেন। দু'হাজার বছর আগে ঈশ্বরের ৩।
পুত্র যীশুর বজ্রনির্ঘোষ নীরব উত্তরে তাঁর বিচারক যেরূপ স্তম্ভিত হয়েছিল, সে দিন মহাত্মার সত্য-সমুজ্জল বাণীও তাঁর বিচারককে সেইরূপ স্তম্ভিত করেছিল। মানবসমাজের কল্যাণের জন্যে গান্ধীর ন্যায় মহাপুরুষের যথেষ্ট প্রয়োজন আছে। গর্ব্বান্ধ ব্যক্তিগণ আজ যদি তাঁর কথায় কর্ণপাত না করে, যদি বা উপহাসও করে, কৃতজ্ঞ মনুষ্য-সমাজের কাছে তিনি চিরদিন অন্তরের শ্রদ্ধা ও পূজা পাবেন।

## আইন ও শৃংখলা

আজ ভারতে এক মহা সমস্যার দিন এসেছে ; এবং এর ফলে আমাদের শাসক-সম্প্রদায় ও তাঁদের পৃষ্ঠপোষকগণের সঙ্গে দেশের সাধারণ লোকের একটা পরিষ্কার বিচ্ছেদ ঘটেছে। দেশে যে মুক্তির আকাঙ্ক্ষা স্পষ্টভাবে জেগেছে, তা' দমনের জন্যে আমাদের শাসক সম্প্রদায় বিশেষভাবে গত বছর থেকে যে তাণ্ডবনীতি অবলম্বন করেছেন, আমাদের স্বদেশীয় উদার-নৈতিক নেতারা তা'র সমর্থন ক'রে এসেছেন। তা'র একটা বড় কারণ, তাঁ'রা শাসকসম্প্রদায়ের উচ্চারিত "আইন ও শান্তি'র ধুয়ো তুলেছেন। পৃথিবীর ইতিহাসে দেখা যায়, সর্ব্বত্র এই একই ধুয়ো তুলে, শাসকসম্প্রদায় মনুষ্য-সমাজের চোখে ধুলো দিয়ে নিজেদের ক্ষমতা অক্ষুণ্ণ রাখবার অন্তিম চেষ্টা করেছে।

এ দেশে আমরা আজ সেই পুরাতন অভিনয়েরই পুনরাবৃত্তি দেখছি। আমাদের শাসনকর্ত্তারা ও তাঁ'দের পৃষ্ঠপোষকগণ বলছেন, সুপ্রতিষ্ঠিত গভর্ণমেণ্ট দেশের মঙ্গলের জন্য একান্ত দরকার এবং সেই জন্যেই প্রজাগণের সহস্র অসুখ, সহস্র অভিযোগ থাকলেও, গভর্ণমেণ্টের স্থায়িত্ব-

হানিকর কোন কাজ করার অধিকার প্রজার নেই—গভর্ণমেণ্টের নির্দ্দিষ্ট বিধি অনুসারে অভিযোগের আন্দোলন করা ভিন্ন দুঃখ নিবারণের উপায়ান্তর অবলম্বন করার অধিকার প্রজার নেই। গভর্ণমেণ্টের উপর তুমি সন্তুষ্ট না হও, চুপ ক'রে থাক, গভর্ণমেণ্টের সঙ্গে সহযোগিতা করো না—বড় জোর এই পর্য্যন্ত পার; কিন্তু গভর্ণমেণ্টের কোনরূপ বিরুদ্ধতা, কিংবা গভর্ণমেণ্টের কোন নীতি বা কোন কার্য্যপদ্ধতির রোধ করা—এ তোমার অধিকারের বাইরে। এই হ'ল শাসকতন্ত্রের শেষ সিদ্ধান্ত। পৃথিবীর সমস্ত সভ্য দেশে সমস্ত অত্যাচারী রাজা ও শাসকগণ এই সিদ্ধান্তকে আবহমানকাল থেকে অভ্রান্ত মনে ক'রে এসেছেন। কিন্তু যখনই প্রজারা স্বাধীনতা চেয়েছে, এ নীতিকে তা'রা পদদলিত করেছে এবং যখনই তা'রা অত্যাচারী শাসকের বজ্রমুষ্টি থেকে স্বাধীনতা ছিনিয়ে নিয়েছে, তখনই তা'রা এই নীতিমূলক সমস্ত বিধি ও অনুশাসন অমান্য করেছে।

ইংলণ্ড থেকেই এ দেশে এই আইন ও শৃঙ্খলার ধুয়ো এসেছে। কিন্তু ইংরাজ প্রজারা কি এ ধুয়োয় ভুলে তা'দের রাজা বা শাসনকর্ত্তাদের হাতে অবাধ, অসংযত ক্ষমতা দিয়ে নিশ্চিন্ত থাকতে পেরেছে বা প্রজার সুখ-স্বাধীনতা রক্ষা করতে পেরেছে? ইংরাজ প্রজাপুঞ্জ স্বাধীনতার জন্যে শুধু 'আইন ও শান্তির' ধুয়ো অমান্য ক'রে অন্যায় আইন ভঙ্গ করেছে, তা নয়, তা'রা রাজার বিরুদ্ধে বিদ্রোহ করেছে, এমন কি, রাজার শিরশ্ছেদ পর্য্যন্ত করেছে। বহু বিদ্রোহের পরে যখন রাজশক্তি খর্ব্ব হ'ল, ইংলণ্ডের প্রজারা দেশের শাসনভার বহু পরিমাণে তা'দের প্রতিনিধি-সভার হাতে অর্পণ করলে, তখনও ইংলণ্ডের নরপতি দেশের শান্তির দোহাই পাড়তে ছাড়েননি এবং সেই অছিলায় প্রকারান্তরে অবাধ ক্ষমতার দাবী করেছেন। তখনও ইংলণ্ডের বিধিবদ্ধ আইন অনুসারে প্রজার উপর অত্যাচার নিবারিত হয়নি, তখনও প্রসিদ্ধ ইংরাজ লেখক আদমের মতে আইনের নামে নরহত্যা নিবারিত হয়নি। কিন্তু ইংরাজ প্রজারা যখন দেখলে, পার্লামেণ্টের হাতে দেশশাসনের ভার থাকলেও, আইন অনুসারে রাজার অবাধ ক্ষমতা রোধ করার উপায় নেই, তখন তা'রা কি করলে? তা'রা পার্লামেণ্টের ভিতরে ব'সে এবং বাইরে রাজ্যের সর্ব্বত্র অসহযোগ অবলম্বন করলে। তা'রা তা'দের রাজার টাকার দাবী না-মঞ্জুর করতে আরম্ভ করলে এবং আবশ্যকমতে টেক্স দেওয়া বন্ধ করলে। এই অসহযোগের জয় হ'ল, ইংরাজ প্রজা তা'দের রাজার হাত থেকে প্রজার স্বত্বাধিকারের সনন্দ আদায় করলে। কিছু দিন দেশে শান্তির ছায়াপাত হ'ল, কিন্তু ক্ষুব্ধ রাজশক্তি অবসরের প্রতীক্ষায় রইল এবং কিছু দিন পরে যখনই সুযোগ উপস্থিত হ'ল, 'দেশের মঙ্গল' 'দেশ-রক্ষা', 'দেশের বিপদ' ইত্যাদি অছিলায় প্রজার ধন-প্রাণের উপর অবাধ দাবী ক'রে বসল। শেষে ১৬৮৮ খৃষ্টাব্দে ইংরাজ প্রকৃতিপুঞ্জ যখন আইন ও রাজশক্তির বিরুদ্ধে প্রকাশ্যভাবে বিদ্রোহ ঘোষণা ক'রে জয়লাভ করলে, তখন সভ্যজগৎ মুগ্ধ দৃষ্টিতে চেয়ে দেখলে যে, রক্তপাত না ক'রে প্রজা কি ক'রে দুর্জ্জয় রাজশক্তিকে পরাভূত করতে পারে, প্রজার স্বাধীনতা অর্জ্জন করতে পারে।

সংক্ষেপে ইংলণ্ডের স্বাধীনতা আন্দোলনের ইতিহাস এই। সেই সময় থেকে আজ পর্য্যন্ত স্বাধীন ইংরাজ মুক্তকণ্ঠে এ কথা ঘোষণা ক'রে এসেছে যে, দেশ আইন অনুসারে শাসন ক'রে শান্তি ও শৃঙ্খলা স্থাপন করতে হ'লে গোড়ার কথাটা হচ্ছে, দেশের লোকের মতানুসারে আইন তৈরী হওয়া একান্ত আবশ্যক, প্রজার অমতে বা মতের বিরুদ্ধে আইন প্রস্তুত করা হ'লে, সে আইন

প্রজারা মান্‌তে বাধ্য নয়, সে আইন বে-আইনী—আইন নামের অযোগ্য এবং যদি সেরূপ আইন প্রজার ন্যায্য অধিকারের বিরোধী হয়, তা' হ'লে তাহার প্রত্যাহারের জন্যে আবশ্যক হ'লে বিদ্রোহ পর্য্যন্ত করা প্রজার অধিকারের অন্তর্গত।

এ দেশের উদারপন্থী নেতাদের মধ্যে অনেকের বিশ্বাস, গভর্ণমেণ্ট যে কোন আইন প্রবর্ত্তিত করুন, প্রজাদের তা মানা একান্ত কর্ত্তব্য। এ বিশ্বাসটা যে সর্ব্বৈব ভ্রমাত্মক, এই কথা প্রমাণ করার উদ্দেশ্যেই আমি ইংলণ্ডে স্বাধীনতা আন্দোলনের একটু বিস্তারিত আলোচনা করলাম। বর্ত্তমানে ভারতবাসীর ব্যক্তিগত স্বাধীনতা শাসনকর্ত্তাদের অসংযত, অসীম ক্ষমতার দ্বারা নিতান্ত খণ্ডিত ও সীমাবদ্ধ। ১৮১৮ খৃষ্টাব্দের ৩নং আইন, ১৯১১ খৃষ্টাব্দের বিদ্রোহসভা-নিবারক আইন, ১৯০৮ খৃষ্টাব্দের সংশোধিত দণ্ডবিধি আইন এ সকল আইনের কি প্রয়োজন? দেশের শান্তিরক্ষা? আইনের মর্য্যাদারক্ষা? এই অজুহতে এই সব বে-আইনী আইন প্রচলিত রয়েছে বটে, কিন্তু আইনকর্ত্তা ও তাঁদের সমর্থনকারীদের জানা উচিত যে, এ সকল আইনের পীড়ন ব্যর্থ করার অধিকার প্রজার হাতেই আছে—এ জাতীয় আইন অমান্য ক'রে, অগ্রাহ্য ক'রে।

বিগত কয়েক বৎসর ধ'রে এ দেশে আমরা ক্রমাগত এই আইন ও শান্তির ধুয়ো শুনে আসছি। আমাদের উদারনৈতিক বন্ধুগণও সেই ধুয়োয় সায় দিয়ে কংগ্রেসের স্বেচ্ছাসেবকদের দলে দলে জেলে পাঠাবার রাস্তা খোলসা ক'রে দিয়েছেন। কিন্তু জিজ্ঞাসা করি, ইংলণ্ডের অত্যাচারী ষ্টুয়ার্ট রাজারা বা তাঁদের অধীনস্থ আদালতসমূহ যখন ইংরাজ প্রজাদের বিনা অপরাধে ছল খুঁজে জেলে পুরতেন, তখন তাঁরাও কি এই একই আইনের বা শৃঙ্খলার দোহাই পাড়তেন না? তফাৎ কোথায়? কেন ষ্টুয়ার্ট রাজাদের নাম ইংলণ্ডের ইতিহাসে কলঙ্কে লিপ্ত, আর কেনই বা ভারতের শাসনকর্ত্তারা সমর্থন-যোগ্য? ষ্টুয়ার্ট রাজারা রাজ্যের মঙ্গলের দোহাই দিয়ে যথেচ্ছ প্রজা শোষণ করতেন—সে অর্থে রাজ্যের কোনই মঙ্গল হ'ত না, এমন নয়; কিন্তু ইংরাজ প্রজাশক্তি রাজার সে ক্ষমতা রোধ করেছিল, কারণ, বুঝেছিল, দেশের কাজের জন্যে কর আদায় করা বা নূতন কর ধার্য্য করার যে ক্ষমতা তাদের প্রতিনিধিদের হাতে ন্যস্ত আছে, তা'র সঙ্গে রাজার এই স্বেচ্ছাচার সম্পূর্ণ বিরোধী। আমাদের বড় লাট বা প্রাদেশিক লাটগণের হাতে সার্টিফিকেটের জোরে যে কোন আইন পাশ করার খরচ মঞ্জুর করার বা টেক্স বসানর যে অবাধ ক্ষমতা আছে এবং যা তাঁরা রাজ্যের মঙ্গলের দোহাই দিয়ে করতে পারেন—এও কি সেই পুরাতন ষ্টুয়ার্ট রাজাদের ক্ষমতার মতই অবাধ ও বেপরোয়া নয়? ইংলণ্ডের ইতিহাস আমাদের শিখিয়েছে যে, যেখানে শাসন-কর্ত্তাদের হাতে এরূপ বিরাট, অপরিসীম ক্ষমতা থাকে, সেখানে দেশে আইন নেই মনে করতে হ'বে। ইংলণ্ডের প্রজারা আপন মনুষ্যত্বের জোরে কল্পিত আইনের ও শৃঙ্খলার দাবীকে পরাভূত করেছে। ভারতবাসীর মধ্যে যদি মনুষ্যত্ব থাকে, তবে তাহারাও এই দাবীর অসারত্ব সগৌরবে প্রতিপন্ন করবে।

ইংরাজের ইতিহাসের নজির ছাড়া কোন কথাই অনেকের কাছে প্রামাণ্য নয়। তাই সে ইতিহাসের নজির আওড়াতে হ'ল। নতুবা আমি কোন ঐতিহাসিক নজিরের বলে 'আইন ও শান্তির' দাবী অস্বীকার করতে চাইনে; আমার যুক্তি হচ্ছে—প্রত্যেক ব্যক্তি ও প্রত্যেক জাতির এটা হচ্ছে ঈশ্বরদত্ত অধিকার যে, সত্যের উপর দাঁড়িয়ে সে অসত্য বা অধর্ম্মমূলক আইন অমান্য করে। আসল কথাটা এই যে, আইন বা শৃঙ্খলা মানুষের মঙ্গলের জন্যে সৃষ্ট, মানুষ আইন ও শৃঙ্খলা মানবার জন্যে সৃষ্ট নয়। জাতীয় জীবনগঠন

মানুষের মহা ধর্ম্ম, বিরাট কর্ত্তব্য। যা এই কর্ত্তব্যের বিরোধী, তা প্রাণপণ শক্তিতে রোধ করা জাতির অন্যতম কর্ত্তব্য। যে আইন জাতীয় জীবনের বিকাশপথের বাধা, তা অমান্য না করা আমি মনুষ্যত্বের অবমাননা ও ঈশ্বরের ন্যায়-বিধানের বিরোধী মনে করি।

আমাদের শাসন-কর্ত্তারা যে এই অলীক আইন ও শান্তির দাবীর আড়ালে নিজেদের ক্ষমতার দাবীকে আচ্ছাদিত কচ্ছেন, এটা আমি মনে করি, দেশের পক্ষে মঙ্গলজনক। কারণ, মানুষ মিথ্যা দাবী তখনই করে, যখন তা'র সত্য দাবীর কিছু থাকে না। শাসনযন্ত্র যে ভেঙ্গে পড়বার মত হয়েছে, এই মিথ্যা দাবীই তা'র প্রমাণ। এখন আমাদের সত্যের আদর্শকে আমাদের সাম্‌নে উজ্জ্বল ক'রে তুলতে পারলে এবং নিষ্ঠার সঙ্গে দেশের সেবা ক'রে যেতে পারলেই অচিরে স্বাধীনতা আমাদের করতলগত।

## আদর্শ—জাতীয়তা

আমাদের আদর্শ কি? এ প্রশ্নের উত্তরে সর্ব্বপ্রথমেই আমার বলতে ইচ্ছে হয়—জাতীয়তা। জাতীয়তা বলতে আমি কোন বিশেষ গুণ বা তত্ত্ব বুঝি নে। জাতীয়তা একটা ভাবের ক্রম বা বিকাশের পদ্ধতি, যার ভিতর দিয়ে গিয়ে প্রত্যেক জাতি আত্মোপলব্ধি করে ও পরিণতি লাভ করে। এই যে জাতীয় আত্মোপলব্ধি, এ যেমন পর-নিরপেক্ষ নয়, তেমনই পরদ্বেষপূর্ণও নয়। পক্ষান্তরে, কোন জাতির প্রকৃত আত্মোপলব্ধি হ'লে, সে এমন একটা অদ্ভুত শক্তি লাভ করবে, যা অন্য জাতির পক্ষেও কল্যাণকর না হয়ে পারবে না। জগতে বৈচিত্র্য ও ঐক্য সমান সত্য, সমান সনাতন। যখন প্রত্যেক জাতি খণ্ডভাবে আপন বিশিষ্ট পথে তা'র অন্তর্নিহিত পূর্ণতাকে লাভ করবে, তখন তা'দের খণ্ড খণ্ড বিচিত্র পূর্ণতা মানবজাতির বিরাট সভাঙ্গনে এমন অপরূপ সখ্যে মিলিত হ'বে যে, সেই মহামিলনের পূর্ণতর ঐক্যে তা'দের ভেদ ও খণ্ডতা সার্থক হয়ে উঠবে। ইউরোপে জাতীয়তা কথা যে অর্থে ব্যবহৃত হয়, এর সঙ্গে তা'র মিল নেই—সে জাতীয়তার কথা আমি বলছি নে। ইউরোপের জাতীয়তা সংকীর্ণ স্বার্থবুদ্ধির উপর প্রতিষ্ঠিত, পরস্পরবিদ্বেষী। ফরাসীর জাতীয়তা জার্ম্মাণের হানিকর, জার্ম্মাণের জাতীয়তা ফরাসীর পক্ষে অহিতকর। কিন্তু মজা এই যে, ফরাসী বা জার্ম্মাণ কেহই বোঝে না যে, যা আজ ফরাসীর পক্ষে অকল্যাণ-কর, তা কা'ল জার্ম্মাণের পক্ষেও অশুভপ্রদ হ'বে। ইউরোপ এ সত্য আজও বোঝেনি, মানবসমাজের কল্যাণ এই সত্য উপলব্ধি করার উপর প্রধানতঃ নির্ভর করছে। আমরা যদি বুঝি, আমাদের জাতীয়তা সমগ্র মানবজাতির অনন্ত পরিণাম-সমুদ্রে একটা জলধারা, যা'র সঙ্গে মিলিত হওয়াই আমাদের জাতীয় জীবনের চরম সার্থকতা এবং আমরা যদি না ভুলি যে, আমাদের এই জীবনের ধারা যুগযুগান্তর ধ'রে কত ভাব, কত সাধনার দ্বারা পরিপুষ্ট হয়ে এসেছে, তা হ'লে আমরা আমাদের বিগত ও ভবিষ্যৎ জীবনের সমন্বয়ে এক অপূর্ব্ব জাতীয়-তার সৃজন ক'রে তুলতে পারব—যা'র সত্যের আভায় সমস্ত মনুষ্যসমাজ গৌরবান্বিত হয়ে উঠবে।

এই জন্যেই আমাদের একান্তমনে জাতীয়তার সাধনা ক'রতে হ'বে। এই জাতীয়তার সাধনাই স্বরাজসাধনা, কারণ, যে পরিমাণে আমরা আমা-দের জাতীয় জীবনকে সত্য ক'রে তুলতে পা'রব, সেই পরিমাণে আমরা স্বরাজের পথে অগ্রসর হ'ব। স্বরাজ কি, এ ধাঁধা অনেকের মনে আছে। স্বরাজের সংজ্ঞা দেওয়া যায় না। কারণ, স্বরাজ

জাতীয় জীবনের স্বাভাবিক অভিব্যক্তি। জাতীয় জীবন কি আকারে আত্মপ্রকাশ করবে, কি পরিণতি লাভ করবে, কেহই জানে না। কাজেই স্বরাজ কি রূপ ধারণ করবে, নিশ্চয় ক'রে বলা অসম্ভব। তবে এ কথা ঠিক যে, স্বরাজ কোন বিশেষ আকারের শাসনপদ্ধতি বা গভর্ণমেণ্ট নয়। জাতীয় জীবনের প্রকৃত অভিব্যক্তির সঙ্গে স্বরাজ একসূত্রে গ্রথিত। সুতরাং বর্ত্তমান ভারতের সর্ব্বাপেক্ষা বড় সমস্যা, বড় সাধনা হচ্ছে স্বরাজ।

## নিরুপদ্রব অসহযোগ

আমি পূর্ব্বেও বলেছি, এখনও বলছি, একমাত্র নিরুপদ্রব অসহযোগের দ্বারাই আমরা স্বরাজসাধনা করতে পারি—অসহযোগের দ্বারাই আমাদের শাসনপদ্ধতিকে এমন ভাবে পরিবর্ত্তিত করতে পারি যে, কালে তার ভিত্তির উপরে স্বরাজমন্দির নির্ম্মিত হ'তে পারে। অসহযোগ তত্ত্বের বিস্তৃত আলোচনা এখানে অনাবশ্যক। শুধু এই কথা বললেই যথেষ্ট হ'বে যে, জাতীয় জীবন গঠনের দিক থেকে দেখলে, অসহযোগ জাতীয় শক্তি সমাহিত করবার পক্ষে ব্রহ্মাস্ত্রস্বরূপ। নৈতিক দিক থেকে দেখলে এ কথা বোঝা কঠিন হ'বে না যে, জাতীয় জীবনের পক্ষে যা' কিছু অহিতকর, তা' থেকে জাতির চিত্তকে স্বেচ্ছায় সংহৃত ক'রে জাতীয় চিত্তশুদ্ধির সহায়তা করতে অসহযোগ প্রকৃষ্ট উপায়।

এ দেশে এমন কেহ কেহ আছেন, যাঁ'রা মনে করেন, অহিংসা দ্বারা দেশের অধীনতা দূর করা যায় না—অহিংসা আদর্শমাত্র, মানুষের জীবনে সে আদর্শ বাস্তব হয়ে উঠতে পারে না, বিনা রক্তপাতে দেশের স্বাধীনতা অর্জ্জন করা যায় না। যাঁরা এই মতের পক্ষপাতী, তাঁদের স্বদেশপ্রেম ও সাহস প্রশংসার যোগ্য সন্দেহ নেই। কিন্তু তাঁদের মত ভ্রান্ত, এ কথা আমি জোর করেই বলব। হিংসায় আমার আস্থা নেই—সে আমার ধর্ম্মবিরুদ্ধ। তা' ছাড়া ইতিহাসের সাক্ষ্য মানতে হ'লে এ কথা স্বীকার করতেই হ'বে যে, বিদ্রোহ যেখানে রক্তস্রোতের উপর দিয়ে স্বাধীনতার তরণী ব'হে এনেছে, সেখানে রক্তস্রোতের উপর দিয়েই সে তরণী অচিরে ভেসে চ'লে গিয়েছে। দু'একটা উদাহরণ দিলেই কথাটা পরিষ্কার হ'বে।

## ফরাসী বিপ্লব

ফরাসী বিদ্রোহ ইউরোপীয় স্বাধীনতা-সমরের একটা উজ্জ্বল দৃষ্টান্ত। নিগৃহীত ফরাসী প্রজাগণ তা'দের পীড়নকারী রাজা ও পরাক্রান্ত ধনিকুলের উচ্ছেদ ক'রে তা'দের রক্তপ্রবাহের উপর ফরাসী জনগণের স্বাধীনতার সিংহাসন পেতেছিল। কিন্তু সে ক'দিনের জন্যে? হিংসা দু'দিনেই এই দুর্জ্জন জনগণকে বিচ্ছিন্ন, হীনবল ও পরাধীন ক'রে তুললে এবং নেপোলিয়ন যখন ফরাসী দেশের সিংহাসনে আরোহণ করলেন, তখন ফরাসী জনগণের পায়ের শৃঙ্খল আবার দুর্ব্বহ হয়ে উঠল। তাই, বিজ্ঞ ইংরাজ মনীষী বড় ক্ষোভেই বলেছেন—"হে শ্রমসম্বল মনুষ্যগণ! দীর্ঘ ছয় বৎসর কত দুঃখ, কত শ্রম, কত প্রাণপণ প্রয়াস করিয়া তোমরা যে বিরাট রক্তোৎসব করিলে, তাহার ফলে তোমরা ত কিছুই লাভ করিলে না। তবে কেন সে কাজ করিলে?"

## অন্যান্য দেশের বিদ্রোহ

ইংলণ্ড, ইটালী, রুসিয়া প্রভৃতি দেশের রক্তাক্ত বিদ্রোহ সমূহও এই একই সত্যের প্রমাণস্থল। পরাধীনতা যখনই হিংসাকে আশ্রয় ক'রে মুক্তির প্রয়াস করেছে, তখন হিংসা প্রবল হয়ে উঠেছে, ক্ষণস্থায়ী স্বাধীনতার গৌরবকে ম্লান ক'রে পশুবলে স্বাধীনতার উপাসকদের বিধ্বস্ত করেছে, পীড়িত করেছে। হিংসা হিংসককেই দংশন করেছে।

ইউরোপ যতই বড়াই করুক, স্বাধীনতা ইউরোপে আজও প্রতিষ্ঠিত হয় নি—দুর্ব্বলের উপর প্রবলের অত্যাচার নিত্য নূতন আকারে সমগ্র ইউরোপে তাণ্ডব নৃত্য ক'রে ইউরোপবাসীর স্বাধীনতার আস্ফালনকে উপহাস করছে।

## অহিংসা ও অসহযোগ—একমাত্র পন্থা

আমি জানি, জীবনে বিদ্রোহ নিরর্থক নয়, অন্যায়ের ও অধর্ম্মের গতিরোধের জন্যে বিদ্রোহের প্রয়োজন আছে। কিন্তু এ কথা পাকা ক'রে বুঝতে হবে যে, হিংসা বিদ্রোহের অস্ত্র নয়—হিংসা আপন উদ্দেশ্যকেই ব্যর্থ করে। অহিংসা ক্ষিপ্রপদ নয়, তা'র গতি মন্দ; কিন্তু অহিংসা ধীরে ধীরে যখন মানুষের মনে স্থান লাভ করে, তখন মানুষ পাকা ক'রেই স্বরাজের পথ ধরে। ভারতবাসী আজ এই পথের সন্ধান পেয়েছে। যাঁরা এখনও এ পথ সম্বন্ধে সন্দিহান, তাঁদের আকালী আন্দোলনের ইতিহাস মনোযোগের সহিত আলোচনা করতে অনুরোধ করি। অমৃতসহরে গিয়ে আহত আকালীদের যখন দেখলাম ও যখন জানলাম যে, বীর আকালীগণের মধ্যে এক জনও ভীষণ প্ররোচনা সত্ত্বেও হিংসা মাত্র করেন নি, তখন অহিংসার অনিবার্য্য জয় সম্বন্ধে আমার মনে আর কোন সন্দেহ থাকল না। এই অদ্বেষ অসহযোগের দ্বারা ভারতবাসীকে স্বরাজ লাভ করতে হ'বে। আর দ্বিতীয় পথ নেই।

## অসহযোগের প্রয়োগ

দেশের বর্ত্তমান অবস্থায় কি ক'রে, কোন্ কোন বিষয়ে অসহযোগ প্রয়োগ করলে সিদ্ধিলাভ হবে, এখন তাই আমাদের বিচার্য্য। অনেকে মনে করেন, এই কয় বৎসর গভর্ণমেণ্টের তাড়নে দেশের লোকের মনে এমন একটা দুর্ব্বলতা এমন একটা ক্লৈব্য এসেছে যে, আবার উৎসাহের সঙ্গে অসহযোগ আন্দোলন চালানর ক্ষমতা তাদের নষ্ট হয়ে গিয়েছে। আমি এ কথা মানিনে। দেশে একটা বাহ্যিক শ্রান্তির লক্ষণ দেখা যাচ্ছে বটে, কিন্তু অসহযোগ ও অহিংসা দেশে যে প্রাণ জাগিয়ে তুলেছে, তার মধ্যে স্বরাজের আশা ও আকাঙ্ক্ষা অমর শক্তিতে বিরাজ করছে। এই শক্তিকে জাগ্রত ক'রে, সংহত ক'রে তাতে কর্ম্মপ্রেরণা দেওয়াই আমার বিবেচনায় এখন কংগ্রেসের একমাত্র কাজ। কি উপায়ে এ কাজ সম্পন্ন হ'তে পারে, নিয়ে তার আলোচনা ক'রলাম।

## বিভিন্ন সম্প্রদায়ের স্বত্বাধিকার

জাতীয় মহাসমিতির প্রথম কাজ ভারতের বিভিন্ন ধর্ম্মাবলম্বী ভিন্ন ভিন্ন সম্প্রদায় সমূহের মধ্যে সদ্ভাব ও ঐক্য সম্পাদন। এ জন্যে আমার মনে হয়, স্বরাজ গভর্ণমেণ্টের অধীনে ছোট বড় প্রত্যেক সম্প্রদায়ের কি কি স্বত্বাধিকার থাকবে, কংগ্রেস থেকে তার মীমাংসা ক'রে একটা নির্দ্দিষ্ট ঘোষণা-পত্র প্রচার করা আবশ্যক। লক্ষ্ণৌ সহরে হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের মধ্যে যে মিলনপত্র স্বাক্ষরিত হয়েছিল, তা' বহাল রেখে উভয় সম্প্রদায়ের স্বত্বাধিকার নির্দ্ধারিত করা নিতান্ত দরকার। আপন আপন ধর্ম্ম বজায় রেখে প্রত্যেক সম্প্রদায়কেই অন্য সম্প্রদায়ের হিতের জন্যে কিছু কিছু স্বার্থত্যাগ করতে হ'বে। গোহত্যা ও মসজিদের সম্মুখে বাজনা বাজান উপলক্ষে হিন্দু-মুসলমানের মধ্যে মনোমালিন্য আছে। কিন্তু গোহত্যা বন্ধ করা কি মুসলমানের পক্ষে এতই দুঃসাধ্য? এবং মসজিদের সামনে বাজনা বন্ধ করা কি হিন্দুর পক্ষে এতই কষ্টকর? উভয় সম্প্রদায় একত্র হয়ে এর মধ্যবস্থা অনায়াসেই করতে পারে। এইরূপে শিখ, খৃষ্টান, পার্শী প্রভৃতি যে সকল অপেক্ষাকৃত ছোট ছোট সম্প্রদায় আছে, তাদের

প্রত্যেকের স্বত্বাধিকার নির্দ্ধারিত করা যায়। এই সকল ছোট ছোট সম্প্রদায়ের স্বত্বাধিকার মীমাংসা করার সময় আমাদের মনে রাখ্‌তে হ'বে যে, লোকসংখ্যা হিসাবে এদের যা প্রাপ্য, তার চেয়ে বেশী না দিলে চলবে না। বস্তুতঃ ছোট ছোট সম্প্রদায়গণের মনে যদি আমরা এ বিশ্বাস জন্মাতে না পারি যে, স্বরাজাধিকারে ছোট বড়র হাতে, দুর্ব্বল সবলের হাতে পীড়িত হবে না, তা হ'লে ভারতীয় বিভিন্ন সম্প্রদায়ের মিলন কখনই পাকা হ'বে না।

## ভারতের বাহিরে আন্দোলন

পৃথিবীর সব দেশেই স্বাধীনতার সত্য উপাসক আছেন। তাঁদের সঙ্গে যোগ স্থাপন করা, তাঁদের উপদেশ ও সহানুভূতি লাভ করা একান্ত প্রয়োজনীয়। এ জন্য আমার ইচ্ছা, আমেরিকা ও ইউরোপের সমস্ত প্রধান দেশে আমাদের জাতীয় মহাসমিতির শাখা-বিভাগ স্থাপন করা হয়। তা' হ'লে সভ্য জগতের সঙ্গে আমাদের সম্বন্ধ ক্রমে ঘনিষ্ঠ হ'বে, জগতের কর্ম্মচক্রের সঙ্গে আমাদের পরিচয়ও সত্য পরিচয় হয়ে উঠবে।

## এসিয়াবাসীর মহাসম্মিলনী

পৃথিবীর সমস্ত মুসলমানদের একটা সম্মিলনী প্রতিষ্ঠিত হ'বে। যে সকল জাতি পর-পীড়িত, তা'রাই এই বিরাট মিলন-ব্যবস্থার অগ্রণী। এসিয়ার এই মিলন-ব্যাপারে শুধু ভারতবাসীই কি পরাঙ্মুখ হয়ে থাকবে? আমার মনে হয়, বিদেশে কংগ্রেসের শাখা-স্থাপন অপেক্ষাও এ ব্যাপারটা বেশী প্রয়োজনীয়। অবশ্য ভারতের স্বাধীনতা ভারতবাসীর স্বীয় চেষ্টা দ্বারাই অর্জ্জন করতে হবে। তবুও সমগ্র এসিয়াবাসীর সঙ্গে শ্রদ্ধা, সমবেদনা ও হৃদ্যতার সুযোগ আমরা অবহেলা করতে পারিনে। কারণ, নিখিল মানব সমাজের কল্যাণ ও শান্তির জন্যে এ মিলন একান্ত আবশ্যক। এ কথা মনে রাখতে হবে যে, পৃথিবীতে যতক্ষণ একটি ক্ষুদ্রাদপি ক্ষুদ্র জাতিও শৃঙ্খলিত থাকবে, ততক্ষণ মানবসমাজের শান্তির আশা নেই, ততক্ষণ অন্য পরাক্রান্ত জাতিরাও যে নিরাপদ ও স্বাধীন, এ কথা মিথ্যা।

## পঞ্জাব অত্যাচার,—খিলাফৎ

পৃথিবীর চতুর্দ্দিকেই অঘটন ঘটছে। সেই সব অদ্ভুত ঘটনা যে সকল সূক্ষ্ম শক্তির বিকাশ, সেই শক্তিসমূহে পৃথিবীর সকল মানুষকেই কিছু-না-কিছু প্রেরণা দিচ্ছে। সম্প্রতি মুস্তাফা কামাল পাশার বিস্ময়কর জয়ভেরী যেন সমগ্র এসিয়া ভূভাগে স্বাধীনতার আকাঙ্ক্ষাকে মূর্ত্তিমতী ক'রে তুলেছে, পীড়িত এসিয়ার বন্ধন ছেদন করেছে। ইউরোপে প্রত্যেক ক্ষুদ্র পদদলিত জাতির স্বাধীনতার জন্যে নবোন্মেষিত উন্মাদনাও এসিয়ার জাগরণের আনুকূল্য করেছে। স্বপ্নাবিষ্ট ভারতেও এ জাগরণের কম্পন অনুভূত হয়নি, কে বলবে? তাই বলছিলাম, এই ত উপযুক্ত সময়, যখন আমরা পঞ্জাবের অমানুষিক অত্যাচার ও খিলাফতের উপর নির্লজ্জ অবিচারের প্রতীকারের কথা আলোচনা করতে পারি। এই উভয় বিষয়েই আমাদের আন্দোলন আংশিকভাবে সফল হয়েছে। কিন্তু উপযুক্তভাবে আন্দোলন করলে আমাদের আশা সম্পূর্ণ ফলবতী হ'তে না পারে, এমন নয়।

## স্বরাজ—রূপের ইঙ্গিত

আমি পূর্ব্বে বহুবার বলেছি, স্বরাজ জিনিসটা কি রকমের হ'বে, তা' বোঝান যায় না, কেন না, স্বরাজ হচ্ছে জাতীয় অভিব্যক্তির প্রকট রূপ— জাতি যে ভাবে আত্মবিকাশ করবে, স্বরাজ তদনুসারে গ'ড়ে উঠবে। কিন্তু আমি জানি, দেশের মধ্যে স্বরাজের রূপ-কল্পনা নিয়ে একটা উৎকণ্ঠা, একটা চাঞ্চল্য উপস্থিত হয়েছে। এ দিকে

বাস্তব আকারে না হোক, মানসক্ষেত্রে অনেকেই স্বরাজের একটা রূপ বর্ত্তমান অবস্থানুসারে গ'ড়ে তুলছেন। কাজেই আমার মনে হয়, আমাদের জাতীয় মহাসমিতির মানস-পটে স্বরাজের যে রূপটা ক্রমে ক্রমে ফুটে উঠছে, তার একটা আভাস সমগ্র দেশবাসীকে দিয়ে তাঁদের উৎকণ্ঠা প্রশমিত করা উচিত। আমার নিজের মনে যে রূপ ফুটে উঠছে, তার সামান্য ইঙ্গিত করা ভিন্ন এ অভিভাষণে আর বেশী কিছু সম্ভব নয়।

অনেকে মনে করেন, স্বরাজের জন্যে যা-কিছু চেষ্টা, যা-কিছু ত্যাগ মধ্যবিত্ত শ্রেণীর লোকেই করছে, সুতরাং স্বরাজলাভ হ'লে স্বরাজের যা-কিছু সুখ-সৌভাগ্য মধ্যবিত্ত লোকদেরই করতলগত হবে—অন্য সকলের যে দুঃখ, সেই দুঃখ। এ আশঙ্কা অমূলক, কিন্তু সম্পূর্ণ মিথ্যা বলতেও পারি নে। অমূলক, কারণ, এ দেশে স্বরাজ-লাভের জন্যে আকাঙ্ক্ষা ও চেষ্টা আছে। কিন্তু যদি সাধারণ লোক এ আন্দোলনে, এ সাধনায় যোগ না দিত, কেবলমাত্র মধ্যবিত্ত শ্রেণীর চেষ্টাতেই স্বরাজ লাভ হ'ত এবং তা তারা স্ব-শ্রেণীর ভোগের জিনিস ক'রে তুলত, তা' হ'লে আমি কখনই তাকে স্বরাজ ব'লে স্বীকার করতাম না। ইংলণ্ডের মধ্যবিত্ত প্রজারা পার্লামেণ্ট স্থাপিত ক'রে তাদের দেশে স্বাধীনতার জয়-পতাকা উড়িয়েছে। কিন্তু সাধারণ ইংরাজ দুঃখী প্রজা এখনও এই মধ্যবিত্তগণের পদদলিত। ইংরাজ স্বরাজ পেয়েছে, আমি স্বীকার করিনে। ইংরাজের মত আমাদের মধ্যবিত্তগণ মোহ কাটাতে পারবে না। ইংরাজ প্রভুর স্থলে দেশী প্রভু পেয়ে ভারতবাসী কখনই স্বরাজের গৌরব অনুভব করবে না। কাজেই আজ যদি ইংরাজ বলে, প্রাদেশিক গভর্ণমেণ্ট পরিচালনের সম্পূর্ণ ভার আমাদের শিক্ষিত মধ্যবিত্তগণের হাতে ছেড়ে দিতে তারা রাজী, আমি সে অনুগ্রহ প্রত্যাখ্যান করব।

আমার কাছে সুগঠিত পল্লীসমাজ ও সংঘবদ্ধ পল্লীর স্থানীয় স্বাধীনতার মূল্য প্রাদেশিক স্বায়ত্ত-শাসনের চেয়ে বেশী। আমি বলছিনে যে, এই সঙ্ঘবদ্ধ পল্লীসমাজ সমূহ পরস্পর বিচ্ছিন্ন ও যোগ-শূন্য হবে। তাদের মধ্যে যোগ থাকবে, তবে সে যোগটা স্বপ্রবর্ত্তিত, পরস্পরের উপর প্রীতি ও আনুকূল্যমূলক হবে। উপস্থিত পল্লীসমাজের জীবনগঠনের সহায়তার জন্যে প্রাদেশিক ও ভারত গভর্ণমেণ্টের হাতে যথেষ্ট ক্ষমতা দিয়ে রাখতে হবে। কিন্তু ক্রমে সেই সমাজে জীবন যেমন উন্নত ও পরিপুষ্ট হয়ে উঠবে, উপরিস্থ প্রাদেশিক ও ভারত গভর্ণমেণ্টের ক্ষমতাও তেমনই পল্লী-সমাজের হাতে বিন্যস্ত হ'তে থাকবে এবং যথাকালে এই পল্লীসমাজসমূহ সম্পূর্ণ স্বায়ত্ত-শাসনের যোগ্যতা লাভ করলে প্রাদেশিক ও ভারত গভর্ণমেণ্ট সাধারণ তত্ত্বাবধান ও উপদেশ দান করার অধিকার মাত্র স্বহস্তে রেখে সমস্ত শাসনভার এই সংঘবদ্ধ পল্লীসমাজের হাতে ছেড়ে দেবে। আমার বিশ্বাস, প্রকৃত শাসনভার পল্লীর হাতে ন্যস্ত না হ'লে দেশ কখনও স্বরাজ লাভ করবে না। এ জন্যে আমার নিবেদন, জাতীয় মহাসমিতি কালবিলম্ব না ক'রে একটি কমিটী গঠন করেন এবং সেই কমিটীর হাতে স্বরাজ গভর্ণমেণ্টের একটা পাণ্ডুলিপি প্রস্তুত করার ভার দেন।

ভোট দেওয়ার অধিকার স্বাধীনতার চরম উৎকর্ষ নয়, স্বরাজের নিদর্শন নয়, এ জ্ঞান ইউ-রোপে আজকাল ক্রমে উদিত হচ্ছে। সেখানে এখন মনীষিগণের মধ্যে কয়েক জন প্রাচীন ভারতের লুপ্ত পল্লীজীবনের দিকে লুব্ধ-দৃষ্টিতে চাইতে আরম্ভ করেছেন এবং সেই জীবনের তত্ত্ব আলোচনায় ব্যাপৃত আছেন। তাঁরা মনে করছেন, উচ্ছৃঙ্খল ব্যক্তিগত স্বাধীনতা, সংখ্যার সমষ্টি দ্বারা শাসনযন্ত্রের গতি-পদ্ধতি নিয়মিত করা সমাজ ব্যবস্থার

রাজনীতির শেষ কথা নয়। জীবনের স্বাভাবিক স্ফুরণ, ব্যক্তিগত ও সংঘগত প্রীতি ও সহজ মিলনের আদর্শ এখন চিন্তাশীল পাশ্চাত্য পণ্ডিতগণের চিত্ত আকর্ষণ করতে আরম্ভ করেছে।

আমাদের স্বরাজের আদর্শও অনেকটা এই ছাঁচের। ব্যক্তি, সম্প্রদায় ও জাতি আপন আপন স্বাধীনতা, বিশিষ্টতা ও বৈচিত্র্য বজায় রেখে পরস্পরের সাহায্যে যাহাতে পূর্ণতা লাভ করতে পারে এবং পরিণামে নিখিল বিশ্ব-মানবের সঙ্গে সখ্য ও ঐক্যবদ্ধ হ'তে পারে, এমন যে বিধান, সেই হ'ল প্রকৃত স্বরাজ।

এই আদর্শে কংগ্রেস এই মুহূর্ত্তেই কাজ আরম্ভ করেন, এই আমার প্রার্থনা। বর্ত্তমান মহকুমাগুলিকে কেন্দ্র ক'রে পল্লীসংস্কার আরম্ভ করা আমার মত।

## কাউন্সিল বর্জ্জন

কাউন্সিল বর্জ্জন কংগ্রেসনির্দ্দিষ্ট অসহযোগের একটি উপায়। সম্প্রতি এই ব্যাপার নিয়ে কিছু কংগ্রেসকর্ম্মিগণের মধ্যে মতভেদ হয়েছে। এক দল বলছেন, কাউন্সিল সর্ব্বতোভাবে পরিহার করাই কংগ্রেসের অভিপ্রায়। আর এক দলের মতে কাউন্সিলে প্রবেশ ক'রে কাউন্সিল ধ্বংস করার চেষ্টাও কংগ্রেসের উদ্দেশ্যের সঙ্গে অসঙ্গত নয়। আমার মনে হয়, এই প্রস্তাবিত কর্ম্মপদ্ধতির পরিবর্ত্তনে যাঁরা আপত্তি করছেন, তাঁরা দেশের অবস্থার যে পরিবর্ত্তন ঘটেছে, তার সম্যক বিচার করছেন না। অবস্থার পরিবর্ত্তন ঘটেছে বলেই কংগ্রেস বারদোলী সিদ্ধান্তের দ্বারা কর্ম্মপদ্ধতির পরিবর্ত্তন নির্দ্দেশ করেন। তদ্দ্বারা কংগ্রেস 'বয়কট' বা বর্জ্জননীতি ত্যাগ করেন নি, শুধু আমাদের ধর্ম্মের গতি পরিবর্ত্তনই ইঙ্গিত করেছেন। উদাহরণস্বরূপ আমরা ছাত্রগণের স্কুল-কলেজ বর্জ্জনের কথা বিবেচনা করতে পারি। প্রথমে যখন ছাত্রগণকে সরকারী স্কুল-কলেজ ছাড়তে বলা হয়েছিল, তখন উদ্দেশ্য ছিল, রাষ্ট্রিক অর্থাৎ ছাত্র সম্প্রদায়ের শক্তি স্বরাজ-সাধনের কাযে নিয়োগ করা। বারদোলীতে স্থির হ'ল, জাতীয় স্কুল-কলেজ খুলে এই ছাত্রগণের বিদ্যাশিক্ষার ব্যবস্থা করা অর্থাৎ এদের মধ্যে যাদের শক্তি প্রত্যক্ষভাবে ও ষোল আনা দেশের কাজে লাগান যাবে না, তাদের জাতীয় ভাবে লেখাপড়া শেখার ব্যবস্থা ক'রে সরকারী স্কুল-কলেজ বর্জ্জনের সুবিধা ক'রে দেওয়া। টেক্স দেওয়া বন্ধ ক'রে যে দেশব্যাপী অবাধ্যতার সঙ্কল্প কংগ্রেস করেছিলেন, তা'ও ত পরিবর্ত্তিত হয়েছে। কাজের সিদ্ধির জন্য দেশ, কাল, পাত্র হিসাবে এরূপ অবশ্যম্ভাবী। শুধু মনে রাখতে হবে—সংকল্প আর সত্য। তা মনে রাখলে এই যে কাউন্সিলে ঢুকে কাউন্সিল সংস্কৃত করা বা ভাঙ্গার প্রস্তাব, এটা কখনই অন্যায় বা কংগ্রেসের অনভিপ্রেত ব'লে মনে হ'বে না।

কাউন্সিল বর্জ্জনের সংকল্প কংগ্রেস করেছেন কেন? এ রকম কাউন্সিলের দ্বারা দেশে স্বরাজ প্রতিষ্ঠার কোন আশা নেই। এ কাউন্সিলের নীতি-পদ্ধতি ভারতবাসীর জাতীয় জীবনের সংস্কারবিরোধী, ভারতবাসীর জাতীয় জীবন-স্ফুরণের প্রতিকূল—এই জন্যেই। কংগ্রেসের নির্দ্দেশ অনুসারে কংগ্রেস-কর্ম্মিগণ কেহই কাউন্সিলে প্রবেশ করলেন না। কিন্তু কাউন্সিল-বর্জ্জন সংকল্প সিদ্ধ হ'ল না, কাউন্সিল বেশ নির্ব্বিবাদে চলতে লাগল এবং এমন লোক সব কাউন্সিলের সভ্য হ'ল, যারা দেশের লোকের প্রতিনিধি নয়। এ অবস্থায় কংগ্রেসের কর্ত্তব্য কি? যাতে কাউন্সিল সত্য সত্য বর্জ্জিত হয়, কাউন্সিল একেবারে ভেঙ্গে যায় কিংবা দেশের উপযুক্ত ও কল্যাণকর হয়ে ওঠে, সেরূপ ব্যবস্থা করাই কি কর্ত্তব্য নয়?

বর্জ্জনের তাৎপর্য্য শুধু ভাঙ্গা নয়—গড়বার জন্যে

ভাঙ্গা, এ কথা যেন আমরা না ভুলি। কাউন্সিল বর্জ্জন করতে চাই, সে কাউন্সিলের উপর স্বরাজের ভিত্তি পত্তন করা সম্ভব নয় বলেই। কাজেই যদি শুধু আমরা কাউন্সিল থেকে সরে দাঁড়ালে কাউন্সিল বন্ধ হয়ে না যায় এবং তার ধারা এমন বদল না হয় যে, তার উপর স্বরাজ গড়ে তোলা যায়, তা হলে শুধু আমরা জনকতক সরে দাঁড়িয়ে কি লাভ? তার চেয়ে সেই কাউন্সিলে ঢুকে তার বনেদ পর্য্যন্ত খুঁড়ে ফেলে সেই জায়গায় স্বরাজের ভিত গাঁথবার চেষ্টা কি অনেক ভাল নয়? আমি এই পথ ধরে কাউন্সিল বর্জ্জন করতে পরামর্শ দিই।

*   *   *   *

তা ছাড়া, গত দু'বছর কাউন্সিলের কাজ যে ভাবে চলেছে, তাতে আমার মনে হয়, অসহযোগীদের কাউন্সিলে প্রবেশ করা নিতান্ত দরকার হয়েছে। যে সব [illegible] কাউন্সিলে ঢুকেছেন, তাঁরা শাসনকর্ত্তাদের [illegible] ক্ষমতাকে আরও সুদৃঢ় করে তুলেছেন। [illegible] দেশের অর্থ এঁরা অন্যায় [illegible] জলের মত খরচ করছেন। ১৯১[illegible] খৃষ্টাব্দে গভর্ণমেন্টের মোট খরচ হয়েছিল ৭২ কোটি ৩৭ লক্ষ টাকা। ১৯২০ খৃষ্টাব্দে এই খরচ বৃদ্ধিপ্রাপ্ত হয়ে ১ শত ৩৮ কোটি হয়েছিল এবং এই নূতন কাউন্সিলের প্রথম বছরেই ১৯২১ খৃষ্টাব্দে গভর্ণমেন্ট ১ শত ৪৯ কোটি টাকা খরচ করেছেন। [illegible] সঞ্চিত ধন খরচ করলে [illegible] না। কিন্তু তা নয়, খরচ [illegible] নূতন ট্যাক্স ধার্য্য করে। [illegible] শত ও ঋণভারে জর্জ্জরিত। কিন্তু এই যে বিপুল ধনরাশি বছর বছর জলের মত খরচ হচ্ছে, তার কত অংশ দেশের প্রকৃত মঙ্গলকার্য্যে লাগান হচ্ছে? সামান্য, বাকী টাকার অধিকাংশ যুদ্ধবিভাগে, বড় বড় ইংরাজ সিভিলিয়ান কর্ম্মচারীদের বেতনে, পুলিসবিভাগে, বড় বড় ইমারত নির্ম্মাণে ও এমন সব কাজে ব্যয়িত হচ্ছে যে, দেশের লোক তাদের পক্ষে বিশেষ হিতকর মনে করে না।

এই অন্যায় খরচ বন্ধ করতে না পারলে, দেশের পরিণাম ভয়াবহ হয়ে উঠবে, দেশের যে সকল লোক কংগ্রেসের দিকে সতৃষ্ণ নয়নে চেয়ে আছে, তারা পশ্চাৎপদ হয়ে পড়বে, হয় ত বা নৈরাশ্যে অভিভূত হয়ে কংগ্রেস ছেড়ে সরকারের পক্ষ অবলম্বন করবে। অতএব গভর্ণমেন্টের এই উচ্ছৃঙ্খল অর্থনীতি রোধ করতেই হবে। অসহযোগী কংগ্রেসকর্ম্মিগণ কাউন্সিলে গেলে তাঁরা এই উদ্দেশ্য সফল করতে পারবেন। তাঁরা গভর্ণমেন্টের খরচের দাবী না-মঞ্জুর করতে পারবেন। তার পরেও যদি গভর্ণমেন্ট জোর করে ইচ্ছামত খরচ করেন বা নূতন ট্যাক্স বসান ত সে অন্যায়ের দায়িত্ব দেশের লোকে নিশ্চয়ই গভর্ণমেন্টের ঘাড়ে চাপাবে এবং তার প্রতীকার করা কঠিন হবে না। দেশশুদ্ধ লোক তখন কংগ্রেসের ইঙ্গিতমাত্রে চলবে, এবং সমগ্র দেশের সমবেত শক্তি শাসনযন্ত্রকে ভেঙ্গেচুরে নূতন করে দেশের প্রয়োজনের অনুরূপ করে তৈরী করে নেবে।

## শ্রমিক সমবায় গঠন

আর একটা কাজে জাতীয় মহাসমিতির মনোযোগ এখনই আকৃষ্ট হওয়া উচিত। শ্রমিক ও কৃষি সমবায়-গঠন কার্য্যে কালবিলম্ব না করে কংগ্রেসের হস্তক্ষেপ করা আবশ্যক। এই নিরন্ন শ্রমজীবী ও কৃষকের শক্তিই দেশের প্রধান শক্তি। এখন এই শক্তি বিচ্ছিন্ন, দুর্ব্বল। একে সমাহিত করা নিতান্ত দরকার। এরা জাতীয় মহাসমিতির মুখের দিকে চেয়ে রয়েছে। স্বরাজের আকাঙ্ক্ষাও এদের শিক্ষিত মধ্যবিত্ত শ্রেণীর অপেক্ষা কম নয়। ধনীর পীড়ন এদের উপর দিন দিন যেরূপ বেড়ে যাচ্ছে, তাতে এদের যদি

কংগ্রেস আশ্রয় না দেন, তবে প্রাণের দায়ে এরা স্বতন্ত্রভাবে দলবদ্ধ হ'বে ও আপন আপন শক্তি কেন্দ্রীভূত করবার জন্যে সংঘ গঠন ক'রে তুলবে। তখন কংগ্রেসের সঙ্গে তাদের যোগ ছিন্ন হয়ে যাবে এবং অন্য দেশের ন্যায় এ দেশেও দলে দলে বিরোধ বেধে উঠবে। সে বিরোধের সমন্বয় করা তখন সহজ হবে না। তাই বলি, আর কালক্ষয় না ক'রে কংগ্রেস তৎপর এ কাজে হস্তক্ষেপ করেন।

### আরব্ধ কর্ম্ম

আমাদের কর্ম্মপদ্ধতির গতিপরিবর্ত্তন সম্বন্ধে আমি যা বললাম, তা'তে এ কথা কেহ যেন মনে না করেন যে, কংগ্রেস যে সকল কাজে হাত দিয়েছেন ও এত দিন ধ'রে ক'রে আসছেন, সে সব কাজ আমি স্থগিদ রাখতে পরামর্শ দিচ্ছি। স্কুল, কলেজ, আদালত, বিদেশী দ্রব্য প্রভৃতি বর্জ্জনের জন্যে যে সব কাজ আমরা আরম্ভ করেছি, তা সমভাবেই করতে হ'বে। জাতীয় স্কুল-কলেজ যা প্রতিষ্ঠিত হয়েছে, তা বজায় রাখতে হ'বে, যেখানে সম্ভব, নূতন খুলতে হ'বে, সরকারী আদালত ছেড়ে নিজেদের পঞ্চায়েৎ স্থাপিত করতে হ'বে এবং যা'তে দেশের লোক পরমুখাপেক্ষী না থাকে, সে জন্য ঘরে ঘরে চরকা চালাতে ও খদ্দর তৈয়ারীর বন্দোবস্ত করতে হ'বে, এবং সর্ব্বোপরি বিভিন্ন জাতি ও সম্প্রদায়ের মধ্যে সদ্ভাব ও ঐক্য স্থায়িভাবে স্থাপনের জন্যে প্রাণপণ চেষ্টা করতে হ'বে।

### শেষ নিবেদন

আমার বক্তব্য শেষ হয়েছে; শুধু একটা কথা বলতে বাকী আছে। সে কথাটা হচ্ছে, স্বরাজের পথ বড় দুর্গম, কিন্তু আপনারা রক্তাক্ত-চরণে অন্ধকার ভেদ ক'রে সে পথে এত দূর অগ্রসর হয়েছেন যে, স্বরাজ প্রায় দৃষ্টির গোচর হয়ে এসেছে। অনেক আঘাত সহ্য করেছেন, অনেক নৈরাশ্য ভোগ করেছেন—এখনও হয় ত অনেক প্রহার আপনাদের মাথার উপরে সমুদ্যত হয়ে রয়েছে, কিন্তু এ কথা ভুলবেন না যে, নির্ভীকতা, সত্যনিষ্ঠা ও অধ্যবসায় আপনাদিগকে বিজয়লক্ষ্মীর রত্নসিংহাসনের নিকটবর্ত্তী করেছে, সেই সাহস, সত্যনিষ্ঠা ও অধ্যবসায় অক্ষুন্ন থাকলে অচিরেই স্বরাজ আপনাদের করতলগত হবে। আপনারা মনে রাখবেন, আপনারা যে যুদ্ধে আত্মনিয়োগ করেছেন, সে ধর্ম্মযুদ্ধ, সত্য ও ধর্ম্মই এ যুদ্ধের মন্ত্র। যদি সত্যভ্রষ্ট না হয়ে যুদ্ধজয় করতে পারেন, তবেই জয়লক্ষ্মী করতলগত হ'লেও আপনাদের হাত কখনও প্রভুত্বের কালিমায় কলঙ্কিত হবে না, তবেই ভারতের প্রাসাদে ও কুটীরে সমানভাবে স্বরাজের রত্নমন্দির প্রতিষ্ঠিত হবে। **বন্দে মাতরম্।**

শ্রীপঞ্চানন মজুমদার অনূদিত।

**সম্পূর্ণ**

বাঙ্গালীর গৌরব মুকুট

বিশ্ববিশ্রুতকীর্ত্তি—বাঙ্গালীজাতির গর্ব্ব, স্পর্দ্ধা, সম্পদ, অলঙ্কার-ভারতমাতার মুখোজ্জ্বলকারী সুসন্তান অমর মনীষীগণের

মহাজীবনী ও প্রতিভা-বিশ্লেষণী

# ভারত-প্রতিভা

যাঁহাদের নাম শ্রবণে—

মননে—স্মরণে—ধ্যানে বাঙ্গালী জাতীয়গৌরবে উদ্দীপিত—অনুপ্রাণিত হইয়া উঠে—যাঁহাদের প্রতিভা ও মনীষাপ্রভাবে বাঙ্গালী আজ জগতবাসীর নিকট আত্মপ্রতিষ্ঠালাভে সমর্থ হইয়াছে সেই মাতৃপূজার পুরোহিত—স্বনামধন্য অমরকীর্ত্তি প্রতিভার অবতারগণের জীবনী পাঠে দেশসেবায় তন্ময় হইয়া মাতৃপূজায় আত্মনিবেদন করুন!

কোন্ কোন্ মহাপুরুষগণের জীবনী প্রতিভা-বিশ্লেষণী

ভারত প্রতিভায় পাইবেন :—

১। ভগবান্ শ্রীশ্রীরামকৃষ্ণদেব ২ রাজা রামমোহন রায় ৩ মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ৪। ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন ৫ মহাত্মা বিজয়কৃষ্ণ গোস্বামী ৬। স্বামী বিবেকানন্দ ৭। প্রতাপচন্দ্র মজুমদার ৮। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ৯। [illegible] ১০। রামতনু লাহিড়ী ১১। রাজা রাধাকান্ত দেব ১২। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ১৩। ঈশ্বরচন্দ্র গুপ্ত ১৪। প্যারীচাঁদ মিত্র ১৫। মাইকেল মধুসূদন দত্ত ১৬। হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১৭। রমেশচন্দ্র দত্ত ১৮। যতীন্দ্রমোহন ঠাকুর ১৯। দ্বারকানাথ ঠাকুর ২০। শৌরীন্দ্রমোহন ঠাকুর ২১। প্রসন্নকুমার ঠাকুর ২২। গঙ্গাধর কবিরাজ ২৩ রামগোপাল ঘোষ ২৪। দীনবন্ধু মিত্র ২৫। কালীপ্রসন্ন সিংহ ২৬। ভূদেব মুখোপাধ্যায় ২৭ আবদুল লতিফ।

প্রত্যেক জীবনী হাফটোন চিত্রে সুশোভিত।

চরিত্রচিত্র পাঠ ও স্বরূপ চিত্র দর্শন একত্র হইবে।

এ্যান্টিকে ছাপা চিত্রে চিত্রে চিত্রময়—সুদৃশ্য সিল্কের

সুকোমল পাড় বাঁধাই মাত্র ২৲ দুই টাকায়।

বসুমতী-সাহিত্য-মন্দির—১৬৬ নং বহুবাজার ষ্ট্রীট।